




ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৭১ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com








JAGARAN ■ 71 Years ■ Issue-19 ■ 25 October, 2024 ■ আগরতলা ২৫ অক্টোবর, ২০২৪ ইং ■ ৮ কার্ত্তিক, ১৪৩১ বঙ্গাব্দ, শুক্রবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা


### ওড়িশা ও পশ্চিমবঙ্গ জুড়ে 'দানা'র হানা

## রাজ্যে মিশ্র প্রভাব, প্রশাসনের বাড়তি নজরদারি



*মনোমুগ্ধকর মেঘের পাহাড় রাজধানীর আগরতলার আকাশে। বৃহস্পতিবার দুপুরে এমনই ছবি ধরা পড়লো জাগরণের ক্যামেরার ল্যান্সে।*

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ অক্টোবর।।** বঙ্গোপসাগরে ক্রমশ শক্তি বৃদ্ধি করছে " দানা "। ইতিমধ্যেই শক্তিশালী ঘূর্ণিঝড়ের চেহারা নিয়েছে দানা। নিম্নচাপের প্রভাবে রাজ্যের বেশ কিছু অঞ্চলে বৃষ্টিপাত হয়েছে। পূর্বাভাস অনুযায়ী রাজধানীতেও বৃষ্টি হয়েছে।

আবহাওয়া দপ্তর থেকে দেওয়া পূর্বাভাস অনুযায়ী বৃহস্পতিবার সকাল থেকেই রাজধানীর আকাশ মেঘলা ছিল। দুপুর নাগাদ বেশ কিছুক্ষণ বৃষ্টি হয়েছে। পশ্চিম ও সিপাহিজলা জেলায় হলুদ সতর্কতা জারি করা হয়েছিল। সেই অনুপাতে এখনো তেমন ঝড় বৃষ্টি হয়নি। পশ্চিম জেলা ছাড়াও রাজ্যের আরো বেশ কয়েকটি জেলায় বৃষ্টিপাত হয়েছে। অন্যদিকে রাজ্যের কিছু জেলায় আকাশ ভারী হয়ে আছে, কিন্তু বৃষ্টির দেখা এখনও পাওয়া যায় নি।

মৌসম বিভাগ জানিয়েছে, আজ মধ্যরাত এবং শুক্রবার ভোরে উত্তর ওড়িশা এবং পশ্চিমবঙ্গ উপকূলে পুরী এবং সাগরদ্বীপের মধ্য দিয়ে সাইক্লোন অতিক্রম করতে পারে। ঝড়ের গতিবেগ হতে পারে ঘণ্টায় ১০০-১১০ কিমি। সর্বোচ্চ বেগ হতে পারে ঘণ্টায় ১২০ কিমি।

পশ্চিমবঙ্গের আবহাওয়া দপ্তর জানিয়েছে, আজ থেকে ২৯ অক্টোবর পর্যন্ত দক্ষিণবঙ্গের জেলাগুলিতে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। প্রবল বৃষ্টির সম্ভাবনায় দক্ষিণ ২৪ পরগনা, দুই মেদিনীপুরে লাল সতর্কতা জারি করা হয়েছে।

এদিকে, ঘূর্ণিঝড় দানার দাপটে হাওড়া শহর জুড়ে সকাল থেকেই শুরু হয়েছে বৃষ্টি ও ঝোড়ো বাতাস। এর ফলে শহরের জনজীবন ব্যাপকভাবে প্রভাবিত হয়েছে। যদিও হাওড়া স্টেশনের স্বাভাবিক কার্যক্রম বজায় আছে, তবে ঘূর্ণিঝড়ের কারণে বহু ট্রেন বাতিল করা হয়েছে, যা যাত্রীদের ভোগান্তির কারণ হয়েছে।

অন্যদিকে, হাওড়া ফেরিঘাটে ফেরি পরিষেবা সম্পূর্ণরূপে বন্ধ রাখা হয়েছে। হুগলি নদী জলপথ পরিবহন সংস্থার পক্ষ থেকে জানানো হয়েছে, খারাপ আবহাওয়ার কারণে আজ ২৪ অক্টোবর ও আগামীকাল ২৫ অক্টোবর ফেরি পরিষেবা বন্ধ থাকবে। যাত্রীদের নিরাপত্তার কথা মাথায় রেখেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে সংস্থার তরফ থেকে বিজ্ঞপ্তি জারি করা হয়েছে।

শহরের বিভিন্ন অংশে দানা"'র প্রভাবে বিদ্যুৎ সরবরাহেও সমস্যা দেখা দিতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে, এবং প্রশাসন পরিস্থিতি মোকাবিলায় সব ধরনের প্রস্তুতি নিয়েছে।

অপরদিকে, দুর্যোগের আশঙ্কা রয়েছে এমন জায়গাগুলি থেকে ৩ লাখ ৫৬ হাজার ৯৪১ জনকে চিহ্নিত করা হয়েছে। বৃহস্পতিবার নবান্নে সাংবাদিকদের বলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

এই সঙ্গে তিনি বেলা সাড়ে তিনটে নাগাদ জানান, যাঁদের চিহ্নিত করা হয়েছে, তাঁদের সকলে এখনও নিরাপদ স্থানে আশ্রয় নেননি।তখনও পর্যন্ত ১ লাখ ৫৯ হাজার ৮৩৭ জন নিরাপদ স্থানে আশ্রয় নিয়েছেন। পরবর্তীতে আরও বেশি সংখ্যক মানুষ নিরাপদ স্থানে আশ্রয় নিতে আসবেন। দুর্যোগ মোকাবিলায় ৮৫১টি শিবির চালানো হচ্ছে। বিভিন্ন ত্রাণ শিবিরে ৮৩ হাজার ৫৮৩ জন আশ্রয় নিয়েছেন।

এই সঙ্গে, কলকাতার 'পাম্পিং সিস্টেম' (নিকাশি ব্যবস্থা) আগের থেকে অনেক উন্নত হয়েছে বলে জানান মুখ্যমন্ত্রী। তবে তাঁর দাবি, জেলায় অনেক জায়গায় নির্মাণ কাজের জন্য নিকাশি নালার উপরেই বালি, পাথর ফেলে রাখা হয়। যার কারণে জল নিকাশি ব্যবস্থায় সমস্যা হয়। এই বিষয়টির দিকেও নজর রাখার পরামর্শ দেন মুখ্যমন্ত্রী।

## ভবিষ্যৎ প্রজন্মকে সুস্থ রাখতে সরকার আন্তরিক ঃ মুখ্যমন্ত্রী



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ অক্টোবর।।** আজকের ছাত্রছাত্রীরা আগামীদিনের ভবিষ্যৎ। এই ভবিষ্যৎ প্রজন্মকে সুস্থ রাখার জন্য সরকার আন্তরিক। রাজ্যে শূন্য থেকে ১৯ বছর বয়সের শিশু এবং কিশোর ও কিশোরীদের স্বাভাবিক বিকাশের লক্ষ্যেই মুখ্যমন্ত্রী মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব, সুস্থ কৈশোর অভিযানের সূচনা হয়েছে। আজ ধলাই জেলার আমবাসা টাউনহলে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা রাজ্যভিত্তিক মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব, সুস্থ কৈশোর অভিযান ৭.০ কর্মসূচির উদ্বোধন করে একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, স্বাস্থ্য যদি ঠিক না থাকে তাহলে ছাত্রছাত্রীদের স্বাভাবিক বিকাশ ব্যাহত হবে। শিশু এবং কিশোর কিশোরীরা যদি সুস্থ থাকে তবে তাদের পঠন পাঠনও সঠিকভাবে হবে।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা আরও বলেন, রাজ্যের ১১ লক্ষ ৩৬ হাজার শিশু এবং কিশোর ও কিশোরীদের এই অভিযানের আওতায় আনা হবে। গত বছর মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব, সুস্থ কৈশোর অভিযান ৬.০ কর্মসূচিতে ৯৭.৯৭ শতাংশ শিশু এবং কিশোর ও কিশোরীদের আনা হয়েছিল। এই অভিযানে ০-১৯ বছর বয়সী শিশু এবং কিশোর ও কিশোরীদের সুস্বাস্থ্য ১০০ শতাংশ সুনিশ্চিত করতে ক্রিমিনাশক ওষুধ, আয়রন ও ☛ ৬ এর পাতায় দেখুন

## জলের দাবিতে জাতীয় সড়ক অবরোধে আটকে পড়ে মুখ্যমন্ত্রীর কনভয়

**নিজস্ব প্রতিনিধি, আমবাসা, ২৪ অক্টোবর।।** পাহাড়ের তীব্র পানীয় জলের সমস্যার জন্য জাতীয় সড়ক অবরোধে বসে এলাকাবাসী। এদিকে অবরোধের ফলে আটকে পড়ে মুখ্যমন্ত্রীর কনভয়ের গাড়িগুলি। যদিও গাড়িতে তখন মুখ্যমন্ত্রী ছিলেন না। যদিও পরবর্তীতে প্রশাসনের আশ্বাসে প্রায় পাঁচ ঘন্টা পর অবরোধ মুক্ত হয় জাতীয় সড়ক। ঘটনা, বৃহস্পতিবার মুঙ্গিয়াকামি ব্লকের অধীন ৩৬ মাইল এলাকায় আসাম আগরতলা জাতীয় সড়কে।

প্রায় এক মাস ধরে ৩৬ মাইল এলাকার বিভিন্ন গ্রামের মানুষ পানীয় জলের অভাবে ভুগছিল। অভিযোগ, রাস্তার পাশে জলের সাপ্লাই পয়েন্ট থাকলেও জল দেওয়া হচ্ছেনা। দিনে দুইবার জল দেওয়ার কথা থাকলেও জল সরবরাহ করা হচ্ছিল না। ফলে এলাকার মানুষ পানীয় জলের সংকটে ভুগছিল। বাধ্য হয়ে বৃহস্পতিবার আসাম আগরতলা জাতীয় সড়ক অবরোধ করে। এদিকে ,অবরোধের কারনে ৩৬ মাইল এলাকায় জলের দাবিতে অবরোধ চলছিল তখনই মুখ্যমন্ত্রীর কনভয় আমবাসা যাচ্ছিলো। কিন্তু গাড়িতে মুখ্যমন্ত্রী ছিলেন না। অপরদিকে,, রাস্তার দুধারে প্রচুর সংখ্যায় যাত্রীবাহী গাড়ি সহ পণ্যবাহী লরি আটকে পরে।

পরবর্তী সময়ে খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে আসেন মহকুমা পুলিশ আধিকারিক পান্নালাল সেন, মুঙ্গিয়াকামি থানার ও সি গৌতম দেববর্মা, তেলিয়ামুড়া মহকুমা শাসক অফিসের ডিসিএম সহ অন্যান্য আধিকারিকগন। দীর্ঘ আলোচনার পর প্রশাসনের আশ্বাসে প্রায় পাচ ঘন্টা পর সড়ক অবরোধ প্রত্যাহার করে নেয় স্থানীয় এলাকাবাসী।

## শব্দ বাজি আটক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ অক্টোবর ।।** আলোর উৎসব দীপাবলীতে শব্দ দূষণ মোকাবিলায় প্রশাসন ততর রয়েছে। ৪০ হাজার টাকার শব্দ বাজি আটক করেছে আমতলী থানার পুলিশ।

পুলিশ সূত্রে খবর, বুধবার রাতে আমতলী থানার সেকেন্ড অফিসার মৃণাল পালের কাছে শব্দ বাজি মজুতের গোপন খবর ছিল। সেই খবরের ভিত্তিতেই তিনি এসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর গোপাল দাস এবং অন্যান্য পুলিশ কর্মীদের নিয়ে থানার সামনের নাকা পয়েন্টে উৎ পেতে বসেছিলেন। ওই সময় আগরতলায় মহারাজগঞ্জ বাজার থেকে আসা টিআর০৫এ১৭১৩ নম্বরের একটি গাড়িতে তল্লাশি চালিয়ে বিপুল পরিমাণে শব্দবাজি বাজেয়াপ্ত করতে সক্ষম হয়েছে পুলিশ। ☛ ৬ এর পাতায় দেখুন

## জনজাতিদের আবেগকে ব্যবহার করে তাঁদের ঠকিয়েছেন প্রদ্যোৎ ঃ বিরোধী দলনেতা



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ অক্টোবর।।** জনজাতিদের আবেগকে ব্যবহার করেছেন প্রদ্যোৎ কিশোর দেববর্মন। মানুষ তাঁর উপর অন্ধ বিশ্বাস করেছিলেন। কিন্তু মানুষকে ঠকিয়েছেন তিনি। দীর্ঘ ৬ বছর ধরে এই বিভিন্ন সময়ে বিভিন্ন বক্তব্যের মাধ্যমে প্রদ্যোৎ কিশোর জনজাতি মানুষ বিশেষ করে যুব সমাজের আবেগকে ব্যবহার করেছেন। বৃহস্পতিবার এমনভাবেই প্রদ্যোৎ কিশোর দেববর্মনের বিরুদ্ধে সুর চড়ালেন বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী।

তিনি আরো বলেন, দীর্ঘদিন ধরেই মানুষের আবেগকে ব্যবহার করে রাজনীতি করে যাচ্ছেন প্রদ্যোৎ। মানুষের ভরসা নষ্ট করেছেন তাই মানুষ এখন প্রশ্ন তুলেছেন তাঁর বিরুদ্ধে। তাই প্রদ্যোৎ এর সাজানো রাজনীতি নষ্ট হয়ে যাচ্ছে।

তাই সাধারণ মানুষের সামনে সত্য উন্মোচিত হওয়ায় প্রদ্যোৎ কিশোর আবোল তাবোল কথা বলেছেন, এটা তাঁর আর্তনাদ, এমনই দাবি করেন বিরোধী দলনেতা।

উল্লেখ্য, বুধবার নিজ সামাজিক মাধ্যমে লাইভে এসে বামেদের বিরুদ্ধে সুর চড়িয়েছেন প্রদ্যোৎ কিশোর দেববর্মন।

তিনি বলেন তিপরা মথা প্রার্থী দিলে বিরোধী দলনেতা জিততে পারতেন না। এছাড়াও একাধিকভাবে বামেদের আক্রমণ করেছেন প্রদ্যোৎ কিশোর। এরই পরিপ্রেক্ষিতে বিরোধী দলনেতা প্রদ্যোৎ কিশোরের বিরুদ্ধে সুর চড়িয়েছেন। তার বিরুদ্ধে জনজাতির আবেগ নিয়ে খেলার অভিযোগ তুলেছেন বিরোধী দলনেতা।

### দীপাবলি মেলা

## রাস্তা সংস্কারে নিম্নমানের কাজের অভিযোগ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ অক্টোবর ।।:** দীপাবলি মেলা উপলক্ষ্যে উদয়পুরে মাতাবাড়িতে জোরকদমে প্রস্তুতি চলছে। মন্দির নগরীকে সাজিয়ে তোলার লক্ষ্যে প্রশাসন কাজ করছে। কিন্তু, তাড়াহুড়োয় নিম্নমানের কাজ হচ্ছে বলে স্থানীয় জনগণ অভিযোগ করেছেন। ☛ ৬ এর পাতায় দেখুন

## বাড়ি থেকে লক্ষাধিক টাকার সামগ্রী চুরি

**নিজস্ব প্রতিনিধি, করিমগঞ্জ, ২৪ অক্টোবর।।** কদিন পরপর দু:সাহসিক চুরির ঘটনা ঘটে চলেছে আসামের করিমগঞ্জ শহর সহ শহরতলি এলাকায়। আসামের করিমগঞ্জ শহরের পুরাতন মিশন রোডের বাসিন্দা অমৃত দাসের বাসভবনে ঘটে গেল চুরির ঘটনা। এতে স্থানীয়দের মধ্যে আতঙ্কের সৃষ্টি হয়েছে।

গভীর রাতে ঘরের পিছন দিকের জানালার গ্রীল ভেঙে নিশিকুটুম্বরা ঘরে প্রবেশ করে। তারা পুরো ঘর তছনছ করে মূল্যবান সামগ্রী হাতিয়ে নিয়ে যায়। সবচেয়ে আশ্চর্যজনক বিষয় হচ্ছে যে ঘরের মালকিন বিছানায় থাকা সত্ত্বেও তিনি চুরি কান্ড সম্পর্কে কিছুই টের পাননি। এতেধারনা করা হচ্ছে যে চোরেরা কোনও ঘুমের স্প্রে ব্য বহার করেছিল। চোরেরা উক্ত কান্ডে প্রায় দুলক্ষ টাকার ☛ ৬ এর পাতায় দেখুন

### সাংবাদিক সম্মেলনে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী

## উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির উন্নয়নে কেন্দ্রীয় সরকার বিশেষ নজর দিয়ে কাজ করছে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ অক্টোবর।।** উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির উন্নয়নে কেন্দ্রীয় সরকার বিশেষ নজর দিয়ে কাজ করছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নির্দেশিত পথে এই লক্ষ্যে একের পর এক উদ্যোগ নেওয়া হচ্ছে। রাজ্যের উন্নয়ন নিয়ে মুখ্যমন্ত্রী প্রফেসর(ডা.) মানিক সাহার সঙ্গে কথা হয়েছে। আজ সন্ধ্যায় রাজ্য অতিথিশালায় এক সাংবাদিক সম্মেলনে কেন্দ্রীয় সড়ক পরিবহণ ও জাতীয় সড়ক প্রতিমন্ত্রী অজয় টামটা একথা বলেন। তিনি বলেন, আগামীদিনগুলিতে ত্রিপুরার রাস্তাঘাটের উন্নতি যাতে আরও ব্যাপকভাবে করা যায় সে লক্ষ্যে কাজ করা হচ্ছে।

সাংবাদিক সম্মেলনে কেন্দ্রীয় সড়ক পরিবহণ ও জাতীয় সড়ক প্রতিমন্ত্রী অজয় টামটা বলেন, ২০১৪ সালে নরেন্দ্র মোদির নেতৃত্বাধীন সরকার ক্ষমতাসীন হওয়ার পর সীমান্তবর্তী রাজ্যগুলির উন্নয়নের উপর বিশেষ নজর দেওয়া হচ্ছে। এই রাজ্যগুলির সড়ক, বিদ্যুৎ, জল, স্বাস্থ্য পরিষেবা ইত্যাদির উন্নয়নে অগ্রাধিকারের ভিত্তিতে কাজ হচ্ছে। তিনি বলেন, নিয়মিতভাবে কেন্দ্রীয় মন্ত্রীগণ উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলি সফর করছেন এবং উন্নয়নমূলক কাজকর্মের পর্যালোচনা করছেন। এতে যে সমস্ত বিষয়ে সমস্যা বা ঘাটতি থেকে যাচ্ছে সেগুলি সমাধান করা সহজ হচ্ছে। তিনি বলেন, আগে ত্রিপুরায় একটি জাতীয় সড়ক ছিল। এখন ৬টি জাতীয় সড়ক করা হয়েছে।

দক্ষিণ পূর্ব এশিয়ার করিডোর হিসেবে যাতে ত্রিপুরা পরিগণিত হতে পারে সে লক্ষ্যে বিভিন্ন প্রকল্প নেওয়া হচ্ছে। কেন্দ্রীয় সড়ক পরিবহণ ও জাতীয় সড়ক প্রতিমন্ত্রী অজয় টামটা বলেন, সাম্প্রতিক বন্যায় রাজ্যের যে সমস্ত সড়ক ক্ষতিগ্রস্ত হয়েছে সেগুলি মেরামত করার উদ্যোগ নেওয়া হয়েছে। রাজ্যে যে ৭৯৩ কিলোমিটার জাতীয় সড়ক রয়েছে তার মধ্যে ৭৫০ কিলোমিটার রাস্তার দেখাশুনার দায়িত্বই এনএইচআইডিসিএল করছে। তিনি বলেন, জাতীয় সড়কের যে অংশগুলি দুই লেন রয়েছে সেগুলি চার লেনে রূপান্তর করা হবে। এরজন্য বেশ কিছু রাস্তার ডিপিআর তৈরির কাজ চলছে। তিনি বলেন, ত্রিপুরায় যাতে মাল্টিলেভেল লজিস্টিক পার্ক গড়ে তোলা যায় সে লক্ষ্যে আলোচনা চলছে।

## গ্যাসের সিলিন্ডার ফেটে আগুনে পুড়ল ৩ দোকান

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ অক্টোবর ।।** রান্নার গ্যাসের সিলিন্ডার ফেটে আগুনে বর্ডার গোল চক্কর এলাকায় তিনটি দোকান পুড়ে ছাই হয়ে গেছে। দমকলের তিনটি ইঞ্জিনের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে এসেছে। স্থানীয়দের অভিযোগ, মিষ্টির দোকানের কর্মচারী রান্নার গ্যাসে সিলিন্ডার খোলা রেখে অন্যত্র চলে গেছিল। তাতেই, আগুন লেগেছে। ওই আগুনে একটি স্টেশনারি দোকান সহ দুইটি মিষ্টির দোকান পুড়ে ছাই হয়ে গেছে। এদিকে, খবর দমকলের তিনটি ইঞ্জিন ছুটে গিয়ে আগুন নিয়ন্ত্রণে এনেছে। কিন্তু, বর্ডার গোল চক্কর যাওয়ার পথে রাস্তার দুই ধারে বেআইনিভাবে লরি, টমটম দাঁড়িয়ে থাকার কারণে প্রচন্ড যানজটের কারণে এদিন দমকল বাহিনীকে ঘটনাস্থলে যেতে বেগ পেতে হয়েছে। স্টেশনারি দোকানের মালিক জানিয়েছেন, দোকানের জেরক্স মেশিন, ক্যামেরা, খাতা কলম সবকিছুই পুড়ে ছাই হয়ে গেছে।

## আটক মানব পাচারকারী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ অক্টোবর।।** এক বাংলাদেশী মানব পাচারকারীকে গ্রেপ্তার করেছে পুলিশ। তার নাম মোঃ রাহুল আমিন। বাড়ি বাংলাদেশের কুমিল্লা জেলায়। তার বিরুদ্ধে নির্দিষ্ট ধারায় মামলা গৃহীত হয়েছে।

গোপন খবরের ভিত্তিতে আগরতলা জিআরপি থানা পুলিশ মানব পাচার মামলার সঙ্গে যুক্ত থাকার অভিযোগে বাংলাদেশী মানব পাচারকারীকে গ্রেফতার করেছে।

ইউএনসি নগর ১০ নং গেইটের নিকট থেকে তাকে আটক করা হয়। আগরতলা জিআরপি থানা, ৮১নং বিএসএফ এবং সোনামুড়া থানা মিলে এই অভিযানটি সংঘটিত করেছে। সে অনেক দিন ধরে অনেক বাংলাদেশী নাগরিকদের অবৈধভাবে সীমান্তের এপারে পাঠিয়েছে। সুনির্দিষ্ট খবরের ভিত্তিতে গতকাল রাতে অভিযান চালিয়ে ☛ ৬ এর পাতায় দেখুন

## চাকুরীর দাবিতে মহকুমা শাসকের নিকট ডেপুটেশন দিল সোনামুড়া যুব কংগ্রেস




**নিজস্ব প্রতিনিধি, সোনামুড়া, ২৪ অক্টোবর ।।** চাকুরীর দাবিতে ডেপুটেশন প্রদান করল সোনামুড়া যুব কংগ্রেস।

নেশা নয় চাকুরী চাই, এই স্লোগান তুলে সোনামুড়া যুব কংগ্রেস এই ডেপুটেশন প্রদান করেছে বৃহস্পতিবার। এদিন যুব কংগ্রেসের একটি প্রতিনিধি দল সোনামুড়া মহকুমা অতিরিক্ত মহকুমা শাসক রূপন দাসের কাছে ডেপুটেশন প্রদান করেন।

ডেপুটেশনের পর প্রতিনিধি দলের উপস্থিত প্রদেশ যুব কংগ্রেস সভাপতি ☛ ৬ এর পাতায় দেখুন

জাগরণ আগরতলা ২৫ অক্টোবর ২০২৪ ইং
৮ কার্ত্তিক, শুক্রবার, ১৪৩১ বঙ্গাব্দ

## রাজ্যের মর্যাদা ফিরিয়া পাইবে জম্মু-কাশ্মীর

জম্মু-কাশ্মীর ভারতের অবিচ্ছেদ্য অঙ্গ। জম্মু-কাশ্মীরে শান্তি বিঘ্নিত করিবার জন্য প্রতিবেশী রাষ্ট্র পাকিস্তান প্রতিনিয়ত প্রচেষ্টা চালাইয়া যাইতেছে। ভারত সরকার এবং ভারতীয় জনগণ পাকিস্তানের যে কোন আগ্রাসনের বিরুদ্ধে প্রতিবাদে সোচ্চার হইতে প্রস্তুত রহিয়াছে। বর্তমান কেন্দ্রীয় সরকার এই ইস্যুতে অবস্থান স্পষ্ট করিয়াছে। দল মতের ঊর্ধে উঠিয়া প্রতিবেশী রাষ্ট্রের আগ্রাসন প্রতিহত করিতে বদ্ধপরিকর দেশবাসী। দেশের অখন্ডতা ও সার্বভৌমত্ব রক্ষা করিবার জন্য বহু সেনা আত্ম বলিদান দিয়াছেন। অতি সম্প্রতি গণতান্ত্রিক উপায়ে জনগণের ভোটে জম্মু-কাশ্মীরে সরকার গঠিত হইয়াছে। বিজেপি জম্মু-কাশ্মীরে আশানুরূপ ফলাফল করিতে না পারিলেও গণতান্ত্রিক উপায়ে গঠিত সরকারকে সব ধরনের সহযোগিতা করিতে কেন্দ্রীয় সরকার অঙ্গীকারবদ্ধ। ইতিমধ্যে কেন্দ্রীয় সরকার তাহাদের অবস্থান স্পষ্ট করিয়াছে।

জম্মু-কাশ্মীরকে রাজ্যের মর্যাদা ফিরাইয়া দেওয়ার কথা ভাবিতেছে কেন্দ্র। দেশের স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের সঙ্গে দেখা করিয়াছেন জম্মু-কাশ্মীরের মুখ্যমন্ত্রী ওমর আবদুল্লা। সেই আলোচনাতেই স্বরাষ্ট্রমন্ত্রক সূত্রে এমন আশ্বাস মিলিয়াছে বলিয়া সূত্রের খবর। মিটিংয়ে অমিত শাহ আশ্বাস দিয়াছেন কাশ্মীরের নতুন নির্বাচিত সরকারকে সম্পূর্ণ সহযোগিতা করিবে কেন্দ্র।ওমর আবদুল্লা ও অমিত শাহের মধ্যে সৌহার্দ্যপূর্ণ পরিবেশে আধ ঘণ্টার মিটিং হইয়াছে। সেখানেই ওমর আবদুল্লার সরকারকে সবরকম সাহায্য করিবার আশ্বাস দিয়াছেন শাহ। জম্মু-কাশ্মীরের রাজ্যের মর্যাদা ফিরাইয়া দেওয়ার জন্যও শাহ কাজ শুরুর আশ্বাস দিয়াছেন । বছর পাঁচেক আগে জম্মু-কাশ্মীরকে কেন্দ্রশাসিত অঞ্চলে বদলাইয়া দিয়াছিল কেন্দ্র। তারপরে এই বছরেই প্রথম বিধানসভা নির্বাচন হইয়াছে জম্মু-কাশ্মীরে। ভোটে জিতিয়া ক্ষমতায় আসিয়াছে ওমর আবদুল্লার ন্যাশনাল কনফারেন্স। তারপরেই গত সপ্তাহে জম্মু-কাশ্মীরের মন্ত্রিসভা রাজ্যের মর্যাদা ফেরানোর দাবিতে একটি রেজোলিউশন পাশ করিয়াছে।

এরই মধ্যে প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করিবার কথা ওমর আবদুল্লার। তাঁহার হাতে রেজোলিউশনের কপি তুলিয়া দেওয়ার কথা। শুধু রাজ্যের মর্যাদা ফেরানোই নয়, উপত্যকার বাসিন্দাদের পরিচিতি এবং সাংবিধানিক অধিকার রক্ষার দাবিও তোলা হইয়াছে ওই রেজোলিউশনে। আশা করা যাইতেছে শীঘ্রই জম্মু-কাশ্মীরকে রাজ্যের মর্যাদা ফিরাইয়া দিবে কেন্দ্রীয় সরকার।

## স্থলভাগের আরও কাছে দানা, বৃহস্পতিবার দিনভর বৃষ্টি দক্ষিণবঙ্গের একাধিক জেলায়

কলকাতা, ২৪ অক্টোবর (হি.স.): ধীরে ধীরে সাগরের উপর দিয়ে স্থলভাগের দিকে এগিয়ে আসছে ঘূর্ণিঝড় 'দানা'। বৃহস্পতিবার মধ্যরাত থেকে শুক্রবার সকালের মধ্যে এটি তীব্র ঘূর্ণিঝড় হিসেবে ওড়িশা উপকূলে ল্যান্ডফল করবে। ভিতরকণিকা ও ধামারার কাছে ল্যান্ডফল করার প্রবল সম্ভাবনা। এর প্রভাব থাকবে পুরী থেকে সাগরদ্বীপ পর্যন্ত। ল্যান্ডফলের সময় এর গতিবেগ ঘণ্টায় সর্বোচ্চ ১২০ কিলোমিটার পর্যন্ত হতে পারে। বৃহস্পতিবার দুই মেদিনীপুর, দক্ষিণ ২৪ পরগণায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির জন্য লাল সতর্কতা জারি করা হয়েছে। কলকাতা, হাওড়া, হুগলি, উত্তর ২৪ পরগনা, ঝাড়গ্রামে ভারী থেকে অতি ভারী বৃষ্টির জন্য কমলা সতর্কতা জারি করা হয়েছে। দক্ষিণবঙ্গের বাকি জেলায় ভারী বৃষ্টির হলুদ সতর্কতা জারি করা হয়েছে।

## বিশ্ব পোলিয়ো দিবসে পোলিয়োমুক্ত সমাজ গড়ার আবেদন মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী মোহন যাদবের

ভোপাল, ২৪ অক্টোবর (হি.স.): বৃহস্পতিবার বিশ্ব পোলিয়ো দিবস। প্রতি বছর ২৪ অক্টোবর বিশ্ব পোলিয়ো দিবস পালিত হয়। এই দিবস উপলক্ষ্যে মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী মোহন যাদব জানিয়েছেন, "বিশ্ব পোলিয়ো দিবস" উপলক্ষে পোলিয়ো মুক্ত সমাজ গড়তে আমি সকলের অক্লান্ত পরিশ্রমের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করছি। আসুন আমরা বাচ্চাদের নিয়মিত পোলিয়ো টিকা দিতে যেন না ভুলি।

উল্লেখ্য, পোলিয়ো একটি গুরুতর রোগ যা বেশিরভাগই ৫ বছরের কম বয়সী শিশুদের মধ্যে লক্ষ্য করা যায়। তাই এই বিশেষ দিনে পোলিয়ো টিকাদানের গুরুত্ব সম্পর্কে সচেতনতা বাড়ানো হয় এবং পোলিয়ো নির্মূলে প্রচার করা হয়। বিশ্ব পোলিয়ো দিবস উপলক্ষে মুখ্যমন্ত্রী ডঃ যাদব শিশুদের নিয়মিত পোলিয়ো ডোজ দেওয়ার জন্য জনগণের কাছে আবেদন করেছেন।

## বাবা সিদ্দিকী হত্যাকাণ্ডে গ্রেফতার আরও ৩, ধৃত বেড়ে ১৪

মুম্বই, ২৪ অক্টোবর (হি.স.): বাবা সিদ্দিকীর হত্যা মামলায় পুলিশের জালে আরও তিন। জানা যাচ্ছে, মুম্বই পুলিশ বুধবার গভীর রাতে পুণেতে অভিযান চালিয়ে বাবা সিদ্দিকী হত্যাকাণ্ডে অভিযুক্ত রূপেশ রাজেন্দ্র মোহল, করণ রাহুল সালভে এবং শিবম অরবিন্দ কোহরকে গ্রেফতার করেছে। তিনজনই পুণের বাসিন্দা।

উল্লেখ্য, হরিয়ানার কৈথাল এলাকার বাসিন্দা বছর ২৯-এর অমিত হিসামসিং কুমারকে বুধবারই গ্রেফতার করেছিল পুলিশ। এই নিয়ে মোট ১৪ জনকে গ্রেফতার করেছে পুলিশ।

প্রসঙ্গত, গত ১২ অক্টোবর মুম্বইয়ের বান্দ্রায় বিধায়ক জিশান সিদ্দিকির দফতরের সামনে খুন হন বাবা সিদ্দিকি। দশেরার অনুষ্ঠানে বাজি ফাটানোর সময় সিদ্দিকিকে গুলি করা হয়। হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসকরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন।

## পুলওয়ামায় সন্ত্রাসবাদীদের গুলিতে আহত উত্তর প্রদেশের যুবক, জারি জঙ্গিদের খোঁজে তল্লাশি

পুলওয়ামা, ২৪ অক্টোবর (হি.স.): বৃহস্পতিবার সকালে পুলওয়ামা জেলার ত্রালের বাটাগুন্ড গ্রামে এক ১৯ বছরের যুবক সন্ত্রাসবাদীদের গুলিতে আহত হয়েছেন। আহত যুবকের নাম শুভম কুমার। জানা গেছে, তিনি উত্তর প্রদেশের বাসিন্দা।

নিরাপত্তা বাহিনীর এক আধিকারিক জানিয়েছেন, ওই যুবকের হাতে গুলি লেগেছে। তাঁকে ত্রালের একটি নিকটবর্তী হাসপাতালে ভর্তি করা হয়েছে। এখন তাঁর অবস্থা স্থিতিশীল বলে জানা গেছে।

উল্লেখ্য, এই ঘটনার পর নিরাপত্তা বাহিনীর জওয়ানরা এলাকাটি ঘিরে ফেলে তল্লাশি অভিযান শুরু করেছে। তবে এখনও পর্যন্ত কাউকে আটক করা যায়নি বলে জানা যাচ্ছে।

# প্রধানমন্ত্রী ইন্টার্নশিপ স্কিম 'করার মাধ্যমে শিক্ষা'র গণতান্ত্রিকতা

ভি. অনন্ত নাগেশ্বরণ এবং দীক্ষা সুপিয়াল বিস্ত

ভারতের একটি 'গ-শ্রেণীর' শহরের রাজ্যিক-বিশ্ববিদ্যালয়ের কলেজ থেকে বাণিজ্যে স্নাতক হওয়া রিনা নামে এক মেয়ের কথা ভাবুন। তার কলেজে কোনো প্লেসমেন্ট সেল নেই, এবং তাঁর অসাধারণ একাডেমিক ফলাফল থাকা সত্ত্বেও, তার শিক্ষার পরবর্তী অপশন বা বিকল্পগুলো সীমিতঊ এই অপশনগুলোতে আছে শুধু সরকারি চাকরির পরীক্ষার প্রস্তুতি বা পাশের কোনো স্কুলে পড়ানো (যার প্রতি তাঁর আগ্রহ থাকুক বা নাই থাকুক), অথবা বিয়ে করাঊ সামগ্রিকভাবে দেখতে গেলে, ভারতের যুব অংশের এক-তৃতীয়াংশ (১৫-২৯ বছর বয়সী) এবং তাদের মধ্যে যুবতীদের ক্ষেত্রে অর্ধেকের বেশিই কোনোরকম কিছু শেখা, কর্মসংস্থান বা প্রশিক্ষণে নিযুক্ত নয় (https-ùùtinyurlƒcomùyd675u5j)। এর পাশাপাশি, ভারতের একটি বড় অংশের যুবক-যুবতী বড় শহর থেকে এতটাই দূরবর্তী এলাকায় থাকেন যে, কোনো বেসরকারি কোম্পানি তাদেরকে নিয়োগ করতে পারে না। এই প্রেক্ষাপটে, সম্প্রতি চালু হওয়া প্রধানমন্ত্রী ইন্টার্নশিপ স্কিম সরকারের যুব ক্ষমতায়নের প্রতিশ্রুতির মাধ্যমে বাজার-কেন্দ্রিক এবং যুব-প্রভাবিত একটি সমাধান নিয়ে এসেছে। প্রধানমন্ত্রী ইন্টার্নশিপ স্কিম-এর মাধ্যমে একটি নির্দিষ্ট যুবগোষ্ঠীকে প্রথম সারির ৫০০টি কোম্পানিতে ১২ মাসের ইন্টার্নশিপের সুযোগ দেওয়ার জন্য পরিকল্পিত করা হয়েছে। ২১-২৪ বছর বয়সী, নিম্ন আয়ের পরিবারের সদস্য এবং শিক্ষাগত যোগ্যতা ম্যাট্রিকুলেট থেকে স্নাতক (আইএইটি গ্র্যাজুয়েটস, সিএ ইত্যাদি বাদে) পর্যন্ত এর আওতায় আসে। এই স্কিমে প্রতি মাসে ৫০০০ টাকা করে বৃত্তি দেওয়া হবে, যার মধ্যে সরকার ৪৫০০ টাকা এবং কোম্পানি ৫০০ টাকা প্রদান করবেঊ এছাড়া আরও ৬০০০ টাকা অন্যান্য খরচের জন্য দেওয়া হবে। প্রকল্পটর পরীক্ষামূলক সূচনা পর্যায়ে ২০২৪



সালে ১.২৫ লক্ষ যুবক-যুবতীকে এই সুযোগ দেওয়ার লক্ষ্য নেওয়া হয়েছে। আর, পাঁচ বছরের মধ্যে এক কোটি যুবক-যুবতীকে ইন্টার্নশিপ সুবিধা দেওয়ার লক্ষ্যমাত্রা রয়েছে। কোম্পানিগুলি তাদের সিএসআর তহবিলকেও এই স্কিমের অধীনে খরচ করতে পারবে। ইন্টার্নশিপ পদ্ধতিকে দীর্ঘদিন ধরেই তরুণ প্রার্থীদের এবং নিয়োগকারীদের মধ্যে একটি পারস্পরিক উপকারী ব্যবস্থাপনা হিসেবে বিবেচনা করা হচ্ছে। শিক্ষাবিদ, শিক্ষা গবেষক এবং শিক্ষণ বিজ্ঞানীরা কর্ম-ভিত্তিক শিক্ষার গুরুত্বকে স্বীকৃতি দিয়েছেন। ডেভিড কোলবস, জন ডিউই, কার্ট লুই এবং অন্য পণ্ডিতরা প্রচলিত শিক্ষার অংশ হিসেবে এ ধরনের অভিজ্ঞতামূলক ব্যবহারিক শিক্ষার প্রয়োজনীয়তা প্রমাণ করেছেন। এই ইন্টার্নশিপ পদ্ধতি যোগাযোগ, সহযোগিতা, সৃজনশীলতা এবং সমালোচনামূলক চিন্তাভাবনার মতো দক্ষতাকে শাণিত করে।



প্রধানমন্ত্রী ইন্টার্নশিপ স্কিম'র অধীনে ইন্টার্নশিপ করাটা তরুণ প্রার্থীদের জন্য শুধুমাত্র একটি সুযোগই নয়, বরঞ্চ এ এক রূপান্তরকারী অভিজ্ঞতা। এটি তাদেরকে কর্পোরেট কাজের বাস্তবতার সঙ্গে পরিচিতি প্রদান করে, যা দেশের বেশিরভাগ কলেজে পড়ানো পদ্ধতিগত ও স্থিতিশীল শিক্ষাজগত থেকে সম্পূর্ণ ভিন্ন। এই অভিজ্ঞতা থেকে প্রার্থীরা শুধু তাদের কর্মজীবনের সর্বোত্তম পথ খুঁজে পায় না, বরং দায়িত্ব পালন, সমস্যা সমাধান, সিদ্ধান্ত নেওয়া, দলগত কাজ এবং সময়-ব্যবস্থাপনার মতো দক্ষতাও অর্জন করতে পারে। এই ইন্টার্নশিপ কর্মজীবনে প্রবেশের ক্ষেত্রে অনেক রকমের সমস্যার সমাধান করে দেয়ঊ এইসব বিভিন্ন সমস্যা ছোট শহর এবং গ্রামের প্রতিভাবান, সৎ এবং নিবেদিত যুবক-যুবতীদের সামনে চ্যালেঞ্জের মতঊ যেগুলোর মধ্যে আছে বিভিন্ন সফট স্কিলসযেমন সাবলীল ভাবে ইংরেজিতে কথা বলা, ইমেল পাঠানোর ক্ষেত্রে শিষ্টাচার, কম্পিউটারের বিভিন্ন ব্যবহার, এমএস- অফিস সফটওয়্যারের কাজ অথবা ইন্টারনেটে নির্ভরযোগ্য এবং সবচেয়ে প্রাসঙ্গিক তথ্য খোঁজার মতো বিভিন্ন প্রাথমিক দক্ষতার বিষয়। ভারতের বিভিন্ন প্রথম সারির প্রধান প্রতিষ্ঠানগুলোতে এবং পেশাদার কোর্সে ইন্টার্নশিপ একটি সাধারণ ঘটনা হলেও, বিভিন্ন রাজ্যিক বিশ্ববিদ্যালয় এবং কম পরিচিত কলেজগুলিতে, যেখানে বেশিরভাগ যুবক- যুবতীরা পড়াশোনা করে, সেখানে এই ইন্টার্নশিপ অনেকটাই অস্বাভাবিক এবং এর সুযোগ প্রায় নেই। এর কারণ হলো ক্যারিয়ার কাউন্সেলিং এবং চাকরির ভিত্তিতে নেটওয়ার্কিংয়ের অভাব। প্রধানমন্ত্রী ইন্টার্নশিপ স্কিম-এর মাধ্যমে ব্যাপক ভাবে হওয়া ইন্টার্নশিপ তাই ছোট শহরের তরুণ-তরুণী ও যুবক- যুবতীদের জন্য সমান সুযোগ তৈরি করে এবং সম্ভাব্য নিয়োগের জন্য দরজা খুলে দেয়। তাছাড়া এই পদ্ধতি ব্যক্তিগত ক্ষেত্রেও নতুন পাওয়া আর্থিক স্বাধীনতার জন্য আত্মবিশ্বাস বাড়ায় এবং যুব অংশকে উন্নতি করার জন্য এবং উচ্চ কোনো লক্ষ্য স্থাপন করার জন্য উদ্বুদ্ধ করে। তাছাড়া তরুণীদের ক্ষেত্রে আর্থিক স্বাধীনতা এবং আত্মমর্যাদার অনুভূতি তাঁদের বিয়ের বয়স এবং বিয়ের ক্ষেত্রে বিভিন্ন শর্তাবলী নিয়ে সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে পরিবর্তন নিয়ে আসতে পারে।

অন্যদিকে নিয়োগকর্তার দিক দিয়ে দেখলে, এই ইন্টার্নশিপ শুধুমাত্র দীর্ঘমেয়াদী কর্মসংস্থানের জন্য একজন প্রার্থীর উপযুক্ততা পরীক্ষা করার জন্য ভাল ও কম খরচের পরীক্ষা- নিরীক্ষার বিষয়ই নয়, বরঞ্চ দক্ষতার ঘাটতি কমাতে এবং তাদের সিএসআর'র কাজকর্মের বাধ্যবাধকতা পূরণের জন্য একটি কৌশলগত হাতিয়ারও। ওই সংস্থা এক বছর ধরে একজন ইন্টার্নের আই.কিউ. বা বুদ্ধিমত্তা এবং ই.কিউ. বা আবেগগত বুদ্ধিমত্তা পর্যবেক্ষণ করতে পারে এবং 'মনোভাবের ভিত্তিতে কর্মী নিয়োগ করা এবং দক্ষতা উন্নয়নের জন্য প্রশিক্ষণ দেওয়া'এই কৌশলটি আত্মবিশ্বাসের সঙ্গে ব্যবহার করতে পারে। এটি বোঝায় যে, কোম্পানিগুলি তাদের কর্মীদের মানসিকতা ও ব্যক্তিত্বকে গুরুত্ব দেয় এবং পরবর্তীতে তাদের দক্ষতা উন্নয়নে সাহায্য করে।

বৃহৎ অর্থনীতির জন্য, "প্রধানমন্ত্রী ইন্টার্নশিপ স্কিম" জাতীয় শিক্ষানীতি-২০২০-এর সাথে সামঞ্জস্যপূর্ণ এবং এটি তরুণদের কর্মসংস্থানকে প্রবর্তন করার একটি তাৎক্ষণিক ব্যবস্থা, যা সুবিধাবঞ্চিত এলাকাগুলো থেকে আসা যুবক-যুবতীদের কর্মসংস্থানের সম্ভাবনায় সমতা আনতে সহায়তা করে। দীর্ঘমেয়াদে, এটি উৎপাদন খাতে পুঁজি-শ্রম অনুপাতকেও প্রভাবিত করতে পারে। তবে বিভিন্ন কোম্পানিতে অনেক ইন্টার্নকে শারীরিকভাবে রাখার ক্ষেত্রে কিছু সমস্যা রয়েছেঊ শীর্ষ ৫০০ কোম্পানিকে "খ-শ্রেণীর" ও "গ-শশ্রেণীর" শহর থেকে ইন্টার্নকে এনে নিয়োগ দিতে রাজি করানো এবং একজন প্রার্থী তার শহর ছেড়ে যেতে চাইলে এই ক্ষেত্রে মাসিক ভাতা যথেষ্ট কি না, এই বিষয়গুলো নিয়ে কিছু সমস্যা রয়ে গেছে। সেইসব ক্ষেত্রে দূর থেকে কাজ করা, অ-মেট্রো শহরের অফিস ও কারখানায় তাদেরকে নিয়োগ দেওয়া, এবং কোম্পানি থেকে অতিরিক্ত ভাতা দেওয়ার ব্যবস্থা করা, এগুলো সমাধান হতে পারে। "প্রধানমন্ত্রী ইন্টার্নশিপ স্কিম" তাই কর্মসংস্থান সৃষ্টির জন্য একটি অনুঘটক, যার জন্য ব্যাপক প্রচার এবং নিখুঁত বাস্তবায়নের প্রয়োজন। স্কিমটি ভারতীয় যুবক-যুবতীদের দক্ষতা বাড়াতে, তাদের কর্মসংস্থানের সম্ভাবনা বৃদ্ধি করতে এবং তাদের জীবিকা উন্নত করার চূড়ান্ত লক্ষ্য অর্জনে ইতিমধ্যেই ব্যাপক আগ্রহ অর্জন করেছে। *(ভি. অনন্ত নাগেশ্বরণ ভারতের সরকারের প্রধান অর্থনৈতিক উপদেষ্টা। দীক্ষা সুপিয়াল বিস্ত ভারতীয় অর্থনৈতিক পরিষেবার একজন কর্মকর্তা। প্রবন্ধে মতামত তাদের ব্যক্তিগত।).*

# এক অন্য বাঙালির কথা

অনৈতিকতায় কলুষিত বাঙালি সমাজে কোনও দিন নিজেকে খাপ খাওয়াতে পারেননি বিদ্যাসাগর। তিনি সম্পূর্ণ বিপরীত চরিত্রের মানুষ ছিলেন। "...তিনি নিজের মধ্যে যে এক অকৃত্রিম মনুষ্যত্ব সর্বদাই অনুভব করিতেন, চারিদিকের জনমণ্ডলীর মধ্যে তাহার আভাস দেখিতে পান নাই।" তথাকথিত সভ্য এবং শিক্ষিত বাঙালির কদর্য আচরণে তিনি অতিষ্ঠ হয়ে উঠেছিলেন।

জীবনের শেষ ভাগে তিনি স্বাস্থ্য উদ্ধারের জন্য মাঝেমাঝেই কর্মাটাঁড়ে গিয়ে থাকতেন। সেখানে নিরক্ষর সাঁওতালদের স্বাভবচরিত্রে, আচার-ব্যবহারে মুগ্ধ তিনি বলতেন, "পূর্বে বড় মানুষদের সঙ্গে আলাপ হইলে বড় আনন্দ হইত, কিন্তু এখন তাঁহাদের সহিত আলাপ করিতে প্রবৃত্তি হয় না। সাঁওতালদের সহিত আলাপে আমার প্রীতি।"

অতিরিক্ত পরিশ্রমের ফলে বিদ্যাসাগর মাঝেমাঝে অসুস্থ হয়ে পড়তেন। কোনও নির্জনে স্বাস্থ্যকর স্থানে অবসর যাপনের জন্য একটি স্থায়ী বাসস্থানের অত্যন্ত প্রয়োজন হয়ে পড়েছিল। তাই জামতাড়া ও মধুপুরের মধ্যবর্তী কর্মাটাঁড় (বর্তমান নাম বিদ্যাসাগর) রেল স্টেশনের খুব কাছে বনজঙ্গল ঘেরা শান্ত স্নিগ্ধ পরিবেশে বিদ্যাসাগর একটি জরাজীর্ণ বাড়িসমেত চার-পাঁচ বিঘা জমি ক্রয় করেন। ১৮৭১-৭২ সালে সেই বাড়ি ভেঙে তিনি নিজের পছন্দমত একটি বাড়ি তৈরি করেন। বাড়ির নাম "নন্দন কানন"। বাড়ির চার পাশের জমিতে বাগান করেছিলেন। নানা রকম ফুল ও ফলের গাছ লাগিয়ে বাগানটিকে সুন্দর করে গড়ে তোলার জন্য তিনি ও তাঁর নিযুক্ত সহকারী অভিরাম মণ্ডল অনেক পরিশ্রম করেছেন। অভিরাম নিজের স্বভাবগুণেই বিদ্যাসাগরের প্রিয়পাত্র। অভিরামের প্রতি তাঁর বিশ্বাস এতই প্রবল যে, কর্মাটাঁড়ের লোকেদের মাসোহারার টাকা, জামাকাপড় তিনি অভিরামের কাছে পাঠাতেন। সাঁওতালরা বিদ্যাসাগরের বাগানে মজুরের কাজ করতে আসতেন। সেখানে মজুরির হার যা ছিল, দৈনিক মাথাপিছু দু'আনা, বিদ্যাসাগর তার চেয়ে বেশি হারে মজুরি দিতেন, দৈনিক চার আনা। এই প্রস্তাব মজুরদের কাছে একেবারেই বিশ্বাসযোগ্য বলে মনে হল না, ভাবলেন, বিদ্যাসাগর তাঁদের সঙ্গে রসিকতা করছেন। অনেক বুঝিয়ে-সুজিয়ে বিশ্বাস করানো গেলে তাঁরা সবাই কাজ শুরু করলেন। দুপুরবেলা প্রবল ঝড়বৃষ্টি আরম্ভ হল। বিদ্যাসাগর বার বার তাঁদের কাজ ছেড়ে চলে আসতে বললেন। কিন্তু তাঁরা কর্ণপাত করলেন না। বললেন, পুরো কাজ না করলে তাঁরা পুরো মজুরি পাবেন না। বিদ্যাসাগর আশ্বস্ত করে বললেন, তিনি মজুরির এক পয়সাও কাটবেন না। তখন তাঁরা কাজ ছেড়ে বাড়ির মধ্যে চলে এলেন। বিদ্যাসাগর প্রত্যেককে পুরো মজুরি দিলেন। বিদ্যাসাগর হ্যানেম্যানের হোমিয়োপ্যাথি অনুসরণ করে চিকিৎসা করতেন। দীর্ঘকালের অনুসন্ধান, অনুশীলন এবং অভিজ্ঞতায় সমৃদ্ধ হয়ে তিনি এক জন দক্ষ চিকিৎসক হয়ে উঠেছিলেন। তিনি যখন কর্মাটাঁড়ে যেতেন, তখন সঙ্গে নিয়ে যেতেন প্রচুর পরিমাণে হোমিয়োপ্যাথি ওষুধ এবং রোগীদের ওষুধ দেওয়ার জন্য অসংখ্য খালি শিশি। বিদ্যাসাগর ভোর থেকে অসুস্থ সাঁওতালদের চিকিৎসা করতেন, পথ্যের জন্য সাবু, বাতাসা, মিছরি ইত্যাদি দিতেন, প্রয়োজন হলে সেবা-শুশ্রূষাও করতেন।

এক বার হরপ্রসাদ শাস্ত্রী লখনউ যাওয়ার পথে কর্মাটাঁড়ে বিদ্যাসাগরের বাড়িতে গিয়েছেন। তখন দুপুরবেলা। দেখেন, বিদ্যাসাগর বাড়িতে নেই। "কিছুক্ষণ পরে দেখি, বিদ্যাসাগর মহাশয় একটা আল-পথে হনহনকরিয়া আসিতেছেন, দর্দর্ করিয়া ঘাম পড়িতেছে, হাতে একটা পাথরের বাটি।... বলিলেন ওরে, খানিকক্ষণ আগে একটা সাঁওতালনী আসিয়াছিল; সে বলিল ও বিদ্যেসাগর, আমার ছেলেটার নাক দিয়ে হু হু ক'রে রক্ত পড়ছে, তুই এসে যদি তাকে বাঁচাস। তাই আমি একটা হোমিওপ্যাথি ওষুধ এই বাটি ক'রে নিয়ে গিয়েছিলাম। আশ্চর্য, দেখলাম এক ডোজ ওষুধে তার রক্ত পড়া বন্ধ হইয়া গেল। ইহারা তো মেলা ওষুধ খায় না, অল্প ওষুধেই উপকার হয়, কলকাতার লোকের ওষুধ খেয়ে খেয়ে পেটে চড়া পড়িয়া গিয়াছে, মেলা ওষুধ না দিলে উপকার হয় না।' এক দিন সকালবেলা এক জন মেথর কাঁদতে কাঁদতে এসে বললেন, তাঁর বৌয়ের কলেরা হয়েছে, এখনই চিকিৎসা দরকার, না হলে সে বাঁচবে না। বিদ্যাসাগর তৎক্ষণাৎ রোগীর চিকিৎসা করতে চললেন। সারা দিন রোগিণীর শয্যার পাশে বসে ওষুধ দিলেন, অবস্থার উন্নতি হলে বাড়ি ফিরলেন।

১৯৮৩ সালে বিদ্যাসাগরের তৃতীয় জামাতা (বিনোদিনী দেবীর স্বামী) সূর্য্যকুমার অধিকারীর পৌত্র সন্তোষকুমার কর্মাটাঁড়ে গিয়ে অভিরামের নাতি নাথুরামের কাছে একটি ঘটনার কথা শোনেন। এক রাতে বারোটার পর অভিরাম দরজায় কড়া নাড়ার শব্দ শুনে লাঠি হাতে বেরিয়ে এসে দেখে, বিদ্যাসাগর এক ক্রন্দনরত মহিলার সঙ্গে কথা বলছেন। তাঁর স্বামী কলেরায় আক্রান্ত। অভিরাম দেখলেন, বিদ্যাসাগর ওষুধের বাক্স হাতে ঘর থেকে বেরিয়ে ওঁর সঙ্গে হাঁটতে শুরু করেছেন। অভিরামও সঙ্গ নিল। বিদ্যাসাগর রোগীর বাড়ি পৌঁছে তাঁর শয্যার পাশে বসে চিকিৎসা আরম্ভ করলেন। দূরবর্তী গ্রাম থেকে যে সব রোগী চিকিৎসার জন্য বিদ্যাসাগরের কাছে আসতেন, তাঁদের থাকা-খাওয়ার জন্য কর্মাটাঁড়ের বাড়ির চৌহদ্দির মধ্যে দুই কামরার একটি বাড়ি তৈরি করেছিলেন এই মহাপ্রাণ মানুষটি।

জীবনের শেষ চার-পাঁচ বছর বিদ্যাসাগর কর্মাটাঁড়ে যাননি। ১৮৯০ সালের এপ্রিল মাসে তাঁর পেটের রোগ বাড়তে থাকে। ১৮৯১ সালের জানুয়ারি মাসে চন্দননগরের ফরাসডাঙায় গঙ্গাতীরে বাড়ি ভাড়া নিয়ে বাস করতে লাগলেন, মাঝেমাঝে কলকাতায় গিয়ে মেট্রোপলিটান স্কুল, মেট্রোপলিটান কলেজ এবং অন্যান্য বিষয় তত্ত্বাবধান করে আবার ফরাসডাঙায় ফিরে যেতেন। কিন্তু মার্চ ১৮৯১ মাসে বুঝলেন, শরীর ভাল হওয়ার সম্ভাবনা নেই। অবশেষে মে-জুন মাসে কলকাতায় বাদুড়বাগানের বাড়িতে ফিরে এলেন। অ্যালোপ্যাথি, হোমিয়োপ্যাথি, হাকিমি সব চিকিৎসাই হল। ২৯ জুলাই রাত দুটো আঠারো মিনিটে তাঁর প্রয়াণ হল।

# পৃথিবীর কোনো মানুষ বর্তমানে বাস করে না

*মহাবিশ্ব সৃষ্টির পর থেকে শুরু হয়েছে সময়ের যাত্রা। এরপর থেকে সময় শুধু চলছে, কখনো থামেনি। সময়কে নিয়ন্ত্রণ করা যায় না। তাই মানবজীবনে সময়ের গুরুত্ব অপরিসীম। তবে সময় সব জায়গায় সমানভাবে চলে না। কোথাও দ্রুত, কোথাও বা ধীরে। এগুলো সবই বিজ্ঞানের সাহায্যে ব্যাখ্যা করা যায়। চলুন, সময়ের এই আজব আচরণ নিয়ে ৭টি তথ্য জানা যাক। এগুলো শুনে অদ্ভুত মনে হলেও সবগুলোই সত্যি.কাজী আকাশ*

১. পায়ের চেয়ে মুখে সময় দ্রুত চলে শুনতে অদ্ভুত লাগতে পারে। কিন্তু ঘটনা সত্যি। আপনি যদি দাঁড়িয়ে থাকেন, তাহলে পায়ের চেয়ে শরীরের ওপরের যে কোনো অংশে সময় দ্রুত চলবে। কারণ, আলবার্ট আইনস্টাইনের আপেক্ষিক তত্ত্ব অনুসারে, আপনি পৃথিবীর কেন্দ্রের যত কাছে থাকবেন, সময় হবে তত ধীরে হবে।এটা কিন্তু শুধু তাত্ত্বিক কথা নয়। পরিমাপ করেও দেখা হয়েছে। আপনি যদি মাউন্ট এভারেস্টের ওপরে থাকেন আর আপনার বন্ধু নিচে থাকে, তাহলে দুজনের মধ্যে সময়ের পার্থক্য হবে প্রায় ১৫ মাইক্রোসেকেন্ড। এক সেকেন্ডের ১০ লাখ ভাগের এক ভাগ সময়কে বলে এক মাইক্রোসেকেন্ড।

২. সেকেন্ড মানে আপনি যা জানেন তা নয় সাধারণত আমরা এক মিনিটের ৬০ ভাগের এক ভাগকে সেকেন্ড বলি। কিন্তু বৈজ্ঞানিকভাবে এটা সেকেন্ডের সংজ্ঞা নয়। সহজে বোঝার জন্য আমরা এক মিনিটের ৬০ ভাগের এক ভাগ সময়কে সেকেন্ড বলি। ঐতিহাসিকভাবে আবার এক দিনের ৮ লাখ ৬৪ হাজার ভাগের একভাগ সময়কেও সেকেন্ড বলে। কিন্তু বৈজ্ঞানিকভাবে শূন্য কেলভিন তাপমাত্রায় একটা অনুত্তেজিত সিজিয়াম ১৩৩ পরমাণুর ৯,১৯২,৬৩১,৭৭০টি স্পন্দন সম্পন্ন করতে যে সময় লাগে, তাকে এক সেকেন্ড বলে। ৩. আপনি দ্রুত চললে সময় ধীরে চলবে আমাদের সঙ্গে সময় বিপরীতে আচরণ করে। আমি যদি দ্রুত চলি সময় অমনি ধীর হয়ে যাবে। যত দ্রুত চলবো, সময় তত ধীর হবে। ধরুন, আমি আলোর গতির ৯৯ ভাগ গতিতে পৃথিবী থেকে সাইরাস নক্ষত্রমণ্ডলে ঘুরতে গেলাম। যাত্রা শুরুর আগে আমার বয়স ২০ বছর এবং আমার বাবার বয়স ছিল ৪৫ বছর। সাইরাস থেকে ঘুরে আসতে আমার আড়াই বছর লাগল। অর্থাৎ আমি যখন পৃথিবীতে ফিরব, তখন আমার বয়স হবে ২২.৫ বছর। কিন্তু এই আড়াই বছরে আমার বাবার বয়স হবে ৬২ বছর। মানে আমার আড়াই বছরে বাবাসহ পৃথিবীর সবার বয়স বেড়েছে ১৭ বছর।আমি যেহেতু অনেক দ্রুত ভ্রমণ করেছি, তাই আমার জন্য সময় চলেছে ধীরে। কিন্তু আমার বাবা পৃথিবী থাকায় তার সময় আমার তুলনায় দ্রুত চলেছে। ৪. ডাইনোসরদের বছর হতো ৩৭০ দিনে পৃথিবীতে প্রায় ৬ কোটি ৬০ লাখ বছর আগে ডাইনোসরদের রাজত্ব ছিল। বছরে ডাইনোসররা বর্তমানের চেয়ে প্রায় ৫ দিন বেশি রাজত্ব করতে পারত। কারণ, তখন বছর হতো ৩৭০ দিনে। প্রতি ১০০ বছরে মাত্র ১ দশমিক ৭ মিলিসেকেন্ড করে বাড়ে দিনের দৈর্ঘ্য। প্রতি সেকেন্ডের ১ হাজার ভাগের এক ভাগকে বলে এক মিলিসেকেন্ড। ফলে বছরের দৈর্ঘ্য কমে ৩৬৫ দিন হয়েছে।

৫. ২৪ ঘণ্টায় একদিন নয় একদিন বলতে আমরা সাধারণত ২৪ ঘণ্টা বুঝি। এ হিসাবটাও সহজে বোঝার জন্য। আসলে একদিন বলতে পৃথিবীর নিজ অক্ষের ওপর একবার ঘুরে আসার সময়কে বোঝায়। পৃথিবী বর্তমানে ২৩ ঘণ্টা ৫৬ মিনিট ৪.২ সেকেন্ডে একবার নিজ অক্ষের চারপাশে ঘোরে। অর্থাৎ একদিন হয় ওই ২৩ ঘণ্টা ৫৬ মিনিট ৪.২ সেকেন্ডে, ২৪ ঘণ্টায় নয়। ৬. আমরা কেউ বর্তমানে বাস করি না আমরা যা-ই দেখি না কেন, তা অতীত। সকালে পূব আকাশে যে সূর্য্যটা দেখি, তাও অতীতের অবস্থা। কারণ, সূর্য্যোদয় হওয়ার প্রায় ৮ মিনিট ২০ সেকেন্ড পরে আমরা তা দেখি। অর্থাৎ, সূর্য যদি হঠাৎ উধাও হয়ে যায়, তাহলে আমরা ৮ মিনিট ২০ সেকেন্ড পরে তা টের পাবো। আপনার থেকে ১০ হাত দূরে দাঁড়িয়ে থাকা ব্যক্তিরও অতীতের ছবি আপনি দেখছেন। তা যত কম সময়ের হোক না কেন! ৭. মানুষ হাজার হাজার বছর ধরে সময় গণনা করছেন

গোবেকলি তেপে খোদাই করা বিশ্বের প্রাচীনতম ক্যালেন্ডারছবি: মার্টিন সোয়েটম্যান

সম্প্রতি বিশ্বের সবচেয়ে পুরোনো ক্যালেন্ডার আবিষ্কার করেছেন বিজ্ঞানীরা। প্রায় ১৩ হাজার বছরের পুরোনো ক্যালেন্ডারটি খুঁজে পাওয়া গেছে তুরস্কের গোবেকলি তেপে অঞ্চলে। তখনকার মানুষ পৃথিবীতে কোনো ধূমকেতু আঘাত হানার তারিখ লিখে রাখতে এই ক্যালেন্ডার তৈরি করেছিল। এটাই এখন পর্যন্ত পাওয়া বিশ্বের সবচেয়ে পুরোনো ক্যালেন্ডার। সে হিসেবে মানুষ কয়েক হাজার বছর ধরে সময়ের হিসাব রাখছে।

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।

# ‘শহিদ সপ্তাহ ২০২৪’ উপলক্ষে তার ‘বীর হৃদয়ী’দের স্মরণ করল আরপিএফ

## ভারতের নয়টি রাজ্যের ১৪ জন শহিদকে তাঁদের জন্মস্থানে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন




মালিগাঁও, ২৪ অক্টোবর, ২০২৪: চলিত ‘শহিদ সপ্তাহ’-এর অংশ হিসেবে রেলওয়ে সুরক্ষা বাহিনী (আরপিএফ) বিগত বছরে কর্তব্যরত অবস্থায় প্রাণ ত্যাগ করা ১৪ জন জওয়ানকে স্মরণ করে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করে।

সম্মান ও স্মৃতির চিহ্ন হিসেবে আরপিএফ-এর আধিকারিকরা নয়টি রাজ্যের এই সাহসী ব্যক্তিদের শিক্ষা প্রতিষ্ঠান ও স্থানীয় গ্রামগুলি পরিদর্শন করেছেন।

আরপিএফ এবং এই সাহসী ব্যক্তিদের গড়ে তোলা কমিউনিটির মধ্যে সংযোগ বৃদ্ধির ক্ষেত্রে এই গাম্ভীর্যপূর্ণ শ্রদ্ধাঞ্জলি তাঁদের আত্মত্যাগের উপর গুরুত্ব আরোপ করবে। এমনকি, আরপিএফ-এর ডিরেক্টর জেনারেল বলেন যে এই সাহসী ব্যক্তিদের প্রত্যেকেই কর্তব্য ও ত্যাগের সর্বোচ্চ স্তরের উদাহরণ দিয়ে গেছেন।

তাঁদের উত্তরাধিকারীরা রেলওয়ে এবং এর যাত্রীদের সুরক্ষা ও নিরাপত্তা বজায় রাখতে ভবিষ্যৎ প্রজন্মের জন্য এক অনুপ্রেরণা হিসেবে কাজ করবে।

সংবর্ধনা জানানো শহিদদের মধ্যে এন. এফ. রেলওয়ে থেকে অবসব. প্রাপ্ত আইপিএফ/সিআইবি/নিউ জলপাইগুড়ি লেফানেন্ট পি. বিশ্বকর্মা রয়েছেন, তিনি নিজেদের কর্তব্য পালনের সময় সর্বোচ্চ আত্মবলিদান দিয়েছিলেন। শিলিগুড়ির চম্পাসারিতে জাতীয় শক্তি সংঘ ও পাঠাগারের কমিউনিটি হলে আরপিএফ-এর দ্বারা তাঁর স্মরণে একটি স্মারক কর্মসূচির আয়োজন করা হয়। শহিদের পরিবারবর্গ, বন্ধু-বান্ধব এবং সহকর্মীদের উপস্থিতিতে এই অনুষ্ঠানটি আবেগিক সমাবেশের সাক্ষী হয়েছিল।

সমগ্র ভারত জুড়ে শহিদদের সম্মানে দেশের বিভিন্ন অংশে বিস্তৃত থাকা সংশ্লিষ্ট গ্রাম ও বিদ্যালয়গুলিতে একই ধরনের স্মরণ কর্মসূচির আয়োজন করেছিল আরপিএফ।

প্রত্যেক শহিদ পরিবারকে আন্তরিক শ্রদ্ধাঞ্জলি ও সংবর্ধনার মাধ্যমে সম্মানিত করা হয়, তাঁদের প্রিয়জনদের এই আত্মবলিদান কখনই ভোলা যাবে না বলে নিশ্চয়তা প্রদান করা হয়।

সমগ্র সপ্তাহটি পরিকল্পনামাফিক কর্মসূচির মাধ্যমে আরপিএফ নিজেদের বীর সাহসী ব্যক্তিদের স্মরণ করার যে প্রচেষ্টা চালিয়েছে তাতে দেশের রেলওয়ে ব্যবস্থা এবং এর যাত্রীদের রক্ষার্থে যে সমস্ত আরপিএফ জওয়ান সর্বোচ্চ আত্মবলিদান দিয়েছেন তাঁদের সাহস, ত্যাগ ও নিষ্ঠাকে সম্মান জানানোর ক্ষেত্রে আন্তরিক প্রতিশ্রুতিরই প্রতিফলন ঘটেছে।

সুরক্ষা শাখার এই শহিদ সপ্তাহ পালনের মাধ্যমে এই বীরদের অদম্য চেতনা রেল লাইন জুড়ে প্রতিধ্বনিত হচ্ছে, যা তাঁরা এতটা নিষ্ঠার সাথে রক্ষা করেছিল, তাঁদের এই সাহসিকতা ইতিহাসের পাতায় চিরদিনের জন্য লেখা থাকবে।

# ঘূর্ণিঝড় দানার তীব্র আঘাতের আশঙ্কা, সতর্কবার্তা রাজ্যের আট জেলায়

কলকাতা, ২৪ অক্টোবর(হি.স.): বৃহস্পতিবার দুপুর ৩:৩০ পর্যন্ত আলিপুর আবহাওয়া দফতর সূত্রে পাওয়া তথ্য অনুসারে, উত্তর-পশ্চিম বঙ্গোপসাগরে তীব্র ঘূর্ণিঝড় ''দানা''র শক্তি ক্রমশ বাড়ছে, যার গতি বর্তমানে ঘণ্টায় ১৩ কিলোমিটার। আলিপুর আবহাওয়া দপ্তরের সর্বশেষ আপডেট অনুযায়ী, ঘূর্ণিঝড়টি এখন পারাদ্বীপ থেকে ১৮০ কিলোমিটার দক্ষিণ-পূর্ব, ধামারা থেকে ২১০ কিলোমিটার দক্ষিণ-দক্ষিণ-পূর্ব এবং সাগরদ্বীপ থেকে ২৭০ কিলোমিটার দক্ষিণ-দক্ষিণ-পূর্বে অবস্থান করছে। মধ্যরাত থেকে ভোরের মধ্যে ঘূর্ণিঝড়ের ল্যান্ডফল হওয়ার আশঙ্কা রয়েছে, তখন ঘূর্ণিঝড়ের গতিবেগ ঘণ্টায় ১২০ কিলোমিটার পর্যন্ত পৌঁছাতে পারে।

আবহাওয়া দফতরের পূর্বাঞ্চলীয় অধিকর্তা সোমনাথ দত্ত জানান, রাজ্যের পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, কলকাতা, হাওড়া, হুগলি, এবং বাঁকুড়া জেলায় ঘূর্ণিঝড়ের সরাসরি প্রভাব পড়তে চলেছে। এই সমস্ত এলাকায় আজ ও আগামীকাল হালকা থেকে মাঝারি বৃষ্টি হবে, কোথাও কোথাও অতি ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। পূর্ব মেদিনীপুর এবং দক্ষিণ ২৪ পরগনার কিছু অংশে ১-২ মিটার উচ্চতার জলোচ্ছ্বাস হতে পারে।

বিশেষত, পূর্ব মেদিনীপুরে সর্বোচ্চ ঘণ্টায় ১২০ কিলোমিটার এবং উত্তর ও দক্ষিণ ২৪ পরগনায় ৯০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বইবে বলে আশঙ্কা করা হচ্ছে। এর ফলে কাঁচা বাড়ি, বিপজ্জনক স্থাপনা এবং নীচু এলাকাগুলি প্লাবিত হতে পারে, শস্যের ব্যাপক ক্ষতির সম্ভাবনা রয়েছে। গাছপালা উপড়ে যেতে পারে এবং যোগাযোগ ব্যবস্থায় বাধার সৃষ্টি হতে পারে। মেটাল শিট এবং অন্যান্য হালকা বস্তু উড়ে যাওয়ার সম্ভাবনাও রয়েছে।

পশ্চিমবঙ্গ সরকার ইতিমধ্যেই সতর্কতা জারি করে জানিয়েছে, ২৪ ও ২৫ অক্টোবরের মধ্যে সকল মাছ ধরার নৌকা ও ফেরী পরিষেবা বন্ধ থাকবে। ক্ষতিগ্রস্ত এলাকাগুলির বাসিন্দাদের ঘরেই থাকার পরামর্শ দেওয়া হয়েছে। জেলার প্রশাসনগুলিকে পরিস্থিতির উপর নজর রাখতে বলা হয়েছে এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য প্রস্তুতি নেওয়া হয়েছে।

জেলা স্বাস্থ্য দফতর এবং অন্যান্য সেবাকেন্দ্রগুলিও প্রস্তুত রাখা হয়েছে, যাতে ঘূর্ণিঝড়ের পরবর্তী পরিস্থিতি মোকাবিলায় দ্রুত সাড়া দেওয়া যায়।

# সরকারি রাস্তা নির্মাণে বাধা, বিজেপি নেতার বাড়ি ঘিরে গ্রামবাসীদের বিক্ষোভ

মালদা, ২৪ অক্টোবর(হি.স.): মালদার ইংলিশবাজার ব্লকের কাজিগ্রাম পঞ্চায়েতের ৫২ বিঘা এলাকায় সরকারি রাস্তা নির্মাণে বাধা দেওয়ার অভিযোগকে কেন্দ্র করে উত্তেজনা ছড়াল। গ্রামবাসী এবং স্থানীয় পঞ্চায়েত সমিতির মেম্বারের অভিযোগ, দীর্ঘদিন ধরে বেহাল অবস্থায় পড়ে থাকা রাস্তাটি টেন্ডারের মাধ্যমে মেরামতের কাজ শুরু হলেও, সেই কাজ বন্ধ করে দিয়েছেন স্থানীয় বিজেপি মেম্বারের স্বামী এবং এক বিজেপি নেতা। এই ঘটনায় ক্ষুব্ধ গ্রামবাসীরা বৃহস্পতিবার ওই বিজেপি নেতার বাড়ি ঘিরে বিক্ষোভ দেখান। বিক্ষোভের সময় এলাকায় উত্তেজনা চরমে ওঠে। ইংলিশবাজার পঞ্চায়েত সমিতির সদস্যা এবং গ্রামবাসীদের অভিযোগ, রাস্তার কাজে বাধা দেওয়ার পেছনে চক্রান্ত রয়েছে। অন্যদিকে, বিজেপি মেম্বারের স্বামীর বক্তব্য, ’আমরাও চাই এই রাস্তা নির্মাণ হোক, তবে দুটি গাছ অযথা কেটে ফেলা হয়েছে, যার প্রতিবাদ জানিয়েছি আমরা। কিন্তু সরকারি রাস্তা তৈরিতে বাধা দেওয়ার অভিযোগ সম্পূর্ণ ভিত্তিহীন।’ ঘটনার খবর পেয়ে ইংলিশবাজার থানার পুলিশ এবং বনদপ্তরের কর্মীরা ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন। পুলিশ এবং বনদপ্তর যৌথভাবে ঘটনার তদন্ত শুরু করেছে।

# দুর্যোগ মোকাবিলায় তৈরি, দাবি মুখ্যমন্ত্রীর, গুজবে কান না দেওয়ার পরামর্শ

কলকাতা, ২৪ অক্টোবর (হি.স.): সাধারণ মানুষকে গুজবে কান না দেওয়ার পরামর্শ দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সকলকে সতর্ক থাকার জন্য আবেদন করেন তিনি।

ওড়িশার উপকূলে ঘূর্ণিঝড় আছড়ে পড়লেও বাংলাতেও যে তার যথেষ্ট প্রভাব পড়তে চলেছে, সে কথা জানিয়ে তিনি নবান্নে সাংবাদিকদের বলেন, ‘ল্যান্ডফল’ কখন হবে, নির্দিষ্ট কোনও সময় এখনও জানা যায়নি। যে কোনও সময়ে দুর্যোগ পরিস্থিতির জন্য ভোর চারটের সময়েও যদি ‘ল্যান্ডফল’ হয়, তার জন্যও তৈরি থাকতে বলেছেন তিনি।

এ দিন বেলা সাড়ে তিনটের কিছু পরে সাগরদ্বীপ থেকে ২৭০ কিলোমিটার দূরে অবস্থান করছিল ঘূর্ণিঝড়। বৃহস্পতিবার মধ্যরাত থেকে শুক্রবার সকালের মধ্যেই ঘূর্ণিঝড় স্থলভাগে আছড়ে পড়ার সম্ভাবনা। তার আগে পরিস্থিতির দিকে সজাগ দৃষ্টি রাখছেন মুখ্যমন্ত্রী। ‘দানা’-র স্থলভাগে আছড়ে পড়ার আগে বৃহস্পতিবার বিকেলে সার্বিক পরিস্থিতির কথা তুলে ধরেন মুখ্যমন্ত্রী।

# জলস্তর বাড়বে, গঙ্গার লকগেটগুলি বন্ধ সন্ধ্যা-সকালে সাড়ে ৪ ঘন্টা

কলকাতা, ২৪ অক্টোবর (হি.স.): বৃহস্পতিবার বিকেল ৫টা ৫০ মিনিটে গঙ্গার জলস্তর বেড়ে হবে ৪.০৪ মিটার (১৩.২৫ ফুট)। গঙ্গার লকগেটগুলি দুপুর সাড়ে তিনটে থেকে রাত আটটা পর্যন্ত বন্ধ থাকবে।

এ প্রসঙ্গে কলকাতা পুরসভার মেয়র পারিষদ (নিকাশি) তারক সিং জানান, লকগেটগুলি বন্ধ থাকার সময় প্রচুর বৃষ্টি হলে কলকাতা ডুববে। শুধু আজ নয়, শুক্রবার সকাল পৌনে ছটা নাগাদ জোয়ারের ফলে গঙ্গার জলস্তর হবে ৪.২৪ মিটার (১৩.৯১ ফুট)। তাই লকগেটগুলি ভোর সাড়ে চারটে থেকে সকাল নটা পর্যন্ত বন্ধ থাকবে।

# মালদায় রেল যাত্রীর সুরক্ষায় ফের প্রশ্ন, খোয়া গেল নগদ ১ লক্ষ টাকা ও দরকারি কাগজপত্র

মালদা, ২৪ অক্টোবর(হি.স.): রেল যাত্রায় সুরক্ষা নিয়ে মালদায় ফের একবার প্রশ্ন উঠেছে। এইবারে চলন্ত গৌড় এক্সপ্রেসে এক রেল যাত্রীর কাছ থেকে খোয়া গেছে নগদ এক লক্ষ টাকা এবং গুরুত্বপূর্ণ কাগজপত্র। অভিযোগের ভিত্তিতে মালদা জিআরপি ঘটনার তদন্ত শুরু করেছে।

জানা গেছে, মালদা শহরের রথবাড়ি এলাকার বাসিন্দা ও পেশায় ব্যবসায়ী কুন্ডু, গত দুই দিন আগে তার ছেলেকে মেডিকেলে ভর্তি করার জন্য বিধাননগরে গিয়েছিলেন। গতকাল তিনি মালদায় ফেরার উদ্দেশ্যে বিধাননগর রেলস্টেশন থেকে গৌড় এক্সপ্রেসের এসি টু টায়ার কামরায় উঠেছিলেন। বৃহস্পতিবার সকালে মালদায় পৌঁছে তিনি দেখেন, তার ব্যাগটি চুরি হয়ে গেছে।চুরি যাওয়া ব্যাগে নগদ এক লক্ষ টাকা, আধার কার্ড, এটিএম কার্ড, ব্যাংকের পাসবইসহ অন্যান্য দরকারি কাগজপত্র ছিল। ঘটনার পর ভুক্তভোগী মালদা জিআরপিতে লিখিত অভিযোগ দায়ের করেন এবং যাত্রী সুরক্ষা নিয়ে গুরুতর প্রশ্ন তোলেন।

রেল পুলিশ সূত্রে জানানো হয়েছে, অভিযোগের ভিত্তিতে তদন্ত শুরু হয়েছে এবং যাত্রী সুরক্ষায় আরও সচেতনতা বাড়ানোর জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে।

# আরজিকর নির্যাতিতার ন্যায়বিচারের লড়াই জারি থাকবে: বার্তা বৃন্দা করাতের

উ: ২৪ পরগনা, ২৪ অক্টোবর(হি.স.): আর জি কর নির্যাতিতার ন্যায়বিচারের দাবিতে চলা আন্দোলন জারি থাকবে, জানালেন সিপিআই(এম) নেত্রী বৃন্দা করাত। বৃহস্পতিবার তিনি জানিয়েছেন, নির্যাতিতার পরিবারের প্রতি সহানুভূতি জানাতে তাদের বাড়িতে গিয়েছিলেন। সেখানে তিনি দীর্ঘ সময় ধরে পরিবারের সঙ্গে কথা বলেন। একই সঙ্গে আগামীদিনে পাশে থাকার বার্তাও দিয়েছেন। পরে বৃন্দা করাত সাংবাদিকদের স্পষ্ট ভাষায় জানিয়ে দিয়েছেন, এই আন্দোলন একদিনে শেষ হওয়ার নয়। যতদিন না পর্যন্ত সঠিক পদক্ষেপ নেওয়া হচ্ছে, ততদিন এই লড়াই চলবে।পাশাপাশি তিনি নির্যাতিতার সুবিচারের দাবিতে রাজ্যের সরকারের তীব্র সমালোচনা করেন। তিনি বলেন, ”রাজ্যের সরকার ও তৃণমূল কংগ্রেস দল আর জি কর কান্ডের সঙ্গে জড়িতদের আড়াল করার চেষ্টা চালাচ্ছে প্রতিনিয়ত। আর সেই কারণেই এই আন্দোলন জারি থাকবে আগামী দিনেও। এই আন্দোলনকে দেশব্যাপী মানুষ সমর্থন জানিয়েছে। এই লড়াইকে মরতে দেওয়া যাবে না।’’এই বার্তার মধ্যে দিয়ে বৃন্দা করাত আন্দোলনের পরবর্তী পদক্ষেপ হিসেবে, তাদের দল ও সহযোগী সংগঠনগুলি যৌথভাবে আরও বড় আকারে আন্দোলন গড়ে তুলবে এবং সরকারকে এ বিষয়ে পদক্ষেপ নিতে বাধ্য করবে বলেও ইঙ্গিত দেন।

# অনুরাগ ঠাকুরের জন্মদিনে আয়োজিত রক্তদান শিবিরে যোগদান কংগ্রেস বিধায়ক রঞ্জিত রানার

হামিরপুর, ২৪ অক্টোবর (হি.স.): প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী ও বিজেপি সাংসদ অনুরাগ সিং ঠাকুরের জন্মদিন উপলক্ষে হিমাচল প্রদেশের হামিরপুর গান্ধী চক এলাকায় বিজেপি যুব মোর্চা রক্তদান শিবিরের আয়োজন করে। তাতে যোগদান করেন সুজানপুরের কংগ্রেস বিধায়ক ক্যাপ্টেন রঞ্জিত রানা। উপস্থিত ছিলেন জেলা বিজেপি সভাপতি দেশরাজ শর্মা সহ অন্যান্য নেতারা।

উল্লেখ্য, ক্যাপ্টেন রঞ্জিত রানা বিধানসভা নির্বাচনের আগে সুজনপুর বিজেপির মন্ডল সভাপতি ছিলেন।



বৃহস্পতিবার সকালে বর্ডার গোলচক্কর এলাকায় সিলিন্ডার ফেটে একটি দোকানে আগুনের ঘটনার খবর পেয়ে ঘটনাস্থল পরিদর্শন করেন মেয়র দীপক মজুমদার সহ অন্যান্যরা।

# মালদায় অজানা জ্বরের প্রকোপ, আতঙ্কে গ্রামবাসী

মালদা, ২৪ অক্টোবর(হি.স.): মালদহের হবিবপুর ব্লকের শ্রীরামপুর পঞ্চায়েতের কলাইবাড়ি গ্রামে এক অজানা জ্বরের প্রকোপে আতঙ্ক ছড়িয়েছে। গত দুই থেকে তিন মাস ধরে গ্রামজুড়ে এই জ্বর দেখা দিয়েছে, যার কারণে এলাকাবাসী প্রচণ্ড ভোগান্তির সম্মুখীন হচ্ছেন। একদিন বা দুই দিনের জ্বরের পর শরীরে তীব্র যন্ত্রণা, বিশেষ করে হাতে ও পায়ে ব্যথার অভিযোগ করছেন রোগীরা।

এখনো পর্যন্ত এই জ্বরের সঠিক কারণ নির্ণয় করা সম্ভব হয়নি। জেলা স্বাস্থ্য দপ্তরের তরফে প্রায় ৫০ জন রোগীর রক্তের নমুনা সংগ্রহ করে পরীক্ষার জন্য পাঠানো হয়েছে। তবে, এটি ডেঙ্গু, ম্যালেরিয়া নাকি অন্য কোনো ভাইরাসজনিত জ্বর, সে বিষয়ে এখনো নিশ্চিত কোনো তথ্য পাওয়া যায়নি। জেলা স্বাস্থ্য দপ্তরের কর্মকর্তারা জানিয়েছেন, রক্তের রিপোর্ট হাতে পাওয়ার পরেই সঠিক রোগ নির্ণয় করা সম্ভব হবে।

গ্রামের সরকারপাড়া, তালুকদারপাড়া, চৌধুরীপাড়া এবং ধানুকপাড়ায় এই জ্বরের প্রকোপ সবচেয়ে বেশি। এই চারটি এলাকায় প্রায় চার হাজার মানুষের বাস, যাদের মধ্যে অর্ধেকেরও বেশি বাসিন্দা এই জ্বরে আক্রান্ত হয়েছেন। রোগের প্রকোপ বাড়তে থাকায় জেলা স্বাস্থ্য দপ্তর থেকে মেডিকেল ক্যাম্প স্থাপন করা হয়েছে, তবে এলাকাবাসীর দাবি, আরো বেশি স্বাস্থ্যশিবির এবং ডাক্তার পরিষেবা প্রদান করা হোক।

এদিকে, খবর পেয়ে হবিবপুর ব্লকের জয়েন্ট বিডিও রাকেশ গাইন বৃহস্পতিবার এলাকা পরিদর্শনে যান এবং বাসিন্দাদের সাথে কথা বলেন। তিনি এলাকায় সচেতনতা বাড়াতে বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেছেন এবং স্কুল ও জনবহুল এলাকায় শিবির করে মানুষকে সতর্ক করা হচ্ছে।

মালদা বিধানসভার বিজেপি বিধায়ক গোপাল সাহা বলেছেন, ’কলাইবাড়ি এলাকায় অজানা জ্বরের প্রকোপে মানুষ আতঙ্কিত। জেলা স্বাস্থ্য দপ্তরকে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে। আমাদের দলের কার্যকর্তারা গ্রামবাসীদের খোঁজখবর নিচ্ছে।’ অন্যদিকে, তৃণমূল কংগ্রেসের মুখপাত্র আশিস কুণ্ডু জানান, ’স্বাস্থ্য দপ্তরের কর্মকর্তারা পরিস্থিতির উপর নজর রাখছেন, রক্তের নমুনা সংগ্রহ করে পরীক্ষার জন্য পাঠানো হয়েছে। বিজেপি শুধু সমালোচনা করছে, কিন্তু বাস্তবে কোনো সহায়তা করছে না।’

স্বাস্থ্য আধিকারিক সুদীপ্ত ভাদুরি জানান, প্রাথমিকভাবে এটি চিকুনগুনিয়ার লক্ষণ বলে মনে হচ্ছে। মেডিকেল টিম পরিস্থিতির উপর নজরদারি চালাচ্ছে এবং রিপোর্ট হাতে পাওয়ার পরেই নিশ্চিতভাবে বলা যাবে কী ধরনের জ্বর এটি।

# রাতে নবান্নেই থাকবেন তিনি, জানালেন মুখ্যমন্ত্রী

কলকাতা, ২৪ অক্টোবর (হি.স.): বৃহস্পতিবার রাতে নবান্নেই থাকবেন তিনি। নিজের দফতর থেকেই পরিস্থিতির দিকে নজর রাখবেন।বৃহস্পতিবার নবান্নে সাংবাদিকদের এ কথা জানিয়ে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বলেন, “নবান্নে সর্বক্ষণের হেল্পলাইন চালু থাকবে”।

নবান্নের হেল্পলাইন নম্বর (০৩৩) ২২১৪৩৫২৬। পাশাপাশি জেলাগুলিতেও চালু করা হয়েছে হেল্পলাইন। মমতার কথা, “মানুষের জীবন হল সব চেয়ে দামী। মানুষের জীবন রক্ষা করতে হবে। স্কুলগুলি ছুটি দিয়ে দেওয়া হয়েছে সেই কারণেই। আমি আজ রাতে নবান্নেই থাকব। বিপর্যয় মোকাবিলা দফতরের সকলে কাজ করবেন।”

মুখ্যমন্ত্রী জানান, তিনি নিজের দফতর থেকে সার্বিক কাজের উপর তদারকি চালাবেন। যে আধিকারিকেরা রাতে নবান্নে থাকবেন, তাঁদের জন্য প্রয়োজনীয় ব্যবস্থাও করা হয়েছে বলে জানিয়েছেন তিনি।

**ককবরক শিক্ষা কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি**

২০২৪-২৫ শিক্ষাবর্ষে ৬ (ছয়) মাস মেয়াদের ককবরক শিক্ষা কোর্সে ভর্তির ফর্ম ও প্রসপেক্টাস (Admission Form and Prospectus) বিনামুল্যে শনি, রবি ও ছুটির দিন বাদে আগামী ২৮/১০/২০২৪ হইতে ০৫/১১/২০২৪ বিকাল ৫(পার্ট) ঘটিকা পর্যন্ত শিক্ষা ভবন, নিচের তলা (Ground floor) রুম নং-৭ এ দেওয়া হবে।
যোগ্যতা- ৬(ছয়) মাসের কোর্সের জন্য উচ্চমাধ্যমিক পাশ ন্যুনতম বয়স- গত ০১/০১/২০২৪ তারিখে ১৮ বছর উত্তীর্ন।
দরখাস্তের সঙ্গে জমা দিতে হবে :
(১) দুটি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।
(২) মাধ্যমিকের অ্যাডমিট কার্ড।
(৩) উচ্চ-মাধ্যমিকের মার্কসীট।
(৪) আধারকার্ড /ভোটারকার্ড / প্যানকার্ড- যে কোন একটি পরিচয় পত্র ।
আসন সংখ্যা -৫০(পঞ্চাশ)।
আগামী ৬ই নভেম্বর ২০২৪ ইং সকাল ১১টা থেকে বিকেল ৫টা পর্যন্ত শিক্ষাভবনের রুম নং-৭ এ শিক্ষার্থী নির্বাচনের জন্য মৌখিক ইন্টারভিউ হবে।
০৮/২২/২০২৪ তারিখে অফিসের নোটিস বোর্ডে যোগ্য প্রার্থী তালিকা প্রকাশ করা হবে এবং সেই অনুযায়ী ভর্তি প্রক্রিয়া শুরু হবে।
ICA/D-1139/24

সব্যসাচী সিং, টি সি এস
উপ অধিকর্তা (হেড অব অফিস)
ককবরক ও অন্যান্য সংখ্যালঘু ভাষা অধিকার ত্রিপুরা সরকার

**Short Notice inviting Tender**

Tripura State Haj Committee invites sealed Tender/Quotation for hiring of one ECCO (CNG) for official use of the Office of the Tripura State Haj Committee/Office of the Hon'ble Minister, MW Department. The terms & conditions may be collected from the Office of the Tripura State Haj Committee, Melarmath, and Agartala in any working Day between 11 am to 2 pm within 30.10.2024. Payment will be made as per approved rate of DFPRT-2019.
Interested owner/agencies are requested to submit bid mentioning detention chares per day and per kilometer rate (figure & words). Term and condition may be collected from office of the Haj Committee, Melarmath, Tripura.
1. Starting date of dropping of Tender: 23.10.2024 (upto 3.00 p.m)
2. Last date of dropping tender : 30.10.2024 (upto 3.00 p.m)
3. Date of Open of tender : 31.10.2024 (at 4.00 p.m)
ICA/C/2136/24

**(Md Habij Uddin, TCS Gr-I),**
**Executive Officer,**
**Tripura State Haj Committee**

Name of the work: Notice Inviting SNIQ for "Certain reagents and laboratory items for Microbiological sample Testing" for the project entitle "To determine causes of under-five child death and stillbirths in north-eastern region of India by minimally invasive tissue sampling (MITS) technique: An ICMR Task Force Study" in the Department of Paediatrics, Agartala Government Medical College & GBP Hospital, Agartala.
One short Inviting Quotation (SNIQ) as mentioned above I hereby invited from resourceful, experienced and licensed manufacturer or their authorized local supplier, dealer/distributor. For details tender information and document maybe seen at notice board of AGMC & AGMC College website (www.agmc.nic.in)
ICA/C/2129/24

**Principal**
**AGMC & GBP Hospital Agartala**
**Principal, AGMC.**

# হরেকরকম

হরেকরকম
হরেকরকম

## রূপচর্চা দরকার পুরুষদের



পুরুষদের কাছে ত্বকের যত্ন নেওয়ার মানে হল মুখ ধোওয়া আর শীতকালে ময়েশ্চারাইজার মাখা। অনেকেই জানেন না, পুরুষদের ত্বক মহিলাদের চেয়ে বেশি তৈলাক্ত হয়। যারাদিন রোদে, ধুলোধোঁয়ার মধ্যে ঘুরে ছেলেদের ত্বকের দফারফা হয়ে যায়। মেয়েদের রূপচর্চা নিয়ে যতটা চর্চা হয়, ছেলেদের ততটা হয় না। আর ছেলেরাও ত্বকের যত্ন নেওয়ার ব্যাপারে খুব একটা মাথা ঘামান না। ফলে, একটা সময়ে গিয়ে দেখা যায়, ত্বক অকালেই বুড়িয়ে যাচ্ছে, দাগছোপ পড়ছে। ত্বক রুক্ষ ও শুষ্ক হয়ে যাচ্ছে। ছেলেরা হয়তো ভাববেন, ত্বকের যত্ন নিতে কি ধাপে ধাপে "স্কিন কেয়ার রুটিন" মেনে চলতে হবে?একেবারেই নয়। কয়েকটি বিষয়ে খেয়াল রাখলেই হবে।

ছেলেরা কী ভাবে ত্বকের যত্ন নেবেন?

ক্লিনজিং

বাইরে বেরোলেই ত্বকে ধুলোবালি জমা হতে থাকে। ত্বকে সহজেই নোংরা জমে যায়। সেগুলি যঠিক ভাবে পরিষ্কার না করলেই ব্রণ, ফুসকুড়ির সমস্যা দেখা দেয়। তাই ছেলেরা দিনে দু'বার ফেসওয়াশ ব্যবহার করতে পারলে ভাল। বাইরে থেকে ফিরলে ভাল করে ফেসওয়াশ দিয়ে মুখ ধুয়ে নেবেন। ছেলেদের জন্য কী ধরনের ফেসওয়াশ জরুরি যা আগে জেনে নেবেন।

এক্সফোলিয়েশন

ষপ্তাহে অন্তত তিন দিন এক্সফোলিয়েশন করা জরুরি। এক্সফোলিয়েশনে ত্বকের মরা কোষ দূর হয়। রন্ধ্রে জমে থাকা ময়লাও দূর হয়। ত্বক ভিতর থেকে সতেজ এবং জেল্লাদার হয়ে ওঠে। এর জন্য স্ক্রাবিং খুব জরুরি। ঘরোয়া উপাদান দিয়ে স্ক্রাব করে নিন।

ময়শ্চারাইজিং

ত্বকের ধরন যেমনই হোক, ময়েশ্চারাইজারের ব্যবহার নিয়মিত হওয়া জরুরি। ত্বক ভিতর থেকে কোমল, মযৃণ রাখতে ময়শ্চারাইজার ব্যবহার করা ছাড়া উপায় নেই। তাই দিনে অন্তত এক বার হলেও ময়েশ্চারাইজার ব্যবহার করুন। তবে পুরুষদের ব্র্যান্ড দেখেই কিনুন।

সানস্ক্রিন

মেয়েরা রোদে বেরনোর সময় যতটা সানস্ক্রিন ব্যবহার করে, পুরুষরা ততটা করে না। বরং বলা যায়, বেশিরভাগ ছেলেরা সানস্ক্রিন ব্যবহারই করে না। সানস্ক্রিন সূর্যের অতিবেগনি রশ্মি থেকে ত্বক সুরক্ষিত রাখে। সহজে কালো দাগছোপ পড়ে না। তাই সানস্ক্রিনের ব্যাপারে খেয়াল রাখলে ভাল হয়।

চোখের যত্ন

চোখের নীচের ত্বক তুলনায় পাতলা। তাই সহজেই এই ত্বক কুঁচকে যায়। ভিটামিন কে আছে এমন সিরাম ব্যবহার করুন ওই এলাকায়। তাতে ত্বকের ক্ষতি কম হবে।

লিপবাম

ঠোঁটের যত্ন বেশিরভাগ ছেলেরাই নেন না। ধূমপানের অভ্যাস যাদের আছে, তাদের ঠোঁটে খুব সহজেই কালো দাগ পড়ে যায়। তাই চেষ্টা করতে হবে ঠোঁটকে নরম ও আর্দ্র রাখার। লিপবামের ব্যবহার তাই খুব জরুরি।

বেশি করে জল খান

যত বেশি জল খাবেন, ত্বক তত সতেজ থাকবে। ত্বকের আর্দতা বজায় রাখতে বেশি করে জল খাওয়া জরুরি। একজন প্রাপ্তবয়স্ক পুরুষের দিনে কম করেও তিন থেকে সাড়ে তিন লিটার জল জরুরি। তবে ডায়াবিটিস বা অ্য অসুখ থাকলে, কতটা জল খাবেন তা চিকিৎসকের থেকে জেনে নেওয়াই ভাল।

## সুস্বাস্থ্য পেতে ঘিয়ের জুড়ি মেলা ভার



সুস্বাস্থ্য পেতে ঘিয়ের জুড়ি মেলা ভার। রান্নার স্বাদ বৃদ্ধিতেও ঘিয়ের জবাব নেই। আর যাঁরা নিরামিষ খান, তাঁদের কাছে তো ঘি প্রায় অপরিহার্য। তবে জানেন কি, হেঁশেলের এই উপকরণটি আপনার রূপচর্চার ক্ষেত্রেও দারুণ উপকারী? চোখের তলায় কালি, বলিরেখা, কালচে দাগ-ছোপ তুলতে ঘিয়ের উপর ভরসা রাখতেই পারেন।

প্রাকৃতিক ময়েশ্চারাইজার হিসাবেও এই উপাদানটি ব্যবহার করা যেতে পারে।

ত্বকের পরিচর্যায় কী ভাবে ব্যবহার করবেন ঘি?

১) দুই টেবিল চামচ ঘি, দুই টেবিল চামচ বেসন, এক টেবিল চামচ দুধ মিশিয়ে ঘন মিশ্রণ তৈরি করুন। মিশ্রণটি সারা মুখ এবং গলায় লাগিয়ে শুকোতে দিন। তার পর ঠান্ডা জলে ধুয়ে ফেলুন। সপ্তাহে দু'বার এই ফেস মাস্কটি ব্যবহার করতে পারেন। এই ফেসপ্যাক ত্বকের মৃত কোষ দূর করে, ত্বকের তৈলাক্ত ভাব ও ব্রণ কমায়।

২) বয়সের ছাপ হাতেও পড়তে শুরু করেছে? চামড়া কুঁচকে যাচ্ছে? নামীদামি সংস্থার হ্যান্ড ক্রিমের বদলে ঘিয়ের উপরেই ভরসা রাখতে পারেন। ঘি আর নারকেল তেল বা বাদাম তেল সমপরিমাণে নিয়ে খুব ভাল করে মিশিয়ে নিন। ঘি দিয়ে তৈরি হ্যান্ড ক্রিম একেবারে তৈরি। রোজ রাতে হাতে ঘি দিয়ে তৈরি এই ক্রিমটি ব্যবহার করলে অল্প দিনেই ফলাফল পেতে শুরু করবেন।

৩) এক টেবিল চামচ ঘি ও এক টেবিল চামচ মধু ভাল করে মিশিয়ে মুখে লাগান। ১৫-২০ মিনিট রাখার পর ঠান্ডা জলে ধুয়ে ফেলুন। দিনে এক বার এই প্যাকটি লাগাতে পারেন। মধুর অ্যান্টি-অক্সিড্যান্ট ও অ্যান্টি-মাইক্রোবিয়াল বৈশিষ্ট্য ত্বকের বলিরেখা কমাতে দারুণ কাজ করে। মধু এবং ঘিয়ের ফেস মাস্ক ত্বকের আর্দতা ধরে রাখে।

৪) চোখের তলার কালি তোলার জন্য জন্য দুই থেকে তিন ফোঁটা ঘি আঙুলে নিয়ে আলতো করে চোখের নীচে মালিশ করুন। এ ভাবে সারা রাত রেখে দিন। সকালে ঠান্ডা জলে চোখ ধুয়ে ফেলুন। ঘি প্রয়োগ করলে চোখের নীচের অংশ নরম ও আর্দ হয়। চোখের তলায় কালিও দূর হয়।

৫) সারা বছর ধরেই ঠোঁট ফাটার সমস্যায় ভোগেন? সে ক্ষেত্রেও ঘি দিয়ে করতে পারেন মুশকিল আসান। রাতে ঘুমোনোর সময় ঘিয়ের মধ্যে চিনি মিশিয়ে একটি লিপ স্ক্রাব বানিয়ে নিয়ে ঠোঁটে ঘষে নিন। নিয়ম করে এই স্ক্রাব ব্যবহার করলে কিন্তু কয়েক দিনেই ফল পাবেন।

## ত্বকের ৩ সমস্যা: পেঁয়াজের রসের গুণেই দূর হবে



আমিষ রান্নায় পেঁয়াজের ভূমিকা অনবদ্য। পেঁয়াজ ছাড়া রান্নার কথা ভাবাই যায় না। তবে পেঁয়াজ যে শুধু রান্নায় ব্যবহার করা যায়, তা কিন্তু নয়। পেঁয়াজ রান্না ছাড়াও রূপচর্চাতেও ব্যবহার করতে পারেন। বিশেষ করে ত্বকের যত্নে পেঁয়াজের রস বেশ উপকারী। ত্বকের কোন সমস্যাগুলির মুশকিল আসান করতে পারে পেঁয়াজের রস? দাগছোপ তাড়াতে- নানা কারণে ত্বকে দাগছোপ পড়তে শুরু করে। দাগবিহীন ত্বক পাওয়া সহজ নয়। তবে দাগছোপ তাড়াতে পেঁয়াজের রসে ভরসা রাখতে পারেন। ত্বকের জেদি দাগ তুলতে সাহায্য করে পেঁয়াজের রস। পেঁয়াজের রসের সঙ্গে মধু মিশিয়ে ত্বকের দাগছোপ পড়া অংশে লাগান। কয়েক দিন নিয়ম করে ব্যবহার করলে ত্বকে ফিরবে জেল্লা। অকালবার্ধক্য ঠেকাতে- একটা সময়ের পর ত্বকে বয়সের ছাপ পড়তে শুরু করে। পেঁয়াজের রসে থাকা অ্যান্টিঅক্সিড্যান্ট ত্বককে ভিতর থেকে টানটান রাখে। ত্বকের মসৃণতা বজায় রাখে পেঁয়াজের রস। তাই পেঁয়াজ দিয়ে বানিয়ে নিতে পারেন "অ্যান্টি এজিং মাস্ক"। দই, অ্যাভোকাডো এবং পেঁয়াজের রস একসঙ্গে মিশিয়ে একটি মাস্ক বানিয়ে ত্বকে ব্যবহার করতে পারেন। ১৫-২০ মিনিট রেখে ধুয়ে ফেলুন। সপ্তাহে ২-৩ দিন এই মাস্ক ব্যবহার করলে ত্বকে বয়সের ছাপ পড়তে পারবে না। রোদে পোড়া দাগ তুলতে- গ্রীষ্মকাল বলে নয়, সারা বছরই ট্যান পড়ে ত্বকে। সেই রোদে পোড়া দাগ দূর করা সহজ নয়। তবে পেঁয়াজের রস কিন্তু পোড়া দাগ তুলতে সাহায্য করে। পেঁয়াজের রসে রয়েছে অ্যান্টি-ইনফ্লেমেটরি উপাদান, যা ত্বককে ভিতর থেকে পরিষ্কার রাখে। পেঁয়াজের রসের সঙ্গে অ্যালোভেরা মিশিয়ে একটি মিশ্রণ বানিয়ে ত্বকে মাখতে পারেন। ত্বকের পোড়া দাগ চলে যাবে।

## শরীর ঠান্ডা রাখবে, শক্তি জোগাবে "ঠান্ডা স্যুপ"



স্যুপ। শুনলেই মাথায় আসে গরম ধোঁয়া ওঠা তরল। শীতের দিনে যেমন গরম স্যুপ শরীর গরম রাখতে আর প্রয়োজনীয় জলের জোগানে সাহায্য করে, তেমন কিন্তু গরমের দিনে বেছে নেওয়া যেতে পারে ঠান্ডা স্যুপ। গাঙ্গেয় বঙ্গ-সহ সমুদ্র উপকূলবর্তী এলাকায় গরমের পাশাপাশি থাকে আর্দতা। আর্দতা বেশি থাকা মানে অস্বস্তিকর আবহাওয়া।

যার জেরে হয় প্রচণ্ড ঘাম। ফলে, শরীর থেকে বেরিয়ে যায় নুন ও অন্যান্য খনিজ।

শরীরের সেই ঘাটতি পূরণে মেনুতে রাখুন "ঠান্ডা স্যুপ"।

শসার স্যুপ- শসায় থাকে প্রচুর জল। দইয়ে ক্যালসিয়াম, ফসফরাস ছাড়াও থাকে উপকারী ব্যাক্টেরিয়া। যা পেটের জন্য ভাল। শসার বেটে তার সঙ্গে টক দই, লেবুর রস ও জিরে মিশিয়ে তৈরি করে নিন ঠান্ডা স্যুপ। ঘনত্ব রাখবেন আপনার ইচ্ছেমতো।

তরমুজের স্যুপ-তরমুজেও প্রচুর জল থাকায় গরমের দিনে জলের ঘাটতি পূরণে এই ফল খেতে বলা হয়। তরমুজের শাঁস বের করে বেটে নিয়ে তার সঙ্গে মিশিয়ে দিন থেঁতো করা পুদিনা। যোগ করুন সামান্য নুন। এতে স্বাদ বাড়ে। কড়াইতে হাল্কা করে নাড়িয়ে নিন আদা-রসুন। মিশিয়ে দিন তরমুজ বাটায়। স্বাদ বাড়াতে দিয়ে দিতে পারেন "চিলি ফ্লেক্স"। ফ্রিজে রেখে ঠান্ডা করে খেলেই শরীরে মিলবে বাড়তি শক্তি। খরমুজের স্যুপ- পুষ্টিগুণে ভরা খরমুজও গরমের দিনের একটি ফল। একদম ঠান্ডা খরমুজের শাঁসের সঙ্গে আঙুরের রস, লেবুর রস মিশিয়ে তৈরি করে ফেলুন স্যুপ। ওপর থেকে ছড়িয়ে দিন একটু ক্রিম। প্রাতঃরাশে খেয়ে বেরোলেই দিনভর শরীর থাকবে ঠান্ডা।

গাজপাজো-গাজপাজো হল ঠান্ডা টম্যাটো স্যুপ। টম্যাটো, শসা, পেঁয়াজ টুকরো করে কেটে তার মধ্যে দিয়ে দিতে স্বাদমতো নুন, সামান্য চিনি ও লেবুর রস। টম্যাটোর পরিমাণটাই বেশি থাকবে। সমস্ত মিশ্রণ ২-৩ ঘণ্টা ফ্রিজে রাখার পর বেটে নিলেই তৈরি হয়ে গরমের দিনে খাওয়ার জন্য ঠান্ডা গাজপাজো। স্বাদ বাড়াতে ওপর থেকে ছড়িয়ে দেওয়া যেতে পারে গোল মরিচের গুঁড়ো।

## আমের আঁটি খেলে কী উপকার হয় ?


আমের আঁটি। প্রবাদ অনুযায়ী বড়ই অকাজের কিংবা অপ্রয়োজনীয়। আপাত ভাবে আম গাছের চারা জন্মানো ব্যতীত এ জিনিসটির তেমন কোনও কাজই নেই। কিন্তু পুষ্টিবিদেরা তো সে কথা বলছেন না। আমের আঁটির মতো তুচ্ছ বস্তুটি বিভিন্ন দেশে রীতিমতো গবেষণার বিষয় হয়ে উঠেছে। যদিও আমের আঁটি শুকিয়ে গুঁড়ো করে দাওয়াই তৈরি করার নিদান রয়েছে আয়ুর্বেদে। রক্তে শর্করা বেড়ে যাবে বলে অনেকেই আম খেতে চান না। তবে, আমের আঁটিটির কাজ পুরো উল্টো। আমের বীজের গুঁড়ো খেলে রক্তে শর্করা নিয়ন্ত্রণে থাকে। শুধু তা-ই নয়, এই জিনিসটি খেলে শরীরের আরও অনেক উপকার হয়। জানেন, সেগুলি কী?

১) আমের আঁটিতে রয়েছে ভিটামিন এ, সি এবং ই। অ্যান্টিঅক্সিড্যান্টে ভরপুর এই ফলের আঁটিটি বিভিন্ন ধরনের খনিজ এবং স্বাস্থ্যকর ফ্যাটের ঘাটতিও পূরণ করতে পারে।

২) আমের আঁটিতে স্বাস্থ্যকর কিছু ফ্যাট রয়েছে, যা হার্ট ভাল রাখতেও সাহায্য করে। রক্তে খারাপ কোলেস্টেরল নিয়ন্ত্রণে রাখে আমের আঁটি।

৩) রক্তে শর্করার মাত্রা নিয়ন্ত্রণে রাখতে সাহায্য করে আমের আঁটি। সেই সঙ্গে ইনসুলিন হরমোনের উৎপাদন এবং ক্ষরণও নিয়ন্ত্রণে রাখে এটি। ৪) আমের আঁটিতে যে সব ভিটামিন, খনিজ এবং অ্যান্টিঅক্সিড্যান্ট রয়েছে, সেগুলি রোগ প্রতিরোধ ব্যবস্থা উন্নত করতে সাহায্য করে এবং সংক্রমণজনিত সমস্যার বিরুদ্ধে লড়াই করতে সাহায্য করে। ৫) অন্ত্র ভাল রাখতে সাহায্য করে আমের আঁটি।

ডায়েরিয়া, আমাশা, হজম সংক্রান্ত যে কোনও ধরনের সমস্যার ঘরোয়া টোটকা হিসাবে আমের আঁটি গুঁড়ো করে খাওয়া যেতে পারে।



## 'মাটির প্রদীপ ও শব্দহীন বাজি'

দীপক রঞ্জন কর

মাটির প্রতিমায় পুজি যদি মাকে
প্রদীপটা হউক তৈরি মাটির
চাইনিজ ইলেকট্রিক টুনি কেন
প্রয়োজন কি ঝিকঝাক বাতির ?

ঐতিহ্যকে রাখতে ধরে চলুক না
মাটির প্রদীপে ঘি- এর বাতি
বিনা শব্দ বাজিতে হউক না
আলোর দীপাবলি উৎসবের রাতি।

অতীতে মঙ্গল ঘাটের পাশে থাকত
মাটির প্রদীপের বেশ আদর ,
ডটকমের আজ প্রযুক্তির যুগে
মাটির প্রদীপে নেই সেই কদর।

মৃৎ শিল্পীদের ঘরেও জ্বলুক
বছর অপেক্ষায় ক্ষীণ আশার আলো
মায়ের আগমনে দূর হউক
জগৎ সংসারের যতো কালো।

মাটির প্রদীপে মায়ের আরাধনা
পাশে জ্বলুক দেশীয় মোম আজি ,
দূষণ রোদে হউক না বর্জন
শব্দ যুক্ত রকমারি বাজি ।।

## নীলকণ্ঠ পাখির খোঁজে ..

সন্দীপ রায়

আমি জানি
আমাদের জীবনে সব সুখ
সব শোক তাপ দুঃখ জ্বালা যন্ত্রণা
উড়ে উড়ে একপাক ঘুরে আসবে না
কখনও নীলকণ্ঠ পাখির ঝরা পালক হয়ে --
কখনও আবার জীবনের পূজা পরিক্রমণ শেষে

যেখানে সান্ত্বনার হাজার হাজার বৃষ্টির ফোঁটা
শিউলির সুগন্ধ নিয়ে ঝরে পড়েছিল
গতকালও শেষ রাতের ছায়ায়

পাটাতনে বিছানো কমলা বোঁটা
মাথায় সাদা ছাতা ঢেউতোলা আচ্ছাদন
অদ্ভুত আবেশমাখা সকালটাও ছিল
অন্য রকম
ফি বছরই এভাবে আসা-যাওয়ার
খেলা শেষ হলে
লক্ষ তারার মাঝে উড়ে যায় নীলকণ্ঠ পাখি ,
আসে যায় -- যায় আসে ...
অনবরত এ খেলায় কখন যে হারিয়ে যায়
আমাদের শৈশব, কৈশোর , যৌবনের উপবন
এসব ভাবতে ভাবতেই
একটা আধ খাওয়া চাঁদ-রাত হাওয়ার বেগে
গড়িয়ে গেল জীবনের পূজা পরিক্রমণ শেষে ..

## প্রতি দিন ১৫ মিনিটের হাঁটাহাঁটি বদলে দিতে পারে অনেক কিছু



ভাল থাকতে গেলে শরীর-মন, দুই-ই ভাল থাকা দরকার। ব্যস্ত জীবনে যদি সে ভাবে শরীরচর্চা করা না-ও যায়, ১৫ মিনিট সময় বের করা কি খুব কঠিন হবে? সেই ১৫ মিনিটে বরং বেরিয়ে পড়ুন হাঁটতে। দিনের শুরুতে হলেই বেশি ভাল। তবে তা সম্ভব না হলে যে কোনও সময় এই হাঁটাহাটিটা খুব জরুরি। কেন, সেটাই জেনে নিন।

হৃদ্যন্ত্র ভাল রাখে: হাঁটা একটি সরল ব্যায়াম। এতে শরীরে রক্ত সঞ্চালন ভাল হয়। দিনে মাত্র ১৫ মিনিট হাঁটাই একটু হলেও কমিয়ে দিতে পারে হৃদ্রোগের ঝুঁকি। রক্তচাপ নিয়ন্ত্রণে রাখতে ও শরীর সচল রাখতে নিয়মিত হাঁটা খুব জরুরি।

মন ভাল রাখে' মাঝেমধ্যেই এমন হয় যে, কোনও কিছুই ভাল লাগছে না বা কাজ করে ক্লান্ত মনে হচ্ছে।সেই সময় যদি একটু হাঁটা যায়, বদল হবে মনের অবস্থার। কারণ, হাঁটলে এন্ড্রোফিনের মতো হরমোন নির্গত হয়, যা মনকে খুশি রাখতে সাহায্য করে। আমেরিকান সাইকোলজিক্যাল অ্যাসোসিয়েশনের পর্যবেক্ষণ, নিয়মিত হাঁটহাটি অবসাদ ও উদ্বেগের মতো মানসিক সমস্যা দূরে রাখতে সাহায্য করে। মস্তিষ্ককে সচল রাখে: নিয়মিত হাঁটায় মস্তিষ্কের কার্যক্ষমতাও বাড়ে। মাত্র ১৫ মিনিট হাঁটাই স্মৃতিশক্তি বাড়াতে পারে। অ্যালঝাইমার্সের মতো রোগের ঝুঁকি কমাতে সাহায্য করে।

ওজন নিয়ন্ত্রণ সাহায্য করে: ওজন কমানোর জন্য অনেকেই হাঁটাহাঁটিকে গুরুত্ব দেন। নিয়মিত হাঁটাহাটি স্বাস্থ্যের জন্য ভাল। শুধু তা-ই নয়, ক্যালোরি ক্ষয় করতেও সাহায্য করে হাঁটা। যা ওজন কমানো বা নিয়ন্ত্রণের জন্য খুব প্রয়োজন।

তরতাজা করে তোলে: খানিকটা হাঁটহাটি মন ও শরীরকে চাঙ্গা করে তোলে। হাঁটলে শরীরে অক্সিজেন তুলনায় বেশি যায়। সারা শরীরে রক্ত সঞ্চালন ভাল ভাবে হয়। এই বিষয়গুলি শরীর ও মন তরতাজা করে তোলে। পেশি ও হাড় মজবুত করে: নিয়মিত হাঁটাহাটিতে যে হেতু পেশি থেকে হাড়, সব কিছুরই ব্যায়াম হয়, তাই সেগুলিও মজবুত হয়ে ওঠে।

ঘুম ভাল হয়: শুলেই যাঁদের ঘুম আসে না, সাধ্যসাধনার দরকার হয়, তাঁদের ক্ষেত্রে এই হাঁটা খুব উপকারে আসে। দিনে অন্তত ১৫ মিনিট হাঁটলেও শরীরে শক্তি ক্ষয় হয়। তার জেরেই ঘুম ভাল হয়।



বৃহস্পতিবার আগরতলায় একটি চাকরি মেলায় প্রতাশিতরা ইন্টারভিউ প্রদান করেন।

# পালিকে ধ্রুপদী ভাষার মর্যাদা দেওয়ার সিদ্ধান্তে আনন্দের উন্মেষ নিয়ে মন্তব্য মোদীর

কলকাতা, ২৪ অক্টোবর (হি.স.): প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পালিকে ধ্রুপদী ভাষার মর‍্যাদা দেওয়ার ভারত সরকারের সিদ্ধান্তে যে ইতিবাচক সাড়া মিলেছে, তাতে সন্তোষ প্রকাশ করেছেন।

বৃহস্পতিবার তিনি এক্স হ্যান্ডেলে জানান, এই সিদ্ধান্ত ভগবান বুদ্ধের দর্শনে বিশ্বাসীদের মনে আনন্দের উন্মেষ ঘটিয়েছে। তিনি কলম্বোয় আইসিসিআর আয়োজিত 'ধ্রুপদী ভাষা হিসেবে পালি' শীর্ষক আলোচনায় যোগ দেওয়া বিভিন্ন দেশের বিদ্বান এবং সন্ন্যাসীদের ধন্যবাদ জানিয়েছেন।

এক্স হ্যান্ডলে শ্রীলঙ্কায় ভারতের হাইকমিশন অফিসের একটি পোস্ট যুক্ত করে প্রধানমন্ত্রী ওই মন্তব্য করেন।

তাতে লেখা আছে ইন্ডিয়ান কাউন্সিল ফর কালচারাল রিলেশন্স পালি ভাষা নিয়ে কলম্বোয় একটি কর্মসূচি করেছে। আমি খুশি যে, ভারত সরকার পালি ভাষাকে ধ্রুপদী ভাষায় মর‍্যাদা দেওয়ার সিদ্ধান্ত নেওয়ায় ভগবান বুদ্ধের দর্শনে বিশ্বাসীদের মধ্যে আনন্দের সঞ্চার ঘটেছে। কর্মসূচিতে বিভিন্ন দেশের যেসব বিদ্বান ও সন্ন্যাসী অংশ নিয়েছেন, তাঁদের কাছে কৃতজ্ঞ"।

কলম্বোয় ওই কর্মসূচীর উদ্যোক্তা ছিলেন চিকিৎসক-কূটনীতিবিদ সত্যাঞ্জল পাণ্ডে। প্রধান অতিথি ছিলেন শ্রীলঙ্কার বুদ্ধ শাসন, ধর্ম ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রকের সচিব।

## শ্রীনগরে পশ্চিমবঙ্গের এক ব্যক্তির মৃতদেহ উদ্ধার

শ্রীনগর, ২৪ অক্টোবর (হি.স.): বৃহস্পতিবার শ্রীনগরে গনবুগ এলাকায় এক ব্যক্তির মৃতদেহ উদ্ধার হয়। পুলিশ সূত্রে জানা গেছে, মৃত ব্যক্তির বাড়ি পশ্চিমবঙ্গে। তাঁর নাম এমডি জাহুদ বলে জানা গেছে।

খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠায়। কীভাবে ওই ব্যক্তির মৃত্যু হলো তা তদন্ত করে দেখছে পুলিশ।

## গোবরডাঙায় নাবালিকাকে ধর্ষণের অভিযোগে অভিযুক্ত গ্রেফতার

গোবরডাঙা, ২২ অক্টোবর(হি.স.): নাবালিকাকে ভয় দেখিয়ে একাধিকবার ধর্ষণের অভিযোগে অভিযুক্ত সুনীল রায়কে (৪২) গ্রেফতার করেছে গোবরডাঙা থানার পুলিশ। অভিযোগের ভিত্তিতে জানা গেছে, দিনের পর দিন হুমকি দিয়ে এই ঘটনা ঘটিয়েছিল অভিযুক্ত। অভিযুক্তের হুমকি ছিল, এই ঘটনার কথা কাউকে জানালে নাবালিকার বাবা-মাকে হত্যা করা হবে। ফলে, নাবালিকা ভয়ে কোনো অভিযোগ জানাতে পারেনি।

অবশেষে, নাবালিকা অন্তঃসত্ত্বা হয়ে পড়লে তার পরিবার গোবরডাঙা থানায় অভিযোগ দায়ের করে। পুলিশ অভিযুক্তের বিরুদ্ধে একাধিক ধারায় মামলা রুজু করে তাকে গ্রেফতার করেছে। বৃহস্পতিবার বারাসাত আদালতে অভিযুক্তকে পেশ করা হয়েছে, এবং পুলিশ হেফাজতের আবেদন জানানো হয়েছে।

নাবালিকার শারীরিক পরীক্ষাও সম্পন্ন হয়েছে স্থানীয় এক হাসপাতালে। তবে, অন্তঃসত্ত্বা নাবালিকার ভবিষ্যৎ নিয়ে এখন বড় প্রশ্ন উঠেছে। প্রশাসন এবং চিকিৎসা সংক্রান্ত বিভিন্ন পদক্ষেপের ভিত্তিতে কীভাবে তার ভবিষ্যৎ নির্ধারণ হবে, তা নিয়ে উদ্বেগ প্রকাশ করেছে পরিবার এবং স্থানীয়রা।

## শিলিগুড়িতে বিপুল পরিমাণ নিষিদ্ধ বাজি বাজেয়াপ্ত

শিলিগুড়ি, ২৪ অক্টোবর (হি. স.) : বিপুল পরিমাণ নিষিদ্ধ বাজি বাজেয়াপ্ত করেছে মাটিগাড়া থানা পুলিশ। এই ঘটনায় এক অভিযুক্তকে আটক করছে। যার নাম ভারত কুমার। পুলিশ সূত্রে জানা গেছে, বুধবার রাতে মাটিগাড়ার খাপড়াইল বাজার এলাকায় নিষিদ্ধ বাজি বিক্রি হচ্ছে বলে গোপন সংবাদ পাওয়া যায়। এরপর মাটিগাড়া থানার পুলিশ ওই এলাকায় অভিযান চালায়। পুলিশ ভরত কুমারের বাড়িতে অবস্থিত দোকানে অভিযান চালিয়ে তল্লাশি চালালে বিপুল পরিমাণ নিষিদ্ধ বাজি উদ্ধার করে। যার আনুমানিক মূল্য লক্ষাধিক টাকা। এরপর জিজ্ঞাসাবাদের জন্য ভারত কুমারকে হেফাজতে নেওয়া হয়। মাটিগাড়া থানার পুলিশ তদন্ত শুরু করেছে।

## সিবিএসই দশম ও দ্বাদশ শ্রেণির পরীক্ষার সময়সূচি ঘোষিত

কলকাতা, ২৪ অক্টোবর (হি.স.): আগামী বছরের সেন্ট্রাল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশনের (সিবিএসই) দশম ও দ্বাদশ শ্রেণির পরীক্ষার সময়সূচি। ১ জানুয়ারি থেকে শুরু হবে প্র্যাকটিক্যাল। লিখিত পরীক্ষা শুরু ১৫ ফেব্রুয়ারি থেকে।

বৃহস্পতিবার সেন্ট্রাল বোর্ডের তরফে অফিসিয়াল ওয়েবসাইটে আগামী বছরের পরীক্ষার সময়সূচি জানানো হয়েছে। খুব শীঘ্রই দশম ও দ্বাদশ শ্রেণির বিষয়ভিত্তিক পরীক্ষার তারিখও প্রকাশ করা হবে। সেই তথ্যও মিলবে বোর্ডের ওয়েবসাইটে।

উভয় শ্রেণির সব বিষয়ের প্র্যাকটিক্যাল, অ্যাসাইনমেন্ট ও অভ্যন্তরীণ মূল্যায়নের নম্বর বণ্টন সংক্রান্ত বিস্তারিত তথ্যও ওয়েবসাইটে দিয়েছে বোর্ড। নোটিস দিয়ে জানানো হয়েছে, অনেক সময় স্কুলগুলো প্র্যাকটিক্যাল, অ্যাসাইনমেন্ট ও অভ্যন্তরীণ মূল্যায়নের নম্বর আপলোড করতে ভুল করে। এবারে যাতে তা না হয় সেজন্য বাড়তি সতর্কতা অবলম্বন করতে বলা হয়েছে।

পাশাপাশি সহজে ও সঠিকভাবে সমস্ত পরীক্ষাগুলো পরিচালনার জন্যও স্কুলগুলোকে বিস্তারিত তথ্য দিয়েছে বোর্ড।

বোর্ড জানিয়েছে, ৭৫ শতাংশ উপস্থিতি থাকলে তবেই একজন পড়ুয়া পরীক্ষায় বসার অনুমতি পাবে। এছাড়া পরীক্ষার্থীদের জন্য বিষয়ের নাম, বিষয় কোড, লিখিত, প্র্যাকটিক্যাল, অ্যাসাইনমেন্ট ও অভ্যন্তরীণ পরীক্ষার সর্বাধিক নম্বর সংক্রান্ত বিস্তারিত তথ্য দেওয়া হয়েছে ওয়েবসাইটে।

প্রতিটি বিষয়ের জন্য সর্বোচ্চ নম্বর নির্ধারণ করা হয়েছে ১০০। এই নম্বর লিখিত, প্র্যাকটিক্যাল, অ্যাসাইনমেন্ট ও অভ্যন্তরীণ পরীক্ষার মধ্যে বণ্টন করা হবে। প্রতিটি স্কুলকে সঠিকভাবে সমস্ত নম্বর আপলোড করতে হবে। কারণ একবার আপলোড করা সংখ্যা আর পরিবর্তন করা যাবে না।

## হাড়োয়া উপনির্বাচনে আইএসএফ প্রার্থী পিয়ারুল ইসলামের মনোনয়ন জমা, জয়ের বিষয়ে আশাবাদী নওশাদ সিদ্দিকী

বসিরহাট, ২২ অক্টোবর(হি.স.): হাড়োয়া উপনির্বাচনে বামপন্থীরা আইএসএফ-কে আসনটি ছেড়ে দেওয়ার পর, আইএসএফ প্রার্থী পিয়ারুল ইসলাম বৃহস্পতিবার বসিরহাট মহকুমা শাসকের দফতরে নিজের মনোনয়ন জমা দিলেন। ভাঙ্গরের বিধায়ক নওশাদ সিদ্দিকী এই নির্বাচনে জয়ের বিষয়ে শতভাগ আশাবাদী বলে জানিয়েছেন। তিনি আরও বলেন, 'উপনির্বাচন গুলো শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হোক, যাতে মানুষ যাকে চাইবে, সেই জিততে পারে। সন্ত্রাস না হলে এবং ভোট শান্তিপূর্ণভাবে সম্পন্ন হলে, আমরা হাড়োয়া থেকে আরেকজন বিধায়ককে বিধানসভায় পাঠাতে পারব।'

ঘূর্ণিঝড় "দানা" নিয়ে কথা বলতে গিয়ে নওশাদ সিদ্দিকী বলেন, 'এই প্রাকৃতিক দুর্যোগের বিরুদ্ধে আমাদের কারও কিছু করার নেই, তবে রাজ্য সরকার সদর্থক ভূমিকা নিলে মানুষ কিছুটা স্বস্তি পাবে। সরকার যদি যথাযথভাবে কাজ করে, তাহলে মানুষকে কিছুটা রিলিফ দেওয়া সম্ভব হবে।' তিনি বসিরহাটের ইছামতি নদীর পাড়ে দাঁড়িয়ে কথা বলার সময় উল্লেখ করেন, যেখানে একটি বাইপাস রাস্তা হওয়ার পরিকল্পনা ছিল। এই প্রকল্পের জন্য ৩ কোটি টাকা বরাদ্দ হলেও, কোনো কারণে সেই রাস্তার কাজ শুটটরু হয়নি।

নওশাদ সিদ্দিকী আরও বলেন, 'আমরা চাই, দুর্যোগে সব মানুষের জীবন সুস্থ ও স্বাভাবিক অবস্থায় থাকুক। প্রাকৃতিক বিপর্যয়ের সামনে আমাদের কিছু করার নেই, কিন্তু সঠিক পদক্ষেপ নিলে ক্ষয়ক্ষতি অনেকটা কমানো সম্ভব।' উল্লেখ্য, হাড়োয়া উপনির্বাচন নিয়ে রাজনৈতিক মহলে যথেষ্ট চাঞ্চল্য তৈরি হয়েছে, এবং আইএসএফ প্রার্থীর এই মনোনয়ন জমা দেওয়া নিয়ে আসন্ন নির্বাচন আরও প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ হবে বলে মনে করা হচ্ছে।

## শনিবার থেকে গায়ানায় শুরু হবে নতুন পাঁচ দলের টি-টোয়েন্টি গ্লোবাল সুপার লিগ

গায়ানা, ২৪ অক্টোবর (হি.স.) : টি-টোয়েন্টি ফরম্যাটের ক্রমবর্ধমান জনপ্রিয়তার আরও প্রমাণ হিসাবে নভেম্বর মাসে গায়ানায় একটি নতুন টি-টোয়েন্টি লিগ শুরু হতে চলেছে। ক্রিকেটের পাঁচটি শীর্ষস্থানীয় দেশের ফ্র্যাঞ্চাইজিগুলি অংশ নেবে। পুরস্কার মূল্য এক মিলিয়ন ডলার।

বুধবার আয়োজকরা জানিয়েছেন তিনবারের ভাইটালিটি ব্লাস্ট চ্যাম্পিয়ন হ্যাম্পশায়ার হকস প্রভিডেন্স গ্লোবাল সুপার লিগে (জিএসএল) প্রতিদ্বন্দ্বিতাকারী পাঁচটি দলের মধ্যে রয়েছে।

এছাড়া ক্যারিবিয়ান প্রিমিয়ার লিগের অন্য দল গায়ানা আমাজন ওয়ারিয়র্স, বাংলাদেশের রংপুর রাইডার্স, অস্ট্রেলিয়ার ভিক্টোরিয়া এবং পাকিস্তান সুপার লিগের দল লাহোর কালান্দার্স।

ভারতীয় বোর্ড পুরুষ ক্রিকেটারদের অন্য কোনও লিগে খেলার অনুমতি না দেওয়ায় এই প্রতিযোগিতায় অংশ নিতে পারছে না।

জিএসএল-এর চেয়ারম্যান এবং ওয়েস্ট ইন্ডিজের প্রাক্তন অধিনায়ক ক্লাইভ লয়েড এক বিবৃতিতে বলেছেন, 'আমরা আমাদের সুন্দর দেশে দলগুলোকে স্বাগত জানাতে উন্মুখ, যেখানে আমরা নিশ্চিত যে মাঠের অ্যাকশন চমৎকার হবে।'

## মেট্রোর হেরিটেজ রান: এনজিইএফ রেকের যাত্রায় যাত্রীদের নস্টালজিয়া

কলকাতা, ২২ অক্টোবর(হি.স.): বৃহস্পতিবার পরপর তৃতীয় দিন কলকাতা মেট্রোর নীল লাইনে মহানায়ক উত্তম কুমার থেকে ময়দান পর্যন্ত বিশেষ হেরিটেজ রানে এনজিইএফ রেকের (রেক নম্বর: ঙ্-১৬/১৮) যাত্রা সম্পন্ন হয়েছে। এই রেকটি একসময় কলকাতা মেট্রোর নন-এসি যুগের প্রতীক ছিল, যা আজকের যাত্রীদের মধ্যে নস্টালজিয়া ফিরিয়ে এনেছে। কলকাতা মেট্রোর চল্লিশ বছরের গৌরবময় সেবা উদযাপনের অংশ হিসেবে সাধারণ যাত্রীদের জন্য এই বিশেষ যাত্রা আয়োজন করা হয়।

এই বিশেষ যাত্রার জন্য মহানায়ক উত্তম কুমার স্টেশনে বিশেষ টিকিটের ব্যবস্থা করা হয়েছিল, যার দাম ছিল মাথাপিছু ১০০ টাকা। মোট ৪৭ জন যাত্রী এই ৬.১ কিলোমিটার দীর্ঘ যাত্রায় অংশগ্রহণ করেন। রেকটি প্রথম চালু হয়েছিল ১৩ মে ১৯৯২ সালে এবং ২৬ ডিসেম্বর ২০২০ সালে শেষবারের মতো বাণিজ্যিক পরিষেবায় ব্যবহৃত হয়। কারখানা (এনজিইএফ) দ্বারা তৈরি, যা ভারতীয় রেলের স্বনির্ভরতার প্রতীক। ১৯৮৪ সালের ২৪ অক্টোবর প্রথম এনজিইএফ রেকটি বাণিজ্যিকভাবে চালু হয়েছিল।

## মনোনয়নপত্র জমা দিলেন কল্পনা সোরেন

গিরিডি, ২৪ অক্টোবর (হি.স.): ঝাড়খণ্ড মুক্তি মোর্চা (জেএমএম) সুপ্রিমো ঝাড়খণ্ডের মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেনের স্ত্রী কল্পনা সোরেন বৃহস্পতিবার গান্ডে বিধানসভা কেন্দ্র থেকে দলীয় প্রার্থী হিসেবে মনোনয়নপত্র জমা দিয়েছেন। এসময় জেএমএম নেতারা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, দিন দুয়েক আগেই প্রার্থীতালিকা ঘোষণা করেছিল জেএমএম। সেই তালিকায় মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেন, স্ত্রী কল্পনা ও অন্যান্যদের নাম আছে। সেসময়ই জানা গিয়েছিল, গিরিডির গান্ডে আসন থেকে টিকিট দেওয়া হয়েছে হেমন্তের স্ত্রী কল্পনাকে।

## অবসর ঘোষণা করলেন ভারতের মহিলা হকি দলের প্রাক্তন অধিনায়ক রানি রামপাল

নয়াদিল্লি, ২৪ অক্টোবর (হি.স.) : বৃহস্পতিবার ভারতীয় মহিলা হকি দলের প্রাক্তন অধিনায়ক রানি রামপাল অবসর ঘোষণা করলেন। ১৬ বছরের উজ্জ্বল কেরিয়ারের তিনি সমাপ্তি টানলেন।

টোকিও অলিম্পিকে চতুর্থ স্থান অর্জনে ভারতকে নেতৃত্ব দিয়েছিলেন রানি রামপাল। আসন্ন মহিলা হকি ইন্ডিয়া লিগে (এইচআইএল) পাঞ্জাব এবং হরিয়ানার সুরমা হকি ক্লাবের পরামর্শদাতা এবং কোচ হবেন রানি রামপাল।সম্প্রতি সাব-জুনিয়র মহিলা খেলোয়াড়দের জাতীয় কোচ হিসেবে তাকে নিয়োগ করা হয়েছে।

বৃহস্পতিবার এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেছেন, 'আমি কখনওই ভাবিনি, এতদিন ভারতের হয়ে খেলব। আমার শৈশব গেছে অনেক দারিদ্র্যতার মধ্যে দিয়ে। তবুও আমার মনোযোগ ছিল কিছু করার জন্য, দেশের প্রতিনিধিত্ব করা।'

## জলাশয় থেকে অজ্ঞাত এক ব্যক্তির দেহ উদ্ধার ঘিরে চাঞ্চল্য

শিলিগুড়ি, ২৪ অক্টোবর (হি. স.) : বৃহস্পতিবার সকালে শিলিগুড়ির ফাঁসিদেওয়া ব্লকের নিজামতারা এলাকায় একটি জলাশয় থেকে অজ্ঞাত ব্যক্তির দেহ উদ্ধারের ঘটনায় এলাকায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। স্থানীয় বাসিন্দারা জলাশয়ের কাছাকাছি মাঠে গবাদি পশু চরানোর সময় দুর্গন্ধ পায়। এরপর জলাশয়ের কাছে গিয়ে দেখেন সেখানে একটি মৃতদেহ পড়ে রয়েছে। পরে ফাঁসিদেওয়া থানার পুলিশকে খবর দেওয়া হয়। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ ও হাসপাতালে পাঠায়। নিহতের পরিচয় জানার চেষ্টা করছে পুলিশ। সেই সঙ্গে কীভাবে মৃতদেহ ওই জলাশয়ে পৌঁছল তা নিয়েও তদন্ত শুরু করছে ফাঁসিদেওয়া থানার পুলিশ।

## খাঁখাঁ করছে পুরী, গোপালপুর-সহ ওড়িশার সৈকতগুলি

পুরী, ২৪ অক্টোবর (হি.স.): সারা বছর ওডিশার জনপ্রিয় যে সৈকতগুলি পর্যটকদের ভিড়ে থিকথিক করে, বৃহস্পতিবারশুধু সমুদ্রের ঢেউ গর্জন করে আছড়ে পড়ছে সৈকতে। নেই কোনও পর্যটক, নেই কোনও শোরগোল। ঘূর্ণিঝড় 'দানা' আসার আগেই পুরী, গোপালপুর, পারাদ্বীপ, চাঁদিপুরের মতো জনপ্রিয় সৈকতগুলির চেহারা অচেনা হয়ে উঠেছে। এখন এই সৈকতগুলিতে শুধু দেখা মিলছে রাজ্য বিপর্যয় মোকাবিলা বাহিনী (এসডিআরএফ), জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনীর (এনডিআরএফ) সদস্যদের। সঙ্গে চলছে পুলিশের কড়া নজরদারিও। 'দানা' মোকাবিলায় পুরোপুরি প্রস্তুত। ইতিমধ্যেই ওড়িশার পর্যটনস্থলগুলি ছেড়ে চলে এসেছেন পর্যটকেরা।

সোমবার থেকেই এই জনপ্রিয় সৈকতগুলির দৃশ্য বদলাতে শুরু করেছে। বুধবারের মধ্যে সেই দৃশ্য আরও বদলেছে। খাঁখাঁ করছে সৈকতগুলি।

## রাজস্থানের পাশাপাশি কর্নাটকের বিধানসভা উপনির্বাচনে প্রার্থী ঘোষণা কংগ্রেসের

নয়াদিল্লি, ২৪ অক্টোবর (হি.স.): কংগ্রেস কর্ণাটকের সান্দুর থেকে ই. অন্নপূর্ণা এবং চান্নাপাটনা আসন থেকে সিপি যোগেশ্বরকে প্রার্থী ঘোষণা করেছে। উল্লেখ্য, এই উপনির্বাচনে মনোনয়ন দাখিলের শেষ তারিখ ২৫ অক্টোবর এবং মনোনয়ন প্রত্যাহারের শেষ তারিখ ৩০ অক্টোবর।

প্রসঙ্গত, রাজস্থানের ৭টি বিধানসভা আসনের উপনির্বাচনের জন্য প্রার্থী ঘোষণা করেছিল কংগ্রেস। দল ঝুনঝুনু থেকে অমিত ওলা, রামগড় থেকে আরিয়ান জুবের, দৌসা থেকে দীনদয়াল বৈরওয়া, দেওলি-উনিয়ারা থেকে কস্তুর চাঁদ মীনা, খিনোসার থেকে রতন চৌধুরী, সালুম্বর থেকে রেশমা মীনা এবং চৌরাসি থেকে মহেশ রোটকে মনোনয়ন দিয়েছে। অমিত ওলা সাংসদ ব্রিজেন্দ্র সিং ওলার ছেলে। আরিয়ান জুবের প্রাক্তন বিধায়ক প্রয়াত জুবের খানের ছেলে।

## ছত্তিশগড়ে রাস্তা পার হতে গিয়ে ট্রাকের ধাক্কায় মৃত্যু কিশোরীর

মহাসমুন্দ, ২৪ অক্টোবর (হি. স.) : বৃহস্পতিবার সকালে ছত্তিশগড়ের বাগবাহরা থানার অধীনে একটি ট্রাকের ধাক্কায় ছয় বছরের কিশোরীর মৃত্যু হয়। দুর্ঘটনায় ঘটনাস্থলেই মেয়েটির মৃত্যু হয়। পুলিশ মৃতদেহটিকে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে। পুলিশ থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী, ৩৫৩ নম্বর জাতীয় সড়কের ফুলওয়ারি চকের কাছে ঘটনাটি ঘটেছে। নিহত মেয়ে দীক্ষা গুপ্তা তার বাড়ি থেকে বের হয়ে রাস্তা পার হচ্ছিল। এদিকে রায়পুর থেকে সিমেন্ট নিয়ে ওডিশাগামী একটি লোহা ব্যবসায়ী ট্রাক কিশোরীকে পিষে দেয়।

## প্রাক্তন পুলিশকর্তা পঙ্কজ দত্তর অসুস্থতা নিয়ে পাল্টা প্রশ্ন কুণালের

কলকাতা, ২৪ অক্টোবর (হি.স.): অবসরপ্রাপ্ত পুলিশকর্তা পঙ্কজ দত্তর শারীরিক সঙ্কটের জন্য মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে কটাক্ষ করেছিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। বৃহস্পতিবার তার জবাব দিলেন তৃণমূল নেতা কুণাল ঘোষ।

কুণাল এক্সবার্তায় লিখেছেন, "পঙ্কজদা সুস্থ থাকুন। যাঁরা এসব নিয়ে শকুনের মত মন্তব্য করছে, তারা এই ৫টির জবাব দিক।পঙ্কজ দত্তর দ্রুত আরোগ্য কামনা করি। এনিয়ে কুৎসার অপপ্রচার বন্ধ হোক।১) উনি একটি এলাকার মহিলাদের নিয়ে কুরুচিকর জঘন্য কথা বলেছেন। আইনি প্রক্রিয়ায় পুলিশ তাঁকে ডাকবে না?২) এত বড় পুলিশ অফিসার ছিলেন, আর পুলিশ একদিন ডাকলেই অসুস্থ, বিশ্বাসযোগ্য?৩) পুলিশ ডাকায় যদি অসুস্থ হয়ে থাকেন, তাহলে তা নিয়ে মেডিকেল রিপোর্টসহ কোর্টে যাননি কেন?৪) পুলিশ ডাকায় যদি অসুস্থ হয়ে থাকেন, তাহলে অসুস্থতা নিয়ে আবার টিভি চ্যানেলে গিয়ে চেঁচালেন কেন? কেনই বা ভাষণ দিতে বেনারস গেলেন?৫) এই অসুস্থতার জন্য পুলিশ ডাকা দায়ী হলে তাপস পাল, সুব্রত মুখোপাধ্যায়, সুলতান আমেদের জন্য একই যুক্তিতে কি সিবিআই দায়ী নয়?

## আইটিবিপি-র প্রতিষ্ঠা দিবসে প্রতিষ্ঠানের কর্মীদের শুভেচ্ছা অমিত শাহর

কলকাতা, ২৪ অক্টোবর (হি.স.): ইন্ডো টিবেটান বর্ডার পুলিশের (আইটিবিপি) প্রতিষ্ঠা দিবসে প্রতিষ্ঠানের কর্মীদের শুভেচ্ছা জানালেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।

বৃহস্পতিবার তিনি এক্সবার্তায় লিখেছেন, "আইটিবিপি-এর কর্মীদের তাঁদের প্রতিষ্ঠা দিবসে শুভেচ্ছা জানাই। চরম আবহাওয়ার মধ্যে আমাদের জাতিকে রক্ষা করার জন্য তাঁদের অটল উৎসর্গ সত্যিই অসাধারণ। জাতি তাঁদের সাহসিকতা ও দেশপ্রেমের জন্য অপরিসীম গর্বিত। আমার অভিবাদন অমর হিমবীরদের যাঁরা জাতির জন্য সর্বোচ্চ আত্মত্যাগ করেছেন।"

## নগাঁওয়ে সড়ক দুর্ঘটনা, হত এক

নগাঁও (অসম), ২৪ অক্টোবর (হি.স.) : নগাঁও শহরে সংঘটিত এক সড়ক দুর্ঘটনায় এক ব্যক্তির ম্যৃ হয়েছে। নিহতকে জনৈক তাইজুল ইসলাম বলে শনাক্ত করা হয়েছে।

প্রতিদিনের মতো আজ বৃহস্পতিবার ভোরে প্রাতর্ভমণে বেরিয়েছিলেন নগাঁও টাউন ঈদগাহ এলাকার বসিন্দা তাইজুল ইসলাম। এক সময় এএস ০১ আরসি ৯৫৭০ নম্বরের একটি ট্রাক তাঁকে ধাক্কা দিয়ে ফেলে দেয়। ঘটনাস্থলেই মৃত্যু হয় তাইজুল ইসলামের।

এদিকে দুর্ঘটনা সংগঠিত করে ট্রাক নিয়ে পালানোর চেষ্টা করে চালক। কিন্তু স্থানীয় মানুষের তৎপরতায় ট্রাক সহ চালককে আটক করা হয়। ঘটনার খবর পেয়ে নগাঁও সদর থানার পুলিশ অকুস্থলে গিয়ে মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য হাসপাতালের মর্গে পাঠিয়েছে। পাশাপাশি ট্রাক ও তার চালককে নিজেদের জিম্মায় নিয়েছে পুলিশ।

## কেদারনাথ রোডের খাদ থেকে উদ্ধার পশ্চিমবঙ্গের এক বৃদ্ধার মৃতদেহ

দেহরাদূন, ২৪ অক্টোবর (হি.স.): উত্তরাখণ্ডের রুদ্রপ্রয়াগের কেদারনাথ সড়কের চিরবাসার কাছে খাদ থেকে পশ্চিমবঙ্গের এক বয়স্ক মহিলার মৃতদেহ উদ্ধার করেছে এসডিআরএফ।

বৃহস্পতিবার জানা গেছে, বুধবার গভীর রাতে এসডিআরএফ এর কাছে সোনপ্রয়াগ থানা থেকে খবর আসে যে চিরবাসার কাছে খাদে একটি মৃতদেহ দেখতে পাওয়া গেছে। খবর পেয়েই এসডিআরএফ বাহিনী ঘটনাস্থলে পৌঁছে গভীর রাতেই অত্যন্ত প্রতিকূল পরিস্থিতিতে মহিলার দেহ খাদ থেকে উদ্ধার করে। জানা গেছে, মৃত মহিলার নাম কল্পনা দাস (৬০)। তিনি পশ্চিমবঙ্গের দমদমের বাসিন্দা। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

## উত্তর প্রদেশের পাশাপাশি রাজস্থানের বিধানসভা উপনির্বাচনেও প্রার্থীর নাম ঘোষণা বিজেপির

নয়াদিল্লি, ২৪ অক্টোবর (হি.স.): বৃহস্পতিবার ভারতীয় জনতা পার্টি (বিজেপি) রাজস্থানের বিধানসভা উপনির্বাচনের জন্য একজন প্রার্থীর নাম ঘোষণা করেছে। রাজস্থানের চৌরাসি আসন থেকে প্রার্থী করা হয়েছে করিলাল নানোমাকে।

উল্লেখ্য, রাজস্থানের পাশাপাশি উত্তর প্রদেশের বিধানসভা উপনির্বাচনের জন্য প্রার্থী তালিকা প্রকাশ করেছে বিজেপি। উত্তর প্রদেশের ৯টি আসনে বিধানসভা উপনির্বাচন। তার মধ্যে ৭ জনের প্রার্থী তালিকা প্রকাশ করেছে বিজেপি। কুন্দারকি বিধানসভা থেকে রামবীর সিং ঠাকুর, গাজিয়াবাদ থেকে সঞ্জীব শর্মা, খয়ের বিধানসভা থেকে সুরেন্দ্র দিলার এবং করহাল থেকে অনুজেশ যাদবকে প্রার্থী ঘোষণা করা হয়েছে।


বৃহস্পতিবার মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব সুস্থ কৈশর অনুষ্ঠানের উদ্বোধন করেন মেয়র দীপক মজুমদার। নিজস্ব ছবি।

## মাটিগাড়া স্কুল ছাত্রী ধর্ষণ ও খুন মামলার কীনারায় ২২জন পুলিস অফিসার ৩কনষ্টেবল সম্মানিত

শিলিগুড়ি, ২৪ অক্টোবর(হি.স.): শিলিগুড়ি, মাটিগাড়া স্কুল ছাত্রীকে ধর্ষণ ও খুনের ঘটনার কীনারায় ২২জন পুলিশ অফিসার ৩কনষ্টেবলকে সম্মানিত করল শিলিগুড়ি মেট্রোপলিটন পুলিশ।বৃহস্পতিবার সকালে শিলিগুড়ি পুলিশ কমিশনারেটে ওই আধিকারিকদের সম্মানিত করে মেট্রোপলিটন পুলিশের সিপি সি সুধাকর।স্কুল ছাত্রীকে ধর্ষণ ও খুনের মামলায় অভিযুক্ত মহম্মদ আব্বাসকে াঁসির সাজা দিয়েছে শিলিগুড়ি আদালত।গত ২০২৩ সালের ২১শে আগস্ট ধর্ষণ করে খুনের ঘটনাটি ঘটে মাটিগাড়া ব্লকের মোটাজোত এলাকার একটি পরিত্যক্ত এলাকায়।ঘটনার মাত্র ৬ ঘন্টার মধ্যেই অভিযুক্তকে গ্রেফতার করে পুলিশ।গ্রেফতার কয়েক মাসের মধ্যেই পুলিশ আদালতে চার্জশিট পেশ করে।বিভিন্ন তথ্য প্রমান ও সাক্ষীর ভিত্তিতে আদালত অভিযুক্তকে ফাঁসির সাজা শুনিয়েছে।এদিন,ওই ঘটনায় সফলতার জন্য ২২জন পুলিশ কর্মীকে সম্মান জানানো হয়। এরমধ্যে ১জন এসিপি,২জন ইন্সপেক্টর ১৫জন এসআই,৪ এএসআই,৩ জন কনষ্টেবল।

## দলীয় কার্যালয় থেকে কোর কমিটির ছবি সরানোর ঘটনায় সরব বীরভূম জেলা পরিষদের সভাধিপতি

বোলপুর, ২৪ অক্টোবর (হি.স.): ''দলীয় কার্যালয় থেকে কোর কমিটির ছবি সরানো উচিত হয়নি'', সরব হলেন বীরভূম জেলা পরিষদের সভাধিপতি তথা কোর কমিটির সদস্য কাজল শেখ। বোলপুরে তৃণমূল কার্য্যালয়ে অনুব্রত আসার আগে কোর কমিটির সদস্যদের ছবি সরিয়ে অনুব্রতর ছবিতে সাজিয়ে তোলা হয়েছিল। কাজল শেখের যুক্তি, অনুব্রতর ছবি থাক, কিন্তু মুখ্যমন্ত্রীর গঠিত কোর কমিটির সদস্যদের ছবিও রাখতে হত। পাশাপাশি, নানুরে অনুব্রত ঘনিষ্ঠ নেতাকে নাম না করে কড়া হুঁশিয়ারি কাজল শেখের। ''আমিও খেলতে জানি, চুড়ি পরে বসে নেই'', বললেন তিনি। অর্থাৎ, অনুব্রত জেলায় ফিরতেই যুযুধান হিসাবে পরিচিত কাজলের সুর বদল।গোরু পাচার ও আর্থিক তছরুপের মামলায় জামিন পেয়ে ২ বছর পর বীরভূম জেলায় ফিরেছেন অনুব্রত মণ্ডল। দীর্ঘ দিন পর বুধবার বোলপুরে দলীয় কার্য্যালয়ে এসেছিলেন তিনি। তবে তাঁর আসার আগে, এই কার্য্যালয়ে বাইরে থাকা কোর কমিটির সদস্যদের ছবি দেওয়া বোর্ডটি সরিয়ে ফেলতে দেখা গিয়েছিল। তার পরিবর্তে কার্য্যালয়জুড়ে অনুব্রতর ছবি দিয়ে সাজিয়ে দেওয়া হয়েছিল। প্রসঙ্গত, জেলায় ফিরলেও এখনও পদে ফেরেননি অনুব্রত। এই প্রসঙ্গে বীরভূম জেলা পরিষদের সভাধিপতি তথা কোর কমিটির সদস্য কাজল শেখ বলেন, 'অনুব্রত মণ্ডলের ছবি লাগানো হয়েছে ভালো কথা। তিনি আমাদের দলের অভিবাবক। বীরভূম জেলায় তিল তিল করে সংগঠন গড়ে তুলেছেন তিনি। কিন্তু, কোর কমিটির সদস্যদের ছবি সরানো ঠিক হয়নি। মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায় কোর কমিটি গঠন করেছেন। তাই অনুব্রতর ছবি থাকত, কোর কমিটির ছবিও রাখা যেত। তৃণমূল কার্য্যালয় সবার।'অর্থাৎ, ছবি সরানো নিয়ে সোচ্চার অনুব্রতর যুযুধান হিসাবে পরিচিত কাজল। অন্যদিকে, নানুরের থুপসরা এলাকায় দলীয় কার্য্যালয়ে সাংগঠনিক বৈঠকে বক্তব্য রাখতে গিয়ে নাম না করে অনুব্রত ঘনিষ্ঠ নেতা আব্দুল কেরিম খানকে হুঁশিয়ারি দিতে দেখা গেল কাজল শেখকে। তিনি বলেন, 'আমি বালির পার্সেন্টেজ খেতে আসিনি। দলটাকে ভালোবেসে করি। যদি কেউ মনে করেন পাঙ্গা নেব, আমি চুড়ি পরে বসে নেই। আমি সব খেলাই খেলতে জানি।'

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ **(টোলফ্রি : ২৪ ঘন্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ **(পি বি এক্স), আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

## বিধানসভার উপনির্বাচন - সিতাই কেন্দ্রে বিজেপি প্রার্থীর মনোনয়ন দাখিল

কলকাতা, ২৪ অক্টোবর (হি. স.) : কোচবিহার জেলার সিতাই বিধানসভা কেন্দ্রে আগামী মাসের ১৩ তারিখ উপ নির্বাচন। বৃহস্পতিবার ওই কেন্দ্রের ভারতীয় জনতা পার্টির তরফেও এক বর্ণাঢ্য পদযাত্রার মাধ্যমেই দলের প্রার্থী মনোনয়ন পত্র দাখিল করা হয়েছে। দীপক কুমার রায় এই মুহূর্তে লড়াইয়ের ময়দানে রয়েছেন। দলীয় কর্মী ও সমর্থকদের উপস্থিতিতে দানা''র পরিপ্রেক্ষিতে সেই অর্থে এই জেলায় কোনও প্রভাব না পড়লেও দল বেঁধে বিজেপির অনুগামীরা ভিড় করেন। সর্বোপরি, প্রাক্তন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী নিশীথ প্রামাণিক এই উপলক্ষে আয়োজিত পদযাত্রাতে প্রার্থীর মনোনয়ন দাখিল পর্বে সামিল হয়েছিলেন। উল্লেখ্য, আগামীকাল মনোনয়ন পত্র জমা দেওয়ার শেষ দিন। পরীক্ষা করে তা দেখা হবে আগামী সোমবার অর্থাৎ ২৮ অক্টোবর।

## প্রাথমিক বৃত্তি পরীক্ষা পিছিয়ে ২৮-২৯, প্রাথমিক শিক্ষা উন্নয়ন পর্ষদের ঘোষণা

কলকাতা, ২৪ অক্টোবর (হি. স.) : প্রাথমিক বৃত্তি পরীক্ষা পিছিয়ে গেল। এই সিদ্ধান্ত অতি প্রবল ঘূর্ণিঝড় দানা''র পরিপ্রেক্ষিতে। প্রাথমিক শিক্ষা উন্নয়ন পর্ষদের তরফে এক বিজ্ঞপ্তিতে সবিস্তারে জানিয়ে দেওয়া হয়েছে। পশ্চিমবঙ্গ, প্রাথমিক শিক্ষা উন্নয়ন পর্ষদের সম্পাদক এক বিবৃতিতে সাংবাদিকদের কাছে জানিয়েছেন, চলতি মাসের ২৮ ও ২৯ তারিখ পরীক্ষা গ্রহণ করা হবে। এবং তা যথাসময়েই নেওয়া হবে। আঞ্চলিক পরীক্ষা পরিচালন কমিটির তরফে এই প্রাথমিক সিদ্ধান্ত নিয়ে পর্ষদের কার্য্যকরী কমিটির বৈঠক বসে। সেই বৈঠকেই তা চূড়ান্ত করা হয়েছে। এরপর ছাত্র ও ছাত্রীদের পাশাপাশি অভিভাবকদের কাছে তা জানিয়ে দেওয়া হয়েছে। এতদসত্ত্বেও ২০২৪ শিক্ষাবর্ষে প্রাথমিক বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণকারী সমস্ত ছাত্র ও ছাত্রীর অভিভাবক ও অভিভাবিকা - দের জ্ঞাতার্থে আগামী ২৪ ও ২৫ অক্টোবর, দু দিনের পরীক্ষা বন্ধ রাখা হল। রাজ্য সরকারের তরফেও মূলত ঘূর্ণিঝড় দানা''র কারণে ২৩ তারিখ থেকে ২৬ অক্টোবর, ২০২৪ পর্যন্ত ছাত্র ও ছাত্রীদের নিরাপত্তার জন্য স্কুল সম্পূর্ণরূপে বন্ধ রাখার নির্দেশ ইতিমধ্যেই ঘোষণা করা হয়েছে।

## শুবহ বেনারস অনুষ্ঠানে নৃত্য পরিবেশন করে প্রশংসিত বাঁকুড়ার কিশোরী আর্য্যা

বাঁকুড়া, ২৪ অক্টোবর (হি.স.) : বেনারসের ''শুবহ বানারস অনুষ্ঠানের'' ঘাট সন্ধ্যা ''অনুষ্ঠানে ভারতনাট্যম প্রদর্শন করে প্রশংসিত হলো বাঁকুড়ার বড়জোড়া হাট-আশুড়িয়ার কিশোরী আর্য্যা গুপ্ত। গতকাল সন্ধ্যায় বানারসের আশি ঘাটে এই অনুষ্ঠান হয়। আধ ঘণ্টার এই অনুষ্ঠান দেখতে হাজির ছিলেন প্রচুর দর্শক।সেই সাথে প্রচুর বিদেশি দর্শকও। উল্লেখ্য এই অনুষ্ঠানে যোগ দেওয়ার জন্য সারা ভারত থেকে প্রচুর নামিদামি শাস্ত্রীয় নৃত্য শিল্পী আবেদন করেন। বড়জোড়ার হাট-আশুড়িয়ার আর্য্যা ও আবেদন করে।সেখানে অডিশনের ডাক পায়।অডিশনেই সে ভারতনাট্যম পরিবেশন করার জন্য নির্বাচিত হয়। আর্য্যা দুর্গাপুর দিল্লি পাবলিক স্কুলের অষ্টম শ্রেণীর ছাত্রী। বিগত ১০ বছর ধরে শাস্ত্রীয় নৃত্যের তালিম নিচ্ছে তার গুরু নীলাঞ্জনা তিওয়ারীর কাছে। আর্য্যার বাবা তারাশঙ্কর গুপ্ত এবং মা বর্ষা শর্মা দুজনেই শিক্ষক। এর আগে বহু বড় বড় মঞ্চে নৃত্য পরিবেশন করেছে শিক্ষক দম্পতির কন্যা এই আর্য্যা। বানারসের ঘাট সন্ধ্যায় মোট ৪ টি নাচ পরিবেশন করে আর্য্যা। এদিন শুধু মাত্র আর্য্যারই অনুষ্ঠান ছিল। দুর্গা স্তুতি, শিব বন্দনা,ধনশ্রী তিলানা দর্শকদের মন জয় করে।অনুষ্ঠান শেষে সংবর্ধনা জানানো হয় আর্য্যাকে।উদ্যোক্তারা বলেন, সে এই বয়সে অনেক পরিনত নৃত্য কলা পরিবেশন করেছে যা আমাদের অভিভূত করেছে। আমরা তার উজ্জ্বল ভবিষ্যতের জন্য প্রার্থনা করছি। আর্য্যার নৃত্য গুরু নীলাঞ্জনা তিওয়ারী বলেন, একজন নৃত্য শিক্ষিকা হিসেবে শিষ্যার এই কৃতিত্বে আমি গর্বিত।

## মুখ্যমন্ত্রী

● প্রথম পাতার পর

ফলিক অ্যাসিড পরিপূরক, ভিটামিন এ ট্যাবলেট, টিটেনাস ও ডিপথেরিয়া টিকাকরণ সহ প্রায় ১২টি স্বাস্থ্য পরিষেবা দেওয়া হবে। স্বাস্থ্যকেন্দ্র ছাড়াও বিদ্যালয়, মহাবিদ্যালয়, চা বাগান, অনাথ আশ্রম থেকে শুরু করে বাড়ি বাড়ি গিয়ে স্বাস্থ্যকর্মীগণ এই অভিযান সফল করে তুলবেন।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, উন্নত চিকিৎসার জন্য এখন বহিরাজ্যে যাওয়ার প্রয়োজন নেই। রাজ্যেই সব ধরনের স্বাস্থ্য পরিষেবা রয়েছে। রাজ্যের স্বাস্থ্য পরিষেবার উপর মানুষকে আস্থা রাখতে হবে। ডোনার মন্ত্রণালয় থেকে রাজ্যের জন্য স্বাস্থ্য পরিকাঠামোর উন্নয়ন ও উন্নত স্বাস্থ্য পরিষেবা সম্প্রসারণে ৫১৫ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। সবাইকে স্বাস্থ্য বীমার আওতায় আনার জন্য আয়ুষ্মান ভারত-প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনার পাশাপাশি মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনা চালু করা হয়েছে। তিনি বলেন, ধলাই জেলা হচ্ছে অ্যাসপিরেশনাল ডিস্ট্রিক্ট। ধলাই জেলার সার্বিক বিকাশে বাজেটে প্রতি বছর ১০ থেকে ১৫ শতাংশ অর্থ বেশি দেওয়া হয়।উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ধলাই জিলা পরিষদের সভাধিপতি সুস্মিতা দাস, বিধায়ক চিত্তরঞ্জন দেববর্মা, আমবাসা বিএসির চেয়ারম্যান পরিমল দেববর্মা, স্বাস্থ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে, ধলাই জেলার জেলাশাসক সাজু বাহিদ এ, স্বাস্থ্য দপ্তরের অধিকর্তা ডা. সঞ্জীব কুমার দেববর্মা, ধলাই জেলার পুলিশ সুপার অবিনাশ রাই, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের অধিকর্তা তপন কুমার দাস, জাতীয় স্বাস্থ্য মিশনের মিশন অধিকর্তা ড. সমিত রায় চৌধুরী প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আমবাসা পুরপরিষদের চেয়ারপার্সন গোপাল সূত্রধর। স্বাগত বক্তব্য রাখেন মুখ্য স্বাস্থ্য আধিকারিক ড. অ্যাপেলো কলই।

## শব্দ বাজি আটক

● প্রথম পাতার পর

মৃণাল পাল জানান, গাড়ির চালক উদ্ধারকৃত শব্দবাজিগুলির কোনও রকম বৈধ কাগজপত্র দেখাতে পারেনি। তিনি আরো জানান, গাড়ি থেকে ৪৮০ প্যাকেট বাজি বাজেয়াপ্ত করা হয়েছে। ওই বাজির বাজার মূল্য আনুমানিক ৪০ হাজার টাকা হবে বলে জানিয়েছেন তিনি।

## সামগ্রী চুরি

● প্রথম পাতার পর

অধিক সামগ্রী হাতিয়ে নেয় বলে জানিয়েছেন গৃহকর্তা। বৃহস্পতিবার এমন খবর পেয়ে তদন্তে নামে করিমগঞ্জ সদর থানার পুলিশ।

## কাজের অভিযোগ

● প্রথম পাতার পর

অভিযোগে জানা গেছে, যাতায়াতের সুবিধার জন্য ব্লক চৌমুহনীতে রাস্তা সংস্কারের কাজ এক রাতেই সমাপ্ত করা হয়েছে। কিন্তু, নিম্নমানের কাজের কারণে বৃষ্টিতে এক রাতেই রাস্তার অবস্থা বেহাল দশায় পরিণত হয়েছে। এ-বিষয়ে প্রশাসনের হস্তক্ষেপ চেয়েছেন স্থানীয় জনগণ।

## মনোনয়ন পত্র দাখিলে বিজেপির প্রার্থীরা, বর্ণাঢ্য মিছিল বিভিন্ন জেলাতে

কলকাতা, ২৪ অক্টোবর (হি. স.) : হাতে মাত্র আর দুইদিন। কাজেই কালক্ষেপ না করে আসন্ন উপ নির্বাচনের জন্য বুধবার বিজেপির প্রার্থীরা দাখিল করেছেন মনোনয়ন পত্র। উত্তর চব্বিশ পরগণা জেলার দুই বিধানসভা কেন্দ্র নৈহাটি ও হাড়োয়াতে ভারতীয় জনতা পার্টির তরফে নতুন দুই প্রার্থী যথাক্রমে রূপক মিত্র ও বিমল দাস জমা দিয়েছেন মনোনয়ন পত্র। রূপক মিত্র ব্যারাকপুরের প্রশাসনিক ভবনে প্রার্থী পদে জমা দেন মনোনয়ন ও বিমল দাস দাখিল করেছেন তার মনোনয়ন পত্র। মহকুমা প্রশাসনিক ভবনে বসিরহাট সাংগঠনিক জেলার কর্মী ও সমর্থকদের উপস্থিতিতেই এ নিয়ে ভিড় নজরে পড়ে। রাজ্য বিজেপির প্রাক্তন সভাপতি রাহুল সিনহা হাজির ছিলেন। যথারীতি দলের কর্মী ও সমর্থকরা উপস্থিত ছিলেন। মেদিনীপুর কেন্দ্রের দলীয় প্রার্থী শুভজিৎ রায়ও প্রার্থী পদে মনোনয়ন পত্র জমা দিয়েছেন। এই উপলক্ষে বর্ণাঢ্য এক শোভাযাত্রা বের হয়েছে। দলের প্রাক্তন রাজ্য সভাপতি দিলীপ ঘোষ সহ দুই সাংসদ সৌমেন্দু অধিকারী ও জ্যোতির্ময় সিং মাহাতো এই পর্বে উপস্থিত ছিলেন।

## সাজিদ-নোমানের ঘূর্ণিতে ২৬৭ রানে অলআউট ইংল্যান্ড

রাওয়ালপিন্ডি, ২৪ অক্টোবর (হি.স.) : আজ রাওয়ালপিন্ডিতে শুরু হয়েছে পাকিস্তান ইংল্যান্ড —এর মধ্যে তৃতীয় টেস্ট ম্যাচ।দ্বিতীয় টেস্টের মতো তৃতীয় ও শেষ টেস্টেও সাজিদ খান আর নোমান আলির কাছেই নাকাল হল ইংল্যান্ড। রাওয়ালপিন্ডিতে এই দুই স্পিনারের দাপটে ইংল্যান্ড শেষ ২৬৭ রানে। ১২৮ রানে সাজিদ খান একাই নিয়েছেন ৬ উইকেট। ৮৮ রানের বিনিময়ে নোমান আলির শিকার ৩টি।

এক সময় ইংল্যান্ড বেশ খারাপ জায়গায় ছিল। ১১৮ রানের মধ্যেই তারা হারিয়েছিল ৬ উইকেট। সপ্তম উইকেটে এটকিনসনকে নিয়ে প্রতিরোধ গড়ে তোলেন উইকেটরক্ষক জেমি স্মিথ। এই জুটিতে ১০৭ রান যোগ করেন তারা। এটকিনসন ৩৯ করে আউট হন। আর জেমি স্মিথ ৮৯ রান করেন।

বিধানসভার উপনির্বাচন - ৫ জেলার ৬ আসনে ১৮ টি মনোনয়ন পত্র জমা, শুক্রবার মনোনয়ন জমার শেষদিন

কলকাতা, ২৪ অক্টোবর (হি. স.) : এ রাজ্যের বিধানসভার উপ নির্বাচনে এ পর্যন্ত ১৮ টি মনোনয়ন পত্র জমা পড়েছে। পাঁচটি জেলার ছয়টি আসনে ভোটগ্রহণ আগামী ১৩ নভেম্বর। সবকয়টি আসনেই বিজেপির প্রার্থীরা ইতিমধ্যে জমা করেছেন তাদের মনোনয়ন। যদিও শাসক দল তৃণমূল কংগ্রেসের তরফেও এ পর্যন্ত মাত্র দুটি কেন্দ্রেই - নৈহাটি ও হাড়োয়াতে প্রার্থীরা জমা দিয়েছেন মনোনয়ন। কংগ্রেস এখনও পর্যন্ত দুটি কেন্দ্র হাড়োয়া এবং তালডাংরাতে বৃহস্পতিবার মনোনয়ন পত্র দাখিল করেছে। বাঁকুড়া জেলার তালডাংরা কেন্দ্রে সিপিআই (এম) ও ফরওয়ার্ড ব্লক কোচবিহারের সিতাই আসনে একটি করে জমা দিয়েছে মনোনয়ন পত্র। নির্দল প্রার্থী হিসেবে একটি মাত্র মনোনয়ন পত্র জমা পড়েছে আলিপুরদুয়ার জেলায় মাদারিহাট কেন্দ্রে। উল্লেখ্য, এ পর্যন্ত পাঁচটি মনোনয়ন পত্র জমা পড়েছে হাড়োয়া কেন্দ্রে ও চারটি জমা পড়েছে মাদারিহাটে। অন্যান্য দলের তরফেও সবচেয়ে বেশি ছয়টি - নৈহাটি (১), মাদারিহাট ও হাড়োয়া কেন্দ্রে - (৩) করে মনোনয়ন পত্র জমা পড়েছে। যদিও এ পর্যন্তই তিনটি মনোনয়ন পত্র জমা পড়েছে নৈহাটি কেন্দ্রটিতে।মেদিনীপুরে একটি ও সিতাইয়ে দুটি এবং তালডাংরাতে তিনটি করে। শুক্রবার মনোনয়ন পত্র জমার শেষ দিন।

## দুবাইয়ে ভারতের প্রথম মহিলা লোকো পাইলট ডিমা হাসাওয়ের পিঙ্কি রাই

হাফলং (অসম), ২৪ অক্টোবর (হি.স.) : একাগ্রতা এবং ইচ্ছাশক্তি থাকলে একজন মানুষের পক্ষে যে কোনও অসম্ভবকে সম্ভব করা যায়, তার জ্বলন্ত উদাহরণ অসমের অন্যতম পাহাড়ি জেলার তরুণী পিঙ্কি রাই। পিঙ্কি এখন দুবাইয়ে ভারতের প্রথম মহিলা লোকো পাইলট।

শিক্ষা গ্রহণের জন্য কোনওদিন জন্মভূমির বাইরে না গিয়ে এই তরুণী অসম বিশ্ববিদ্যালয়ের অধীন হাফলং সরকারি মহাবিদ্যালয় থেকে ইতিহাসে স্নাতকোত্তর ডিগ্রি সম্পূর্ণ করে কর্মের সন্ধানে ২০০৬ সালে মুম্বাইয়ে পাড়ি দেন। মুম্বাই থেকেই তাঁর জীবন পাল্টে যায়। ২০০৯ সালে চলে যান দুবাই। বর্তমানে তিনি আবুধাবিতে লকোপাইলট হিসেবে নিয়োজিত।

ডিমা হাসাও জেলার মহিলাদের কাছে পিঙ্কি একজন রোল মডেল হয়ে উঠেছেন। হাফলং শহরের উপকণ্ঠ বাগেটারের বাসিন্দা পিঙ্কি রাইয়ের প্রবল ইচ্ছাশক্তি এবং নিজেকে প্রতিষ্ঠা করার দৃঢ় সংকল্পের দরুন তিনি আজ নিজেকে দুবাইর একজন ট্রাম চালক হিসেবে প্রতিষ্ঠিত করতে সক্ষম হয়েছেন।

পিঙ্কির এই যাত্রা এত সহজসাধ্য ছিল না। পিঙ্কি রাই জানিয়েছেন, তীব্র চ্যালেঞ্জের মধ্যে তিনি সুদূর দুবাইয়ে পাড়ি দিয়েছিলেন এবং নিজেকে প্রতিষ্ঠিত করতে সক্ষম হয়েছেন। তিনি বলেন, '২০০৯ সালে দুবাই মেট্রোয় আমি তিন বছর প্রশিক্ষণ নিয়েছি। তার পর ২০১৪ সালের অক্টোবরে ট্রাম চালক হিসেবে কাজ আরম্ভ করি। পরবর্তীতে পদোন্নতি পেয়ে কীভাবে ট্রাম চলাচল করে তার পর্য্যবেক্ষণের দায়িত্ব দেওয়া হয় আমাকে। অবশেষে ২০২৩ সালে অবুধাবিতে প্রশিক্ষণ নেওয়ার পর আমি লোকো পাইলটের দায়িত্ব নেই।'

তিনি বলেন, 'আমি ইতিহাসে স্নাতকোত্তর ডিগ্রি নিলেও এই যাত্রা আমার জন্য ছিল চ্যালেঞ্জিং। লোকো পাইলটের দায়িত্ব নিলেও আমি ট্রেন চালাইনি। ট্রেনের গতিবিধি দেখশোনের দায়িত্ব ছিল আমার ওপর।'

শারদীয় দুর্গাপূজা উপলক্ষ্যে তাঁর গৃহ শহরে এসেছেন পিঙ্কি রাই। এখানে এসে নিজের অভিজ্ঞতার কথা তুলে ধরে কীভাবে শিক্ষিত যুবক-যুবতীরা নিজেদের প্রতিষ্ঠিত করতে পারে সে সবের উদাহরণ তুলে ধরে তিনি যুব প্রজন্মকে নিজের লক্ষ্যে উপনীত হওয়ার প্রচেষ্টা অব্যাহত রাখার পরামর্শ দিয়েছেন। পাশাপাশি লক্ষ্যে পৌঁছতে যতই বাধা আসুক, মজবুত ইচ্ছাশক্তির বলে সে সব কাটিয়ে এগিয়ে যাওয়ার আহ্বান জানিয়ে পিঙ্কি বলেন, তা-হলেই সাফল্য আসবে।

## কংগ্রেস

● প্রথম পাতার পর

নীলকমল সাহা জানান, ২০১৮ সালে বর্তমান সরকার প্রতিষ্ঠিত হওয়ার সময় বছরে ৫০ হাজার চাকরি দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছিল। কিন্তু গত ছয় থেকে সাত বছরে সেই প্রতিশ্রুতি পালন করেনি। বরং ত্রিপুরা রাজ্য নেশায় আবদ্ধ হয়ে যাচ্ছে। যুবকদের মেরুদন্ড ভেঙে দিচ্ছে এ সরকার। তাই নেশা নয় চাকুরির দাবিতে সরব হয়েছে যুব কংগ্রেস।

## পাচারকারী

● প্রথম পাতার পর

তাকে ইউএনসিনগর দশ নম্বর গেটের কাছ থেকে আটক করতে সক্ষম হয় পুলিশ। তার বিরুদ্ধে নির্দিষ্ট ধারায় মামলা গৃহীত হয়েছে।

## দেশের পশ্চিমাঞ্চলীয় রাজ্যগুলির জন্য জয়পুরে দুই দিনের আঞ্চলিক কমিউনিটি রেডিও সম্মেলন শুরু হয়েছে

জয়পুর, ২৪ অক্টোবর (হি. স.) : কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রক কমিউনিটি রেডিও স্টেশন স্থাপনের জন্য প্রদত্ত ভর্তুকি ১০ লক্ষ থেকে বাড়িয়ে ১৫.৬০ লক্ষ টাকা করেছে। যদি সিআরএস-এর নেতৃত্বে একজন মহিলা থাকেন বা একটি সিআরএস তার ক্রিয়াকলাপে সবুজ শক্তি ব্যবহার করে, তাহলে ভর্তুকির পরিমাণ বাড়িয়ে ১৮ লাখ টাকায় উন্নীত করা হয়েছে। সবুজ শক্তি ব্যবহার করে এবং মহিলাদের দ্বারা পরিচালিত সিআরএস-এর জন্য সর্বোচ্চ ভর্তুকি ২১ লক্ষ টাকা নির্ধারণ করা হয়েছে। এছাড়াও, মন্ত্রণালয় কমিউনিটি রেডিও স্টেশনগুলিতে শিক্ষার্থীদের প্রশিক্ষণের জন্য তিন মাসের ইন্টার্নশিপ প্রোগ্রাম শুরু করার প্রক্রিয়াধীন রয়েছে। বৃহস্পতিবার থেকে জয়পুরে শুরু হওয়া দেশের পশ্চিমাঞ্চলীয় রাজ্যগুলির জন্য দুই দিনের কমিউনিটি রেডিও সম্মেলনের সময় তথ্য ও সম্প্রচার মন্ত্রকের সিআরএস-এর অতিরিক্ত পরিচালক জিএস কেসারওয়ানি এই তথ্যটি ভাগ করেছেন। দেশে কমিউনিটি রেডিওর ২০ বছর পূর্ণ হওয়ার স্মরণে, তথ্য ও সম্প্রচার মন্ত্রক ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ম্যাস কমিউনিকেশন, নয়াদিল্লির সহযোগিতায় এই সম্মেলনের আয়োজন করেছে।

উদ্বোধনী অধিবেশনের প্রধান অতিথি আইআইএমসির অতিরিক্ত মহাপরিচালক ডঃ নিমিশ রুস্তগি বলেন যে এই দুই দিনের সম্মেলনটি সিআরএস-এর ২০ বছরের যাত্রা উদযাপন করার একটি সুযোগ। এটি সিআরএস-এর বিভিন্ন প্রতিনিধিদের জন্য তাদের গোষ্ঠীর লোকেদের সাথে যোগাযোগ করার, অভিজ্ঞতা এবং সেরা অনুশীলনগুলি ভাগ করার একটি সুযোগ। সিআরএস-এ সম্প্রচারিত অনুষ্ঠান, তথ্য এবং পরিষেবা যা স্থানীয় সম্প্রদায়ের সাথে সত্যিকারের প্রাসঙ্গিক এবং এইভাবে কার্য্যকরভাবে একটি পাবলিক ব্রডকাস্টার হিসেবে তাদের ভূমিকা পালন করছে। ভারত সরকার এই দৃষ্টিভঙ্গি নিয়ে কাজ করছে যে প্রতিটি জেলায় সিআরএস থাকা উচিত, এই সেক্টরটিকে আরও শক্তিশালী এবং আরও কার্য্যকর করে তুলবে। মহারাষ্ট্র, মধ্যপ্রদেশ, গুজরাট ও রাজস্থানের কমিউনিটি রেডিও স্টেশনের অপারেটর-প্রতিনিধিরা এই ইভেন্টে অংশ নিচ্ছেন। সম্মেলনের আহ্বায়ক এবং ভারতীয় গণযোগাযোগ ইনস্টিটিউটের সিআরএস-এর প্রধান ডঃ সঙ্গীতা প্রণবেন্দ্র, বর্তমান ডিজিটালাইজেশন যুগে সিআরএস-কে অনেক চ্যালেঞ্জের মুখোমুখি হতে হবে বলে উল্লেখ করেছেন। প্রশিক্ষণ এবং সহকর্মীদের সাথে পারস্পরিক যোগাযোগের মাধ্যমেই এর সমাধান খুঁজে বের করতে হবে। সম্মেলনে অংশগ্রহণকারীরা একে অপরের সাথে শেখার এবং যোগাযোগ করার সুযোগ পেয়ে আনন্দ প্রকাশ করেন। ভোপালের মাখনলাল চতুর্বেদী ন্যাশনাল ইউনিভার্সিটি অফ জার্নালিজম অ্যান্ড কমিউনিকেশন-এর কমিউনিটি রেডিও কর্মবীরের স্টেশন ডিরেক্টর ডক্টর আশিস জোশী বলেন, এটিই একমাত্র প্ল্যাটফর্ম যেখানে নেতৃস্থানীয় স্টেশনগুলি নতুন প্রতিষ্ঠিত স্টেশনগুলির সাথে যোগাযোগ করতে পারে এবং যোগাযোগ করতে পারে। প্রযুক্তি আজ ক্রমাগত বিকশিত হচ্ছে এবং এই ধরনের প্ল্যাটফর্ম আমাদের সর্বশেষ আপডেটের সাথে তাল মিলিয়ে চলতে সাহায্য করে। তিনি আশা প্রকাশ করেন যে এই সম্মেলন সিআরএস-এর মধ্যে সম্প্রদায়ের বোধকেও উন্নীত করবে। কনফারেন্সে আলোচিত অন্যান্য বিষয়ের মধ্যে রয়েছে সিআরএস-এর আচরণবিধি। অধিকন্তু, আদিবাসী ভাষার সংরক্ষণ ও প্রচার এবং লিঙ্গ পরিচয় নির্বিশেষে সুযোগ এবং পরিষেবাগুলিতে সমান অ্যাক্সেসের বিষয়েও সিআরএস-এর কার্য্যক্রম এবং প্রোগ্রামিংয়ে ব্যাপকভাবে আলোচনা করা হয়েছিল।

কমিউনিটি রেডিও স্টেশন কী

কমিউনিটি রেডিও হল ছোট (কম ক্ষমতা সম্পন্ন) এফএম রেডিও স্টেশন যার কভারেজ এলাকা প্রায় ১০-১৫ কিলোমিটার। এটি এলাকার ভূগোলের উপর নির্ভর করে। সিআরএস কৃষি তথ্য, কৃষকদের কল্যাণের জন্য সরকারি প্রকল্প, আবহাওয়ার পূর্বাভাস ইত্যাদি সম্পর্কিত বিষয়গুলিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। শুধু তাই নয়, সমাজের প্রান্তিক জনগোষ্ঠীর উদ্বেগ প্রকাশের জন্যও কমিউনিটি রেডিও একটি শক্তিশালী মাধ্যম। তদুপরি, এই জাতীয় স্টেশনগুলির পৃষ্ঠপোষক প্রায়শই সমাজের দরিদ্র এবং প্রান্তিক শ্রেণি, যাদের মূলধারার মিডিয়াতে অ্যাক্সেস নেই। আঞ্চলিক কমিউনিটি রেডিও সম্মেলন তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ২০১২-১৩ অর্থবছরে কমিউনিটি রেডিও স্টেশনের জন্য আঞ্চলিক সম্মেলন চালু করেছে। উন্নয়ন ও সামাজিক পরিবর্তন সংক্রান্ত বিষয়ে সুশীল সমাজের বৃহত্তর অংশগ্রহণ নিশ্চিত করতে ন্যাশনাল কমিউনিটি রেডিও কনফারেন্সে কমিউনিটি রেডিও স্টেশনগুলোর আকাঙ্ক্ষার পরিপ্রেক্ষিতে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আঞ্চলিক সম্মেলনের উদ্দেশ্য হল গ্রাউন্ড লেভেলের খবর, গল্প, সাফল্য, সমস্যা এবং ভাল অনুশীলনগুলি শেয়ার করার জন্য সিআরএস-এর জন্য একটি প্ল্যাটফর্ম প্রদান করা। আঞ্চলিক সম্মেলনটি অপারেশনাল সিআরএস-এর জন্য তাদের উদ্বেগগুলি উপস্থাপন করার এবং সর্বোত্তম অনুশীলনগুলি সম্পর্কে বিস্তারিত জানার সুযোগও দেয়। আঞ্চলিক সম্মেলনের সময় আলোচিত বিষয় এবং ধারণাগুলিও সিআরএস সেক্টরকে শক্তিশালী করার জন্য জাতীয় পর্য্যায়ে অগ্রাধিকার নির্ধারণ করেছে।সম্মেলনের উদ্দেশ্য: আঞ্চলিক সিআর অপারেটরদের সম্প্রদায়ের সাথে কাজ করার অভিজ্ঞতা বিনিময় করার জন্য, কমিউনিটি রেডিওর মুখোমুখি হওয়া চ্যালেঞ্জগুলি এবং উদ্ভাবনগুলি যা তাদের উদ্যোগগুলিকে টিকিয়ে রাখতে সাহায্য করেছে তা সিআর স্বেচ্ছাসেবকদের তাদের অভিজ্ঞতা ভাগ করে নেওয়ার জন্য একটি সাধারণ প্ল্যাটফর্ম প্রদান করা রেডিওর সাথে কাজ করা এবং তাদের মালিকানার অনুভূতি প্রদান করা। সিআর অপারেটরদের গ্রাউন্ড লেভেলের প্রয়োজনীয়তা সম্পর্কে প্রভাবিত করার জন্য এবং সিআরএসের কার্য্যক্রম এবং প্রোগ্রামিংয়ে মহিলাদের অংশগ্রহণকে উতাহিত করার জন্য সিআর অপারেটরদের সুবিধা প্রদানের মাধ্যমে ভাল অনুশীলনগুলিকে উতাহিত করা।

## নদীভাঙন প্রতিরোধে স্থায়ী সমাধানের দাবিতে পশ্চিমবঙ্গ প্রদেশ কংগ্রেসের পক্ষ থেকে সেচ মন্ত্রীকে স্মারকলিপি

বিধাননগর, ২৪ অক্টোবর(হি.স.): নদীভাঙনের ক্রমবর্ধমান সংকট মোকাবিলায় স্থায়ী সমাধানের দাবিতে পশ্চিমবঙ্গ প্রদেশ কংগ্রেস কমিটি মঙ্গলবার রাজ্যের মাননীয় সেচ মন্ত্রীকে একটি স্মারকলিপি প্রদান করেছে। স্মারকলিপিটি রাজ্যের নদীভাঙন প্রবণ অঞ্চলগুলিতে বসবাসকারী হাজার হাজার মানুষের জীবন ও জীবিকা বাঁচানোর জন্য জরুরি ভিত্তিতে সরকারি হস্তক্ষেপের দাবি জানায়। এদিনের কর্মসূচিতে নেতৃত্বে দেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার। তিনি সাংবাদিকদের মুখোমুখি হয়ে নদী ভাঙনের ভয়াবহতার কথা তুলে ধরেন। তিনি আরো বলেন অবিলম্বে এই সমস্যার সমাধান না হলে বিপুল ক্ষয়ক্ষতির সম্মুখীন হতে হবে।এছাড়াও, এই স্মারকলিপির একটি প্রতিলিপি পাঠানো হয়েছে মাননীয় প্রধানমন্ত্রী, পশ্চিমবঙ্গের মাননীয় মুখ্যমন্ত্রী এবং লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধীকেও। প্রদেশ কংগ্রেসের পক্ষ থেকে এ বিষয়ে দ্রুত ও কার্য্যকর পদক্ষেপ নেওয়ার অনুরোধ জানানো হয়েছে।নদীভাঙনের কারণ ও করণীয় হিসেবে স্মারকলিপিতে উল্লেখ করা হয়েছে, বিশেষ করে গঙ্গা, পদ্মা, ভাগীরথী-হুগলি এবং দামোদর নদীর তীর বরাবর নদীভাঙন চলমান রয়েছে। বহু বিজ্ঞানভিত্তিক গবেষণা এবং বিশেষজ্ঞদের সুপারিশ থাকা সত্ত্বেও সমস্যার সমাধানে সরকারের তরফ থেকে পর্য্যাপ্ত পদক্ষেপ গ্রহণ করা হয়নি।নদীভাঙনের প্রধান কারণ হিসেবে চিহ্নিত করা হয়েছে: ১. অতিরিক্ত পলি জমে নদীর স্বাভাবিক প্রবাহ বাধাপ্রাপ্ত হচ্ছে। ২. অপরিকল্পিত নদী ব্যবস্থাপনা ও অনিয়ন্ত্রিত নির্মাণ কার্য্যক্রম। ৩. অপর্য্যাপ্ত এবং দুর্বল বাঁধ ও প্রতিরোধমূলক ব্যবস্থা। এছাড়াও দাবি ও প্রস্তাবনা হিসেবে স্মারকলিপিতে কংগ্রেসের পক্ষ থেকে সরকারের প্রতি কিছু প্রস্তাবনা তুলে ধরা হয়েছে:নদীর তীর রক্ষায় আধুনিক প্রযুক্তির ব্যবহার এবং বাঁধ শক্তিশালীকরণ।অতিরিক্ত পলি অপসারণের জন্য নিয়মিত খনন কার্য্যক্রম।উপযুক্ত পুনর্বাসন পরিকল্পনা, যাতে ক্ষতিগ্রস্ত পরিবারগুলি দ্রুত আর্থিক ও সামাজিক সহায়তা পায়।নদীভাঙন নিয়ন্ত্রণে দীর্ঘমেয়াদী সমাধান নিশ্চিত করার লক্ষ্যে বিশেষজ্ঞদের দ্বারা একটি উচ্চ পর্য্যায়ের টাস্কফোর্স গঠন

াঙ্গন

# ডানা-য় দুশ্চিন্তা : আগামীকাল থেকে এমবিবি স্টেডিয়ামে ত্রিপুরা মুম্বাইয়ের রঞ্জি ম্যাচ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। রাজ্য রঞ্জি দল। মাঠে নামার জন্য প্রস্তুত প্রায় ত্রিপুরা দলের খেলোয়াড়রা। মাঝে আর একটিমাত্র দিন রয়েছে। ২৬ অক্টোবর শনিবার থেকে ত্রিপুরা, মুম্বাইয়ের রঞ্জি ট্রফির চার দিনের ম্যাচ শুরু হচ্ছে। ত্রিপুরা দলের খেলোয়াড়রা প্রয়োজনীয় অনুশীলন করছে। এদিকে, আজিংকা রাহানের নেতৃত্বাধীন মুম্বাই দলও আগরতলায় পৌঁছে আজ, বৃহস্পতিবার এমবিবি স্টেডিয়ামে প্রয়োজনীয় প্র্যাকটিস করে নিয়েছে। আগামী ২৬ অক্টোবর, শনিবার থেকে এমবিবি স্টেডিয়ামে ত্রিপুরা বনাম মুম্বাইয়ের মধ্যে রঞ্জি ট্রফির চার দিনের ম্যাচটি শুরু হবে। আগরতলায় আসা মুম্বাই দলে বেশ ক-জন তারকা মুখ কিন্তু নেই। সূর্য্য কুমার যাদব, শ্রেয়স আইয়ার, পৃথ্বীশদের মতো তারকাহীন মুম্বাই দল, নিজেরা খুব সমৃদ্ধ মনে করছে। ত্রিপুরার খেলোয়াড়রাও মাঠে সেরা খেলাটা খেলতে চাইছে। এখন জটিল প্রশ্ন প্রাকৃতিক পরিস্থিতি কতটুকু পক্ষে থাকে ম্যাচটা অনুষ্ঠিত হওয়ার ব্যাপারে। এমনিতেই গত ১১ থেকে ১৪ অক্টোবর একটু পরিমাণ প্রতিকূল পরিস্থিতির কারণে পুরো চার দিনের খেলাই ভেস্তে গিয়েছিল। এবারও বৃষ্টির সম্ভাবনা রয়েছে ঘূর্ণিঝড় ডানা-র প্রভাবে। দায়িত্বপ্রাপ্ত পিচ কিউরেটর, গ্রাউন্ডস স্টাফরা লাগাতর দেখভাল করে যাচ্ছেন, মাঠে যেন খেলা চালানো সম্ভব হয়। দুদলের খেলোয়াড়রা হলো - মুম্বাই দল: আজিংকা রাহানে (অধিনায়ক), অংক্রঈশ রঘুবংশী, আয়ুস মাত্রে, সূর্য্যাংশ শেডগে, স্যামশ মুলানি, সিদ্ধেশ ল্যাড, শার্দুল ঠাকুর, হার্দিক টামুরে, সিদ্ধান্ত আধাত্রাও, হিমাংশু সিং, মোঃ জুনায়েদ খান, মোহিত অবস্থি, রয়স্টন ডায়াস।ত্রিপুরা দল: বিক্রম কুমার দাস, জীয়নজোৎ সিং, শ্রীদাম পাল, তেজস্বী জয়সোয়াল, মনদীপ সিং (অধিনায়ক), শরথ শ্রীনিবাস, বিক্রম দেবনাথ, মনিশঙ্কর মুরাসিং (সহ অধিনায়ক), পারভেজ সুলতান, রানা দত্ত, অজয় সরকার, সন্দীপ সরকার, সৌরভ দাস, জয়দীপ বণিক, শংকর পাল, রজত দে।

# মহিলা ফুটবলের গ্রুপ লিগ সম্পন্ন গুজরাটের কাছেও হারলো ত্রিপুরা

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। জয়ে ফেরা হলোনা ত্রিপুরার। নিয়ম রক্ষার ম্যাচ তথা গ্রুপ রানার্স নির্ণায়ক ম্যাচে গুজরাটের কাছে হেরে তথৈবচ চেহারা ত্রিপুরার মহিলা ফুটবল দলের। গ্রুপ লীগের অন্তিম ম্যাচে তিন গোলে হেরে তৃতীয় স্থানে ত্রিপুরা। অনেকে বলছেন এটাই নাকি ত্রিপুরার ট্র্যাডিশনাল পজিশন। চার দলীয় গ্রুপে দুর্বলতর চন্ডিগড় কে টপকে তৃতীয় স্থানে টিকে থেকে ত্রিপুরা দল মূলতঃ অস্তিত্বের জানান দিচ্ছে। প্রথম ম্যাচে চন্ডিগড় কে পাঁচ গোলে হারানোর পর ত্রিপুরা শিবিরে একটা আশার আলো তৈরি হয়েছিল।

দ্বিতীয় ম্যাচে সিকিমের কাছে ছয় গোলে হার অনেকেই মেনে নিয়েছেন। কেননা, জাতীয় দলে খেলা তিনজন ফুটবলার রয়েছেন সিকিম দলে। তবে আজ, বৃহস্পতিবার গুজরাটের কাছে এ ধরনের হার অনেকেই মেনে নিতে পারছেন না।

ঘরের মাঠে একপ্রকার সারেন্ডার ত্রিপুরা দলের। প্রথম গোলটি তো আত্মঘাতী, খেলা শুরুতে ঠিক দুই মিনিটের মাথায়। যার পা থেকে বল গোল গোলকিপারকে ফাঁকি দিয়ে জালে প্রবেশ করেছে সেটা মুখ্য বিষয় নয়। ফ্লপ বলা যেতে পারে পুরো টিমকে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বেলা দুইটায় তৃতীয় দিনের দ্বিতীয় তথা অন্তিম ম্যাচে প্রথমার্ধের ২০ মিনিটে মিশবা বানু সিন্ধি একটি গোল করলে ব্যবধান বেড়ে দুই-শূন্য হয়। পক্ষান্তরে ঘরের মাঠে খেলতে নেমেও ত্রিপুরা দলের আক্রমণ ভাগের খেলোয়াররা গোলের সুযোগ তৈরি করতে পারেনি। খেলার ৮৭ মিনিটের মাথায় গুজরাটের নির্ভরযোগ্য স্ট্রাইকার খুশবু সরোজ আরেকটি গোল করলে ব্যবধান ৩-০ হয়। প্রথম ম্যাচে গুজরাট সিকিমের কাছে এক-চার গোলে হারলেও পরবর্তী দুই ম্যাচে যথাক্রমে চন্ডিগড় কে ১৫ গোলে এবং আজ, শেষ দিনে ত্রিপুরা কে তিন গোলে হারিয়ে গ্রুপ রানার্সের স্বীকৃতি পেয়েছে। স্ট্রাইকার মিসবা বানু সিন্ধি পেয়েছে প্লেয়ার অব দ্যা ম্যাচের খেতাব।

# এমার্জিং এশিয়া কাপ : সেমিফাইনালে ভারতের প্রতিপক্ষ আফগানিস্তান

কলকাতা, ২৪ অক্টোবর (হি.স.) : এমার্জিং এশিয়া কাপে গ্রুপ পর্বের তিনটি ম্যাচই জিতল ভারত ”এ” দল। বুধবার রাতে গ্রুপের শেষ ম্যাচে ওমানের বিরুদ্ধে ৬ উইকেটে জয় পেলেন তিলক,অভিষেকরা।

প্রথমে ব্যাট করে ওমান ২০ ওভারে করে ৫ উইকেটে ১৪০ রান। জবাবে ১৫.২ ওভারে ৪ উইকেটে ১৪৬ করে জয় তুলে নেন তিলক বর্মার ভারত।

টস জিতে ব্যাট করার সিদ্ধান্ত নেন ওমানের অধিনায়ক যতিন্দর সিংহ। ওমান ২০ ওভারে করে ৫ উইকেটে ১৪০ রান। ওমানের হয়ে এই ইনিংসের সর্বোচ্চ রান করেন নাদিম। তার ব্যাট থেকে এসেছে ৪১ রান।ভারতের সফলতম বোলার রমনদীপ সিংহ, আকিব খান, রাসিখ সালাম, নিশান্ত সিন্ধু, সাই কিশোর। প্রত্যেকেই ১টি করে উইকেট নিয়েছেন।

জবাবে জয়ের জন্য ১৪৬ রান করতে ব্যাটিংয়ে উল্লেখযোগ্য ভূমিকা নিয়েছেন ওপেনার অভিষেক শর্মা ৩৪ রান, তিলক ৩৬ রান ও আয়ুষ বাদোনি ৫১ রান।ওমানের হয়ে করণ, কালিমের সুফিয়ান মেহমুদ ১টি করে উইকেট পান। শুক্রবার সেমিফাইনালে ভারত ‘এ’ দলের প্রতিপক্ষ আফগানিস্তান ‘এ’ দল।

# মিরপুর টেস্ট জিতে ১-০তে এগিয়ে গেল প্রোটিয়ারা

মিরপুর, ২৪ অক্টোবর (হি.স.) : বৃহস্পতিবার মিরপুরের প্রথম টেস্ট জিতে ১-০তে এগিয়ে গেল দক্ষিণ আফ্রিকা। বাংলাদেশ দক্ষিণ আফ্রিকাকে লক্ষ্য দিয়েছিল ১০৬ রান। সেই রান ৭ উইকেট হাতে রেখে জয় তুলে নিল প্রোটিয়ারা। চতুর্থ দিনের শুরুটা ভালো হয়নি বাংলাদেশের। বাকি থাকা তিন উইকেট খুব তাড়াতাড়ি তুলে নেয় দক্ষিণ আফ্রিকার বোলাররা। দিনের প্রথম ওভারেই রাবাদার বলে এলবিডব্লিউ হন নাঈম হাসান। এরপর তাইজুল ইসলামও মুল্ডারের বলে স্লিপে ক্যাচ দিয়ে ফেরেন।এর কিছুক্ষণ পর শতকের জন্য অপেক্ষায় থাকা মেহেদী হাসান মিরাজ রাবাদার বলে স্লিপে ক্যাচ দিয়ে আউট হন। ১৯১ বলে ১০ চার এবং এক ছক্কায় ৯৭ রানে আউট হন মিরাজ। শেষ পর্যন্ত বাংলাদেশের দ্বিতীয় ইনিংস থামে ৩০৭ রানে।

এই ইনিংসে ৬ উইকেট পেলেন প্রোটিয়া এই পেসার। দুই ইনিংস মিলিয়ে ৯ উইকেট পেয়েছেন রাবাদা। ৩ উইকেট পেয়েছেন কেশব মহারাজ। আর বাকি উইকেটটি মুল্ডারের।

১০৬ রানের লক্ষ্যে ব্যাট করতে নেমে দক্ষিণ আফ্রিকা ৩ উইকেট হারিয়ে লক্ষ্যে পৌঁছে যায়। দক্ষিণ আফ্রিকার যে ৩টি উইকেট পড়েছে সেই তিনটি উইকেটেই নিয়েছেন তাইজুল ইসলাম। প্রথম ইনিংসেও ৫ উইকেট নিয়েছিলেন তিনি। আগামী ২৯ অক্টোবর থেকে শুরু হবে সিরিজের দ্বিতীয় টেস্ট।

### চ্যাম্পিয়ন্স লিগ : স্পার্টা প্রাহাকে ৫-০ গোলে হারিয়েছে ম্যানসিটি

ম্যানচেস্টার, ২৪ অক্টোবর (হি.স.) : চ্যাম্পিয়ন্স লিগে বুধবার রাতে স্পার্টা প্রাহাকে ৫-০ গোলে হারিয়েছে ম্যানসিটি। জোড়া গোল করেছেন আরলিং হল্যান্ড।

আর একটি করে গোল করেছেন জন স্টোনস, ফিল ফোডেন ও ম্যাথুস নুনেস। ম্যাচের ৩ মিনিটেই ম্যানসিটি গোল পায়। ম্যানুয়েল আকাঞ্জির কাছ থেকে বল পেয়ে গোল করেন ফিল ফোডেন। প্রথমার্ধে আর গোল হয়নি।

# সিনিয়র মহিলা জাতীয় ফুটবলে অপরাজিত গ্রুপ চ্যাম্পিয়ন সিকিম

পয়েন্ট তালিকা : মহিলা জাতীয় ফুটবল : জি-গ্রুপ

| দল | ম্যাচ | জয় | পরা: | ড্র | গোল | পয়েন্ট |
|---|---|---|---|---|---|---|
| সিকিম | ৩ | ৩ | ০ | ০ | ১৭-১ | ০৯ |
| গুজরাট | ৩ | ২ | ১ | ০ | ১৯-৪ | ০৬ |
| ত্রিপুরা | ৩ | ১ | ২ | ০ | ৫-৯ | ০৩ |
| চন্ডিগড় | ৩ | ০ | ৩ | ০ | ০-২৭ | ০০ |

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। অপরাজিত চ্যাম্পিয়ন হয়েছে সিকিম। জাতীয় সিনিয়র মহিলা ফুটবলে জি গ্রুপের খেলায়। অনেকটা প্রত্যাশিতভাবেই সিকিম জয়ের হ্যাটট্রিক করার মধ্য দিয়ে অপরাজিত গ্রুপ চ্যাম্পিয়নের খেতাব পেয়েছে। ২৯ তম সিনিয়র মহিলা জাতীয় ফুটবল তথা রাজ মাতা জিজা ভাই ট্রফি ফুটবলের খেলায় সিকিম আজ, বৃহস্পতিবার তৃতীয় তথা গ্রুপ লীগে নিজেদের অন্তিম ম্যাচে চন্ডিগড় কে সাত গোলের ব্যবধানে পরাজিত করেছে। জয়ের সূচনা প্রথম ম্যাচে গুজরাটকে চার-এক গোলে হারিয়ে।

দ্বিতীয় ম্যাচে ত্রিপুরাকে ছয় গোলে এবং আজ, তৃতীয় ম্যাচে চন্ডিগড় কে সাত গোলে হারিয়ে। তিন ম্যাচ থেকে পুরো নয় পয়েন্ট সংগ্রহ করে অপরাজিত গ্রুপ চ্যাম্পিয়ন হয়ে মূল পর্বে খেলার ছাড়পত্র ছিনিয়ে নিয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে সকাল সাড়ে নয়টায় অনুষ্ঠিত খেলার প্রথমার্ধে বিজয়ী দল সিকিম চার গোলে এগিয়ে ছিল। সিকিমের সুজো হাঙ্গমা লিম্বু দুটো গোল করে প্লেয়ার অব দ্যা ম্যাচের খেতাবও পেয়েছে। এছাড়া, সামজানা রাই দুটি, প্রিয়া ছেত্রী, সিমরান গুরুং ও অংডেন লেপচা প্রত্যেকে একটি করে গোল করেছেন। পক্ষান্তরে চন্ডিগড় প্রথম দুটি ম্যাচের মতো আজ তৃতীয় খেলায়ও কোনও গোলের সন্ধান পায়নি। তিন ম্যাচে ২৭ গোল হজম করে এবারের মতো চন্ডিগড় ঘরে ফিরছে।

# সিনিয়র মহিলা ক্রিকেটাররা কাল লখনৌতে খেলবে হিমাচলের বিরুদ্ধে

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। ত্রিপুরা দলের পরবর্তী খেলা ২৬ অক্টোবর। শক্তিশালী দল হিমাচল প্রদেশের বিরুদ্ধে। বিসিসিআই আয়োজিত মহিলা সিনিয়র টি-টোয়েন্টি ২০২৪-২৫ টুর্নামেন্টের খেলা। ডি গ্রুপের লিগ টুর্নামেন্ট হচ্ছে লখনৌতে। ২৬ অক্টোবর, শনিবার নিজেদের চতুর্থ ম্যাচে ত্রিপুরা দল হিমাচল প্রদেশের বিরুদ্ধে জয়ের লক্ষ্যে মাঠে নামবে। প্রথম ম্যাচে সিকিমকে ৭২ রানে হারিয়ে পরবর্তী পরপর তিনটি ম্যাচে যথাক্রমে রেলওয়েজ, কেরালা এবং চন্ডিগড় এর কাছে হেরে ত্রিপুরার অবস্থা যথেষ্ট সঙ্গীন। ২২ অক্টোবর, মঙ্গলবার ম্যাচের পর তিনদিন বিরতি কাটিয়ে শনিবারে পুনরায় মাঠে নামবে। স্বাভাবিক কারণে বিগত ম্যাচগুলির ভুল ত্রুটি শুধরে নেওয়ার অনেকটা সময় পেয়েছে রাজ্য দল।

এদিকে আজ, বৃহস্পতিবার গ্রুপ লীগের অন্য খেলায় হরিয়ানা আট উইকেটের ব্যবধানে চন্ডিগড় কে পরাজিত করে টানা দ্বিতীয় জয়ের স্বাদ পেয়েছে। চন্ডিগড় প্রথমে ব্যাটিং এর সুযোগ পেয়ে সীমিত ২০ ওভারে ছয় উইকেটে ৮৬ রান সংগ্রহ করলে জবাবে হরিয়ানা ১৫.৫ ওভার খেলে দুই উইকেট হারিয়ে জয়ের প্রয়োজনীয় রান সংগ্রহ করে নেয়।

অপর খেলায় কেরালা ১০ উইকেটে বিশাল জয় পেয়েছে সিকিমকে হারিয়ে। সিকিম প্রথমে ব্যাটিং এর সুযোগ পেয়ে নির্ধারিত ২০ ওভারে ৭ উইকেটে ৭৩ রান সংগ্রহ করলে পাল্টা ব্যাট করতে নেমে কেরালা ৯.২ ওভার খেলে বিনা উইকেটে জয়ের লক্ষ্যে পৌঁছায়। অপর খেলাটি হচ্ছে হিমাচল প্রদেশ বনাম রেলওয়েজের মধ্যে।

# আন্তর্জাতিক টি-টোয়েন্টিতে সবচেয়ে বেশি ম্যান অব দ্য ম্যাচ হওয়ার রেকর্ড গড়লেন সিকান্দার রাজা

হারারে, ২৪ অক্টোবর (হি.স.) : আন্তর্জাতিক টি-টোয়েন্টিতে সবচেয়ে বেশি ম্যান অব দ্য ম্যাচ হওয়ার রেকর্ডে এখন এককভাবে চূড়ায় জিম্বাবুয়ের অধিনায়ক সিকান্দার রাজা।

এই সংস্করণে ৯৫টি ম্যাচ খেলে রাজা ১৭ বার ম্যাচের সেরা হয়েছেন।

তিনি ছাড়িয়ে গেলেন ম্যাচ সেরার স্বীকৃতি পাওয়া বিরাট কোহলি, সূর্যকুমার ও মালয়েশিয়ার ভিরানদিপ সিংকে।

২০২৬ টি-টোয়েন্টি বিশ্বকাপের আফ্রিকার উপ-আঞ্চলিক বাছাই পর্বে নাইরোবিতে বুধবার গাম্বিয়ার বিপক্ষে ৪৩ বলে অপরাজিত ১৩৩ রানের বিধ্বংসী ইনিংস খেলেন রাজা।

আর এই ইনিংসটির জন্য রাজা ম্যান অফ দ্য ম্যাচ সেরা হয়েছেন এবং এই ম্যাচ সেরা হওয়ার সুবাদে তিনি ছাড়িয়ে গেলেন কোহলিদের।

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি
উন্নত মুদ্রণ
সাদা, কালো, রঙিন
নতুন ধারায়
রেণবো প্রিন্টিং ওয়ার্কস
জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
মোবাইল ঃ- ৯৪৩৬১২৩৭২০
ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com

# মুখ্যমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাতে কেন্দ্রীয় সড়ক পরিবহন প্রতিমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ অক্টোবর:** কেন্দ্রীয় সড়ক পরিবহণ এবং জাতীয় সড়ক প্রতিমন্ত্রী অজয় টামটা আজ মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহার সাথে সৌজন্যমূলক সাক্ষাতে মিলিত হন। আজ সন্ধ্যায় মুখ্যমন্ত্রীর সরকারি বাসভবনে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা কেন্দ্রীয় সড়ক পরিবহণ এবং জাতীয় সড়ক মন্ত্রকের প্রতিমন্ত্রী অজয় টামটাকে স্মারক উপহার এবং উত্তরীয় দিয়ে শুভেচ্ছা জানান।

উভয়ের মধ্যে রাজ্য সড়ক পরিবহণ যোগাযোগ ব্যবস্থার উন্নতিকরণ, জাতীয় সড়ক সম্প্রসারণ সহ রাজ্যের স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আলোচনা হয়। আলোচনাকালে প্রতিমন্ত্রী অজয় টামটা ত্রিপুরার উন্নয়নে কেন্দ্রীয় সরকারের উদার দৃষ্টিভঙ্গীর কথা তুলে ধরেন। মুখ্যমন্ত্রীর সঙ্গে সাক্ষাতের সময় রাজস্ব দপ্তরের সচিব ব্রিজেশ পান্ডে, পূর্ত দপ্তরের সচিব কিরণ গিত্যে প্রমুখ উপস্থিত ছিলেন।



## প্রতিষ্ঠা দিবসে আইটিবিপি হিমবীরদের শুভেচ্ছা প্রধানমন্ত্রীর

কলকাতা, ২৪ অক্টোবর (হি.স.): প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আইটিবিপি-র প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আইটিবিপি হিমবীর এবং তাঁদের পরিবারকে শুভেচ্ছা জানিয়েছেন।

প্রধানমন্ত্রী আইটিবিপি-কে সাহসিকতা ও ত্যাগের প্রতীক হিসেবে বর্ণনা করেন। প্রাকৃতিক বিপর্যয় এবং উদ্ধার কাজে তাঁদের কাজের ভূয়সী প্রশংসা করে তিনি বলেন, তাঁদের এই কাজের জন্যই মানুষের মনে তাঁরা গর্বের জায়গা করে নিয়েছেন।

এক্স হ্যান্ডলে প্রধানমন্ত্রী লিখেছেন, "প্রতিষ্ঠা দিবসে আইটিবিপি হিমবীর ও তাঁদের পরিবারকে শুভেচ্ছা। এই বাহিনী সাহসিকতা ও ত্যাগের প্রতীক। প্রতিকূল প্রাকৃতিক পরিস্থিতি এবং দুর্গম গিরিপথের মতো জায়গাতেও তাঁরা আমাদেরকে রক্ষা করেন। এর পাশাপাশি প্রাকৃতিক বিপর্যয় এবং উদ্ধার কাজে তাঁদের ভূমিকায় মানুষের মনে গর্বের জায়গা করে নেয়।" প্রেস ইনফরমেশন ব্যুরোর এক বিবৃতিতে এ কথা জানা গিয়েছে।

## ক্রেতা সুরক্ষায় সর্বোচ্চ অগ্রাধিকার অ্যামওয়ের

আগরতলা। ২৪ অক্টোবর। ক্রেতা সুরক্ষায় সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে নজীর গড়েছে অ্যামওয়ে ইন্ডিয়া। এই কোম্পানি তাদের ক্রেতাও ডিস্ট্রিবিউটরদের, উভয়ের স্বার্থ ও সুস্থতা সুরক্ষিত রাখার জন্য কোম্পানির অটুট অঙ্গীকারের নিদর্শন হিসেবে অনুমোদনহীন বিক্রির বিরুদ্ধে আপসহীন লড়াই করে যাচ্ছে। যাতে ক্ষতিকর প্রোডাক্ট থেকে ক্রেতাদের সুরক্ষিত রাখা যায়। অনুমোদনহীন বিক্রেতারা অনেক সময় অ্যামওয়ে ইন্ডিয়ার কঠোর গুণমান নিয়ন্ত্রণ ব্যবস্থাকে এড়িয়ে যায়। এতে ক্রেতা যেমন একদিকে বিপদে পড়ার আশঙ্কা থেকে যায়, পাশাপাশি সদা নিয়োজিত অ্যামওয়ে ডিস্ট্রিবিউটরদের পরিশ্রম ও ভরসা নষ্ট করে দেয়। তাই অনুমোদনহীন বিক্রির বিরুদ্ধে অ্যামওয়ে ইন্ডিয়া জিরো টলারেন্স নীতি মেনে চলে, যেখানে অনুমোদনহীন বিক্রির সাথে জড়িত ডিস্ট্রিবিউটরদের বরখাস্ত করা বা কাজ বন্ধ করার মত পদক্ষেপ ও সুস্পষ্ট নির্দেশিকা অন্তর্ভুক্ত থাকে এবং নিশ্চিত করে যে শুধুমাত্র অ্যামওয়ে অনুমোদিত উপায়েই খাঁটি অ্যামওয়ে প্রোডাক্ট পাওয়া যায়। এই কোম্পানি দোকান, সুপার মার্কেট, দালাল, ডিলার বা অন্যান্য যে কোন তৃতীয় পক্ষের ই-কমার্স প্ল্যাটফর্মের মাধ্যমে প্রোডাক্ট বিক্রি করতে কঠোরভাবে নিষেধ করে এবং এই সমস্ত জায়গা থেকে কেনা প্রোডাক্ট এর মান বা বিশুদ্ধতা সম্পর্কে কোন গ্যারান্টি দেয় না। অ্যামওয়ের সমস্ত প্রোডাক্ট শুধুমাত্র অ্যামওয়ের ডাইরেক্ট সেলিং পার্টনার মাধ্যমে বিক্রি করা হয়, যাতে কোম্পানির লেবেল থাকে। এর ফলে প্রোডাক্টের বিশুদ্ধতা ও মান সম্পর্কে নিশ্চিত হওয়া যায়।

# কেন্দ্রীয় প্রতিমন্ত্রীর পৌরহিত্যে পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিনিধি, খোয়াই, ২৪ অক্টোবর:** খোয়াইয়ে কেন্দ্রীয় প্রতিমন্ত্রীর পৌরহিত্য পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয় বৃহস্পতিবার। খোয়াই জেলা সফরে আসেন কেন্দ্রীয় পরিবহন ও জাতীয় সড়ক মন্ত্রণালয়ের কেন্দ্রীয় রাজ্য প্রতিমন্ত্রী অজয় টমটা। আজ সকাল দশটা নাগাদ খোয়াইতে আসেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী।

প্রথমে খোয়াই জেলাশাসকের কনফারেন্স হলে এক পর্যালোচনা বৈঠকে শামিল হয়। এই বৈঠকে খোয়াই জেলার সড়ক, যোগাযোগ, জলজীবন মিশন সহ একাধিক প্রকল্প নিয়ে বিস্তারিত আলোচনা করেন। এই দিনের এই বৈঠকে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ছাড়াও উপস্থিত ছিলেন খোয়াই জেলা শাসক চাঁদনী চন্দন, সহ জেলার সকল আধিকারিকগণ।

# কৈলাসহরের তিনটি ওয়ার্ড এলাকায় এসসি স্টল নির্মাণের জন্য অর্থ বরাদ্দ

**নিজস্ব প্রতিনিধি, কৈলাসহর, ২৪ অক্টোবর:** কৈলাসহরের তিনটি ওয়ার্ড এলাকায় এসসি স্টল নির্মাণের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করা হয়েছে। স্টল নির্মাণের জন্য জায়গা পরিদর্শন করেছেন পুরো পরিষদের চেয়ারপারসন সহ অন্যান্যরা।

এসসি স্টল নির্মাণের জন্য কৈলাসহর পুরপরিষদের অধীনে ১৫,১৩,১০ নং ওয়ার্ডের জায়গা পরিদর্শন করেন কৈলাসহর পুরপরিষদের চেয়ারপার্সন চপলা রানী দেবরায়।কৈলাসহর পুরপরিষদের চেয়ারপারসন চপলা রানী দেবরায় সাংবাদিকদের মুখোমুখি হয়ে বলেন, এই তিনটি ওয়ার্ড এসসি ওয়ার্ড। কর্মসংস্থানের জন্যই এই উদ্যোগ নেওয়া হয়েছে। এসসি স্টল এই তিনটি ওয়ার্ডে নির্মাণ করতে এসসি ডিপার্টমেন্ট থেকে ২৫ লাখ টাকা বরাদ্দ করা হয়েছে। এই পরিদর্শনে পুরপরিষদের চেয়ারপারসন ছাড়াও উপস্থিত ছিলেন কৈলাশহর বিজেপি মন্ডলের মন্ডল সভাপতি সিদ্ধার্থ দত্ত অন্যান্য নেতৃত্বরা।

# আড়াই লক্ষ টাকা মূল্যের স্বর্ণালংকার চুরি করে নিয়ে মাত্র ৯ হাজার টাকায় বিক্রি করল চোর

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ অক্টোবর :** আড়াই লক্ষ টাকা মূল্যের স্বর্ণালংকার চুরি করে নিয়ে মাত্র ৯ হাজার টাকায় বিক্রি করেছে চোর। প্রতাপগড় ঋষিপাড়ায় ওই ঘটনায় ধৃত চোর গণধোলাই খাওয়ার পর তার ওই স্বীকারোক্তি শুনে সকলেই হতবাক হয়ে পড়েছেন। স্থানীয় বাসিন্দা ফণী সাহার বাড়িতে ওই চোর রাজু দাস হাত সাফাই করেছিল।

এ-বিষয়ে ফণী সাহা জানিয়েছেন, মঙ্গলবার রাতে তাঁর বাড়িতে চোর হানা দিয়েছিল এবং প্রায় আড়াই লক্ষ টাকা মূল্যের স্বর্ণালংকার চুরি করে পালিয়েছিল। গোপন সুত্রে খবর পেয়ে আজ পূর্ব প্রতাপগড় এলাকাবাসী আজ সকালে মহারাজগঞ্জ বাজার থেকে ওই চোরকে আটক করেছেন। তাকে বেঁধে ধোলাই দেওয়ার পর স্বর্ণালংকার চুরি এবং বিক্রির বিষয়ে মুখ খুলেছে। ওই চোর জানিয়েছে, জুয়েলারির মালিক কিষানের কাছে মাত্র ৯ হাজার টাকার বিনিময়ে স্বর্ণালংকার বিক্রি করেছে। ফণী সাহার বক্তব্য, পুলিশে খবর দেওয়া হয়েছে। চুরির ঘটনায় আরও কেউ যুক্ত রয়েছে পুলিশ তা তদন্ত করে দেখবে।

# দফায় দফায় নিম্নচাপ প্রদীপ তৈরী ব্যাহত দুঃশ্চিন্তায় কুমোরপাড়া

দুর্গাপুর, ২৪ অক্টোবর (হি.স.): চিনা বাতির দাপট। তার ওপর অস্বাভাবিক সরষের তেলে মুল্যবৃদ্ধি। দেশজুড়ে দীপাবলিতে মাটির প্রদীপ জ্বালিয়ে অশুভ শক্তির বিনাশ করতে যখন জোর তৎপরতা। তখন মাটির প্রদীপ তৈরীতে বাধা হয়েছে দফায় দফায় নিম্নচাপ। চাহিদা থাকালে মাটির প্রদীপ তৈরী ব্যাহত। দীপাবলি ও ছটপুজোয় প্রদীপ জোগানে সঙ্কটের আশঙ্কা। আর তাতেই দুঃশ্চিন্তায় মাথায় হাত কুমোরপাড়ায় মৃতশিল্পীদের।গত দু-দশক দীপাবলিতে চিন আলোয় গ্রাস করেছে এদেশের সমস্ত বাজার। নিত্য নতুন নানান ডিজাইনের সস্তার রঙিন আলোর অস্বাভাবিক বাজার তৈরী হয়েছিল। তার ফলে স্বদেশের মাটির তৈরী প্রদীপ বাজারে কদর কমেছিল। চিন্তায় কপালে ভাঁজ পড়েছিল কুমোর পাড়ার কারিগরদের। সম্প্রতি চিনা আলোর ব্যাবহার বন্ধে প্রতিবাদের ঝড় ওঠায় নতুন করে মাটির প্রদীপ তৈরীর বরাত পাচ্ছে দুর্গাপুর, অন্ডাল, পান্ডবেশ্বর, বুদবুদ ও পানাগড়ের কুমোরপাড়ার মৃতশিল্পীরা। চলতি বছর দূর্গাপুজোর আগে দফায় দফায় নিম্নচাপে প্রদীপ সহ দীপাবলির অন্যান্য মাটির অন্যান্য উপকরন তৈরীতে বাধার সৃষ্টি করেছে। কেন্দ্র সরকারের আত্মনির্ভরতার স্বপ্নে স্বপ্ন দেখেছিলেন তারা। কিন্তু সেই স্বপ্নেও অন্ধকার নেমে আসছে কুমোরপাড়ায়। অন্ধকারটা কি?লাগামছাড়া জ্বালানির মুল্যবৃদ্ধি। চাল, ডাল থেকে সরেষের তেল এমনকি জ্বালানী কয়লা, গ্যাসেরও। ফলে নাভিশ্বাস দশা সাধারন মানুষের। সব থেকে বেশী সঙ্কটে নিম্ন ও মধ্যবিত্ত সম্প্রদায়। এবার মূল্যবৃদ্ধির প্রভাব পড়ল আত্মনির্ভরতার স্বপ্নে। বুদবুদ, পানাগড় বাজারে ১৫টির মতো কুমোর পরিবার রয়েছে। তাদের একমাত্র জীবিকা মাটির জিনিস তৈরী। কেন্দ্রের আত্মনির্ভরতার স্বপ্নে তারও স্বপ্ন দেখেছিল। মাটির তৈরী চায়ের ভাড়, প্রদীপের কদর বৃদ্ধিতে কাজে ঝোঁক পড়েছিল কুমোরপাড়ার কারিগরদের। বুদবুদের মৃতশিল্পী প্রদীপ পন্ডিত। তিনি বলেন,' অন্যান্য বছর ৬০ থেকে ৭০ হাজার প্রদীপ বিক্রি করেছি। এবছর ৮০ হাজার বরাত পেয়েছি। জ্বালানি কয়লা ও গ্যাসের অস্বাভাবিক মুল্যবৃদ্ধি। খরচ বেড়েছে। তবুও দাম বাজার ধরে রাখতে দাম বাড়াতে ভয় হচ্ছে। দীপাবলির বরাত অধিকাংশ জোগান হয়ে গেছে।' তিনি বলেন, ' দিপাবলি পর ছট পুজো রয়েছে। চাহিদা যেভাবে বেড়েছিল তাতে আশার আলো দেখেছিলাম। দফায় দফায় নিম্নচাপের দরুন প্রদীপ তৈরীতে বাধা হয়েছে। কাচা মাটির প্রদীপ শুকোচ্ছে না। ফলে ওই

## শিলিগুড়িতে গরু বোঝাই লরি আটক, চালক গ্রেফতার

শিলিগুড়ি, ২৪ অক্টোবর (হি. স.) : পাচারের আগেই একটি লরি থেকে বিপুল সংখ্যক গবাদি পশু বাজেয়াপ্ত করেছে খড়িবাড়ি থানার পুলিশ। একই সঙ্গে গরু পাচারের অভিযোগে গ্রেফতার করা হয়েছে লরি চালককে। ধৃতের নাম মোহাম্মদ ইউনিস (৪৭)। তিনি বিহারের কাটিহারের বাসিন্দা। পুলিশ সূত্রে খবর, বৃহস্পতিবার ভোররাতে বাংলা-বিহার সীমান্তের খড়িবাড়ির বাঞ্চভিটা এলাকায় নাকা চেকিংয়ের সময় একটি সন্দেহজনক লরিকে থামানো হয়। লরিটিতে তল্লাশি চালালে ২৬টি গবাদি পশু পাওয়া যায়। এর পরে পুলিশ লরি চালককে গবাদি পশু সম্পর্কিত নথি দেখাতে বলে, যা চালক দেখাতে পারেনি। এরপর গরু পাচারের অভিযোগে চালককে আটক করে পুলিশ। খড়িবাড়ি থানার পুলিশ পরবর্তী ব্যবস্থা গ্রহণ শুরু করেছে।

## ভাটপাড়ায় বিজেপি নেতার গাড়িতে গুলি চালানোর ঘটনা: তদন্তে এনআইএ-এর দুই সদস্যের দল

ব্যারাকপুর, ২৪ অক্টোবর(হি.স.): ভাটপাড়ায় বিজেপি নেতা প্রিয়াঙ্গু পান্ডের গাড়িতে গুলি চালানোর ঘটনার তদন্তে নেমেছে জাতীয় তদন্ত সংস্থা (এনআইএ)। মূলত ২৮ আগস্ট বিজেপির বাংলা বনধ চলাকালীন এই হামলার ঘটনা ঘটে। সেই ঘটনার সূত্র ধরেই বৃহস্পতিবার ভাটপাড়ায় তদন্তকারী দল পৌঁছায়।

প্রথমে এনআইএ-এর দুই আধিকারিক ভাটপাড়া পৌরসভার এক্সিকিউটিভ অফিসারের সঙ্গে সাক্ষাৎ করেন এবং ঘটনার বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। এরপর তারা ভাটপাড়া থানায় গিয়ে তদন্তের অগ্রগতি নিয়ে থানার আধিকারিকদের সঙ্গে বৈঠক করেন।

বিজেপি নেতা প্রিয়াঙ্গু পান্ডের ওপর এই হামলার ঘটনাকে কেন্দ্র করে রাজনৈতিক উত্তেজনা বেড়েছিল, এবং ঘটনার সঠিক কারণ উদ্ঘাটন করতে এনআইএ-এর এই তদন্ত অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে মনে করা হচ্ছে।

## দুর্গতদের সাহায্যে আলাদা করে প্রস্তুত ভারতীয় নৌবাহিনী

কলকাতা, ২৪ অক্টোবর (হি.স.): দানার দাপট সামলে দুর্গতদের সাহায্যে আলাদা করে প্রস্তুত ভারতীয় নৌবাহিনী। বৃহস্পতিবার বাহিনীর আধিকারিকরা পরিস্থিতি পর্যবেক্ষণ করে প্রয়োজনীয় বৈঠকে বসেন। অন্ধ্র, ওড়িশা, বাংলার সঙ্গে সমন্বয় করে বিপর্যয় মোকাবিলায় তৈরি বিশেষ টিম, নেতৃত্বে নৌবাহিনী অফিসার-ইনচার্জরা। মজুত রাখা হচ্ছে খাদ্য, পানীয় জল, ওষুধ ও যাবতীয় প্রয়োজনীয় সামগ্রী।

## রাজ্যের আমলাদের দায়িত্ব ভাগ, স্মরণ করিয়ে দিলেন মুখ্যমন্ত্রী

কলকাতা, ২৪ অক্টোবর (হি.স.): দানা-র মোকাবিলায় কর্মকাণ্ডের তদারকির জন্য রাজ্যের আমলাদের দায়িত্ব ভাগ করে দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

বৃহস্পতিবার নবান্নে তিনি সাংবাদিকদের বলেন, তিনি নিজে থাকবেন, রাতভর নবান্নে থাকবেন স্বরাষ্ট্রসচিব নন্দিনী চক্রবর্তীও। এ ছাড়া, দুর্যোগ পরিস্থিতির উপর নজর রাখতে দায়িত্ব দেওয়া হয়েছে বিভিন্ন দফতরের সচিবদের। কোন জেলায় কাকে দায়িত্ব দেওয়া হচ্ছে, তা মুখ্যমন্ত্রী আগেই জানিয়েছেন। বৃহস্পতিবার তিনি তা স্মরণ করিয়ে দেন।

দক্ষিণ ২৪ পরগনার দায়িত্বে মণীশ জৈন, উত্তর ২৪ পরগনার দায়িত্বে রাজেশকুমার সিংহ, হাওড়ায় রাজেশ পাণ্ডে, পশ্চিম মেদিনীপুরের সুরিন্দর গুপ্ত, হুগলিতে ওমপ্রকাশ সিংহ মিনা, পূর্ব মেদিনীপুরে পারভেজ আহমেদ সিদ্দিকি, ঝাড়গ্রামে সৌমিত্র মোহন এবং বাঁকুড়ার দায়িত্বে অবনীন্দ্র শীল।

দুর্যোগের আশঙ্কায় ইতিমধ্যে রাজ্যের ৯ জেলায় সব স্কুল বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে প্রশাসন। উত্তর ২৪ পরগনা , দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব মেদিনীপুর, কলকাতা, হাওড়া, হুগলি, বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুর এবং ঝাড়গ্রামে ঘূর্ণিঝড়ের প্রভাব পড়তে পারে। তাই আগাম সতর্কতা হিসাবে ২৩ থেকে ২৬ অক্টোবর পর্যন্ত রাজ্যের এই ন'টি জেলার সব স্কুলে ছুটি থাকবে বলে আগেই ঘোষণা করেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

# নীতিন গড়করি ও অধীর রঞ্জন চৌধুরীর মধ্যে সড়কের উন্নয়নে দীর্ঘ আলোচনা

নয়াদিল্লি, ২৪ অক্টোবর (হি. স.) : পশ্চিমবঙ্গের সড়ক ব্যবস্থার সার্বিক অগ্রগতি ও সেইসঙ্গে মুর্শিদাবাদ জেলার সড়ক উন্নয়ন নিয়ে কেন্দ্রীয় সরকারের হস্তক্ষেপ দরকার। এই দাবিতে সরব কংগ্রেস। বৃহস্পতিবার এর পরিপ্রেক্ষিতে কেন্দ্রীয় মন্ত্রী নীতিন গড়করি ও অধীররঞ্জন চৌধুরী মুখোমুখি রাজধানীতে। দিল্লিতে এ নিয়েই দীর্ঘ পারস্পরিক আলোচনা হয়েছে। তাদের মধ্যেই বৈঠক ফলপ্রসূ হয়েছে বলে জানান বহরমপুরের প্রাক্তন কংগ্রেস সাংসদ অধীর। সর্বভারতীয় কংগ্রেস কর্মসমিতির সদস্য এবং বিগত লোকসভার দলনেতা ও প্রাক্তন সাংসদ শ্রী অধীর রঞ্জন চৌধুরী পশ্চিমবঙ্গের সড়ক পরিকাঠামো উন্নয়নের প্রয়োজনীয়তা নিয়ে এক চিঠি তাঁর হাতে তুলে দেন। সেইসঙ্গে ওই চিঠিতে নিজের জেলা মুর্শিদাবাদের সাম্প্রতিক পরিস্থিতির কথাও লিপিবদ্ধ করেছেন তিনি। অধীর রঞ্জন চৌধুরীর সঙ্গে কেন্দ্রীয় মন্ত্রীর সৌজন্য সাক্ষাৎকারের ফাঁকে আলাপচারিতায় গুরুত্বপূর্ণ একাধিক প্রকল্পগুলি নিয়ে বিশদে আলোচনা করেন। সড়কপথেই সংযোগে অগ্রগতি ও আঞ্চলিক উন্নয়নের জন্য দ্রুত পদক্ষেপ নেওয়ার আবেদন জানিয়েছেন তিনি।

# পুলিশের বিরুদ্ধে অসহযোগিতার অভিযোগ মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ দাবি করলেন মহিলা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ অক্টোবর:** নিউ ক্যাপিটেল কমপ্লেক্স থানার তদন্তকারী পুলিশের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ দাবি করলেন এক মহিলা। এনসিসি থানার অন্তর্গত পঞ্চবটি এলাকা থেকে অচেতন অবস্থায় উদ্ধার হয় এক ব্যক্তি। উনার স্ত্রী মুখ্যমন্ত্রীর নিকট পুলিশের বিরুদ্ধে অসহযোগিতার অভিযোগ করেন। ঘটনা গত ১৪ অক্টোবর, এনসিসি থানার অন্তর্গত পঞ্চবটি এলাকায় নরসিংগড় ৭০কলোনী এলাকার সুজিত কুমার শিব নামে এক ব্যাক্তিকে উদ্ধার করা হয় রক্তাক্ত অবস্থায়। এই ঘটনায় এনসিসি থানায় সুজিত কুমার শিবকে মারপিটের অভিযোগ করেন তার স্ত্রী। ঘটনার পরিপ্রেক্ষিতে এফআইআর করা হয় থানায়।

কিন্তু এখন পর্যন্ত পুলিশ এই ঘটনায় কোনো পদক্ষেপ গ্রহণ করেনি বলে অভিযোগ করেন আহতের স্ত্রী। মুখ্যমন্ত্রী প্রফেসার ডঃ মানিক সাহার নিকট আবেদন করে বলেন মুখ্যমন্ত্রী আপনি আমার বাবা,আমি আপনার কাছে সঠিক বিচার চাই। আমার স্বামীকে লিচু বাগান এলাকার কয়েকজন মিলে মারধর করে এবং এনসিসি থানার ঘটনার তদন্তকারী পুলিশ অফিসারও এই বিষয়ে কোনো সহযোগিতা করেনি বলে তিনি অভিযোগ করেন। ঘটনার সুষ্ঠ তদন্ত দাবি করেছেন আহতের স্ত্রী।

# দক্ষিণ চন্ডিপুর গ্রাম পঞ্চায়েতে দুর্নীতি ও অনিয়মের অভিযোগ গ্রামবাসীদের বিক্ষোভ

মালদা, ২৪ অক্টোবর(হি.স.): পঞ্চায়েত অফিসে কর্মীদের অনিয়মিত আসা এবং পঞ্চায়েত জুড়ে একাধিক দুর্নীতির অভিযোগকে কেন্দ্র করে বৃহস্পতিবার মালদার মানিকচক ব্লকের দক্ষিণচন্ডিপুর গ্রাম পঞ্চায়েতে উত্তেজনার সৃষ্টি হয়। স্থানীয় বাসিন্দারা ক্ষোভে ফেটে পড়ে এবং পঞ্চায়েত চত্বরে বিক্ষোভে সামিল হয়। তাদের অভিযোগ, পঞ্চায়েতের প্রধানসহ কর্মীরা প্রায়শই পঞ্চায়েতে অনুপস্থিত থাকেন, যার ফলে সাধারণ মানুষ কোনো কাজ করাতে এসে হতাশ হয়ে ফিরতে বাধ্য হচ্ছেন।

বিজেপি পরিচালিত দক্ষিণ চন্ডিপুর গ্রাম পঞ্চায়েতের প্রধান শক্তি মণ্ডল। এলাকাবাসীদের অভিযোগ, গত কয়েক মাস ধরে বন্যার কারণে গ্রামবাসীরা চরম দুর্ভোগ পোহাচ্ছে। যদিও জল নেমে গেছে, তবে মানুষ এখনও নানা সমস্যার সম্মুখীন। পঞ্চায়েত থেকে কোনো সহায়তা না পাওয়ায় এবং দুর্নীতির অভিযোগে গ্রামবাসীরা বিক্ষোভে ফেটে পড়ে। অভিযোগ উঠেছে, পঞ্চায়েতের কর্মকর্তারা বিভিন্ন ভুয়ো বিলের মাধ্যমে সরকারি অর্থ তছরুপ করেছেন এবং সাধারণ মানুষের কাজে দুর্নীতি চলছে।

এলাকার বাসিন্দারা অভিযোগ করেছেন, সামান্য কাজ করাতেও পঞ্চায়েত কর্মীদের ঘুষ দিতে হচ্ছে। এমনকি, ওয়ারিশ সার্টিফিকেট পেতে কল্পনা সাহা নামে এক কর্মী ৫০ টাকা করে নিচ্ছেন বলে অভিযোগ। তবে কল্পনা সাহা জানিয়েছেন, প্রধানের নির্দেশে তিনি এই টাকা নিচ্ছেন এবং প্রধানই এ বিষয়ে বিস্তারিত জানাতে পারবেন।এই ঘটনায় পঞ্চায়েত প্রধান শক্তি মণ্ডলের সাথে যোগাযোগ করার চেষ্টা করা হলেও তার সাথে যোগাযোগ করা সম্ভব হয়নি। জানা গেছে, প্রধান পারিবারিক কাজে ব্যস্ত রয়েছেন তার বাবার মৃত্যুর কারণে। তবে এলাকাবাসীরা ব্লক প্রশাসনের কাছে পুরো অভিযোগ জানানোর পরিকল্পনা করেছে এবং দ্রুত প্রশাসনের হস্তক্ষেপ দাবি করছে।

# চন্দ্রপুর বাজার ব্যবসায়ী সমিতির ত্রিবার্ষিক সম্মেলন ও নতুন কমিটি গঠিত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ অক্টোবর:** চন্দ্রপুর বাজার ব্যবসায়ী সমিতির ত্রিবার্ষিক সম্মেলন এর মধ্য দিয়ে চন্দ্রপুর বাজারের নতুন কমিটি গঠন করা হয়েছে। নতুন কমিটি পরবর্তী তিন বছর বা যার পরিচালনার দায়িত্ব পালন করবে।

চন্দ্রপুর বাজার ব্যবসায়ী সমিতির উদ্যোগে বৃহস্পতিবার ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয় রাজধানীর চন্দ্রপুর বাজারে। মোট ১৫ জনের কমিটির গঠন করা হয়। তিন বছরের জন্য সভাপতি হলেন প্রদীপ ভৌমিক, সাধারণ সম্পাদক সজল দাস, কোষাধক্ষ্য বিজয় দেবনাথ।

কিভাবে চন্দ্রপুর বাজারকে আরো আধুনিকীকরণ করা যায়, কি কি সমস্যা রয়েছে এ সকল বিষয় নিয়ে কাজ করবে বাজার কমিটি। তাছাড়া উপস্থিত ছিলেন এলাকায় কর্পোরেটর সীমা দেবনাথ, কর্পোরেটর সুকুমার সাহা। আগরতলা পুর নিগমের ২৫ নং ওয়ার্ডের কর্পোরেটর সীমা দেবনাথের নিকট বাজার কমিটির পক্ষ থেকে দাবি সনদ তুলে দেওয়া হয়।

# ডিস্ট্রিক্ট এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ আগরতলার ব্যবস্থাপনায় জবফেয়ার অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ অক্টোবর:** ভারত সরকারের ন্যাশনাল কেরিয়ার সার্ভিস প্রকল্পের আওতায় রাজ্যের মডেল কেরিয়ার সেন্টার ডিস্ট্রিক্ট এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ আগরতলার ব্যবস্থাপনায় জবফেয়ার অনুষ্ঠিত হয়। রাজ্যের বেকার যুবক যুবতীদের সরকারি চাকরির পাশাপাশি বেসরকারি কোম্পানিগুলিতে কর্মসংস্থানের জন্য ভারত সরকারের ন্যাশনাল কেরিয়ার সার্ভিস প্রকল্পের আওতায় রাজ্যের মডেল ক্যারিয়ার সেন্টার জব ফেয়ারের আয়োজন করে বৃহস্পতিবার।

মহারাষ্ট্রের ঔরঙ্গবাদের একটি কোম্পানি এখানে আসে। মোট ১৫০ জন বেকারের কর্মসংস্থানের উদ্দেশ্যেই এই জব ফেয়ারের আয়োজন করা হয়। জব ফেয়ারে ব্যাপক সাড়া পরিলক্ষিত হয়। বিগত দেশের অন্যান্য রাজ্যের এবং স্থানীয় বিভিন্ন কোম্পানি ও সংস্থা এ ধরনের জব পেয়ারে শামিল হয়। তাতে বহু বেকার যুবক যুবতীর কর্মসংস্থান হয়েছে। এই প্রক্রিয়া অব্যাহত থাকবে বলে জানানো হয়েছে।

# পশ্চিম জেলা ভিত্তিক মুখ্যমন্ত্রী সুস্থ্য শৈশব, সুস্থ কৈশোর অভিযান সপ্তম পর্যায়ের সূচনা করলেন মেয়র

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৪ অক্টোবর:** বৃহস্পতিবার অরুন্ধতীনগর কমিউনিটি সেন্টারে পশ্চিম জেলা ভিত্তিক মুখ্যমন্ত্রী সুস্থ্য শৈশব, সুস্থ কৈশোর অভিযান সপ্তম পর্যায়ের কাজের সূচনা করেন মেয়র দীপক মজুমদার। তাছাড়া উপস্থিত ছিলেন কর্পোরেটর অলক রায় সহ অন্যান্যরা।

মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব সুস্থ কৈশোর অভিযান সপ্তম পর্যায় নিয়ে বৃহস্পতিবার এক অনুষ্ঠানের আয়োজন করা হয় আগরতলা পুর নিগমের ৩৯ নং ওয়ার্ডে। উপস্থিত ছিলেন আগরতলার পুর নিগমের মেয়র দীপক মজুমদার, ৩৯ নং ওয়ার্ডের কর্পোরেটর অলক রায়, বিশিষ্ট সমাজ সেবক সঞ্জয় সাহা সহ অন্যান্যরা।

এদিন অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে এই প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের উপর বিশেষ গুরুত্ব আরোপ করেন মেয়র। মুখ্যমন্ত্রী সুস্থ্য শৈশব সুস্থ কৈশোর অভিযান সপ্তম পর্যায়ের কাজ শুরু হচ্ছে ২৪ শে অক্টোবর থেকে। চলবে ৬ই নভেম্বর পর্যন্ত। প্রথম পর্যায়ে কাজ চলবে অঙ্গনওয়াড়ি সেন্টার , স্কুল, ডিগ্রী কলেজ, টেকনিক্যাল কলেজে এবং আইটিআই গুলোতে। এর সময়সীমা হল ২৪ শে অক্টোবর থেকে ৩০ শে অক্টোবর পর্যন্ত। এরপর মপাপ রাউন্ড হবে ৩১ শে অক্টোবর থেকে ৬ই নভেম্বর পর্যন্ত।

এ পর্যায়ে আশা এবং অঙ্গনওয়াড়ি দিদিমনিরা বাড়ি বাড়ি গিয়ে বেনিফিট গুলো ঘরের দরজায় পৌঁছে দেবেন। কর্মসূচি চলবে ইটভাট্টা, চা বাগান, কোচিং সেন্টার এবং আরবান বস্তি এলাকাগুলোতে। এছাড়া এই সময়ে আমাদের প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রগুলো এবং সাব সেন্টারগুলো কিশোরী বিবাহ যাতে না হয় এবং বিবাহিত কিশোরীরা যাতে গর্ভবর্তী না হয় তার উপরে প্রচার এবং প্রসার করা হবে। সেইসঙ্গে মায়েরা যাতে শিশুদেরকে ৬ মাস পর্যন্ত কেকলমাত্র মাতৃ সুদ্ধ পান করান তার উপরেও সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কর্মসূচি নেওয়া হবে। এই কর্মসূচিতে মূলত ক্রিমিনাশক ঔষধ খাওয়ানো হবে ১ বছর থেকে ১৯ বছরের সমস্ত শিশু কিশোর কিশোরীদের।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেনবো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।